ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ

"এই গ্রন্থে (কোনই) সন্দেহ নাই"

মূল আরবী ও উহার বাংলা উচ্চারণ ও তফছীরসহ

বঙ্গানুবাদ

কোরআন শরীফ

২৭শ পারা—ক্বালা- ফামা খাৎবোকুম.

মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

কর্ত্তৃক

অনুবাদিত, সঙ্কলিত ও প্রকাশিত

৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

আত্ম-কথা

এছলামের মূলগ্রন্থ কোরআন শরীফের তেলাওৎ ও উহার মর্ম্ম অবগত হওয়া প্রত্যেক মুছলমান নর-নারীর প্রতি এজন্য ফরজ যে, উহার শিক্ষাগ্রহণ ব্যতিরেকে মানব কখনই মানব-পদবাচ্য এবং খোদার করুণালাভের অধিকারী হইতে পারে না।

বঙ্গীয় মুছলমান জনসাধারণের মধ্যে কোরআনের শিক্ষাপ্রচারের আবশ্যকতা যে কতখানি জাতি ও ধর্ম্মের নামে বিগলিতপ্রাণ সুধী সজ্জন ছাড়া তাহা বুঝতে চেষ্টা করেন আর কয়জন? দীনাতিদীন আমরা, অতি ক্ষুদ্র শক্তি লইয়া এহেন অসাধ্য-সাধনে অগ্রসর হইয়াছি—একমাত্র আল্লার করুণার প্রতি নির্ভরশীল হইয়া।

ইত্যাগ্রে কোরআনের দু-একখানি পূর্ণ-অপূর্ণ বঙ্গানুবাদ প্রকাশিত হইলেও দরিদ্র দেশ-বাসীর পক্ষে উহার ক্রয় বাস্তবিকই সহজসাধ্য নহে। তাহা ছাড়া বাংলায় আরবী কোরআনের "উচ্চারণ-বৈশিষ্ট্যের পরিচয়" আমাদের অনুবাদিত কোরআন ভিন্ন আর কোনটীতেই নাই;—ইহা আবহমানকালের যে একটী গুরু অভাবের পূরণ, একথা কে অস্বীকার করিবে?

হিন্দুস্থানের গণ্যমান্য মোহাদ্দেছ ও মোফাচ্ছেরগণের, বিশেষতঃ ভারতের সর্ব্বশ্রেষ্ঠ আলেম ও কামেল হজরত মওলানা হাজী হাফেজ ও কারী শাহ্ মোহাম্মদ আশরফ আলী থানবী এবং সামছোল ওলামা হাফেজ ডেপুটী নজীর আহ্‌মদ ছাহেবের উর্দ্দু তরজমার ভাব, মর্ম্ম ও ধারার এবং কুত্রাপি হজরত মওলানা শাহ রফীউদ্দিন ছাহেবের তরজমার সাহায্য গ্রহণ করা হইয়াছে।

মানুষের ভ্রম, ত্রুটী ও বিচ্যুতি অস্বাভাবিক নহে। অতএব কোন সূক্ষ্মদর্শী হৃদয়বান বিবেচক ভ্রাতার চক্ষে উচ্চারণ, অর্থ বা টীকায় কোনও কিছু ভুল, ত্রুটী বা বিচ্যুতি পরিদৃষ্ট হওয়ার সঙ্গে সঙ্গে অনুগ্রহপূর্ব্বক তাহা আমাদিগকে জানাইলে বিশেষ বাধিত ও সংশোধনের পক্ষে সচেষ্ট হইব। আমরা উচ্চারণ সম্বন্ধে সুহৃদবর্গের মূল্যবান অভিমতের দ্বারা উপকৃত হওয়ার একান্তই অভিলাষী।

মাদপুর,
পোঃ, সরিষা, ২৪-পরগণা

বিনীত—

মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

PRINTED BY. ERSONS ART PRESS.
6 TANTI BAGAN LANE, CALCUTTA.

قَالَ فَمَا خَطْبُكُمْ اَيُّهَا الْمُرْسَلُوْنَ ○ قَالُوْا اِنَّا اُرْسِلْنَا

ক্বা-লা ফামা খাৎবোকুম্ আইয়্যোহাল্ মোর্‌ছালূন্? ক্বা-লু— ইন্না— উর্‌ছেল্‌না—

৩১। তিনি বলিলেন—হে প্রেরিতগণ, তোমাদের অভিপ্রায় কি? ৩২। তাহারা বলিয়াছিল—আমরা এক স্বভাব-দুর্ব্বৃত্ত

اِلٰى قَوْمٍ مُّجْرِمِيْنَ ۙ لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِّنْ طِيْنٍ ۙ

এলা- ক্বাওমিম্ মোজ্‌রেমীনা, লেনোর্‌ছেলা আলায়্‌হিম্ হেজ্জারাতাম্ মেন্ ত্বীনেম্

সম্প্রদায়ের প্রতি (বিরুদ্ধে) প্রেরিত হইয়াছি; ৩৩। যেন আমরা তাহাদের উপর মৃত্তিকাজাত কঙ্কর সমূহ বর্ষণ করি;

مُّسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِيْنَ ○ فَاَخْرَجْنَا مَنْ كَانَ

মোছাওওমাতান্ ইন্দা রাব্বেকা লিল্ মোস্‌রেফিন্। ফাআখ্‌রাজ্‌না- মান্ কা-না

৩৪। —যাহা আপনার প্রতিপালকের পক্ষ হইতে সীমাতিক্রমকারীদের জন্য নিরূপিত হইয়াছে। ৩৫। সুতরাং আমরা উহা হইতে

فِيْهَا مِنَ الْمُؤْمِنِيْنَ ۚ فَمَا وَجَدْنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ مِّنَ

ফীহা- মিনাল্ মো'মেনীন্। ফামা- অজাদ্‌না- ফীহা- গ্বায়্‌রা বায়্‌তেম্ মিনাল্

ধর্ম্মবিশ্বাসীদিগকে বাহির করিয়া দিলাম; ৩৬। কিন্তু আমরা উহাতে অনুগতদের একটী গৃহ ব্যতীত

الْمُسْلِمِيْنَ ۚ وَتَرَكْنَا فِيْهَا اٰيَةً لِّلَّذِيْنَ يَخَافُوْنَ الْعَذَابَ

মোস্‌লেমীন্। অতারাক্‌না- ফীহা- আ-য়্যাতাল্ লিল্লাজিনা ইয়্যাখাফুনাল্ আজাবাল্

পাইলাম না। ৩৭। এবং আমরা তন্মধ্যে—যাহারা যন্ত্রণাদায়ক শাস্তির ভয়ে ভীত তাহাদের জন্য কোন কোন নিদর্শন

الْاَلِيْمَ ۙ وَفِيْ مُوْسٰٓى اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ○

আলীম্। অফী মুছা— এজ্ আর্‌ছাল্‌না-হু এলা- ফের্‌আওনা বেছোল্‌ত্বা-নেম্ মোবীন্।

রাখিয়া দিলাম। ৩৮। এবং মুছার ব্যাপারে (শিক্ষণীয় নিদর্শন আছে)—সে সময় আমি তাঁহাকে প্রকাশ্য প্রমাণসহ ফেরাউনের দিকে প্রেরণ করিয়াছিলাম।

---

(৩১) অত্র সুরার ২৪শ আয়ত হইতে ৩০শ আয়ত পর্য্যন্ত এই কয়েকটী আয়তে হজরত ইবরাহিম (আঃ) এর নিকট অতিথিরূপে কতিপয় ফেরেশতার আগমন তাঁহার সন্তান লাভের সুসংবাদ প্রদান এবং ইহাতে তাঁহার সহধর্ম্মিনীর বিস্ময়বোধ ইত্যাদি বিষয় বর্ণিত হইয়াছে। অতঃপর আলোচ্য আয়ত হইতে পরবর্ত্তী কয়েকটী আয়তে ফেরেশতাগণের আগমনের প্রধান উদ্দেশ্য কি—তাহা জিজ্ঞাসা করিলে তাঁহারা হজরত ইবরাহীম (আঃ)কে বলিলেন যে, আমরা হজরত লুৎ (আঃ)এর দুষ্কৃতিকারী সম্প্রদায়কে বিনষ্ট করিতে এবং এই লোকালয়ের ধর্ম্মবিশ্বাসীদিগকে এখান হইতে অপসারিত করিবার জন্য প্রেরিত হইয়াছি।

فَتَوَلّٰى بِرُكْنِهٖ وَقَالَ سٰحِرٌ اَوْ مَجْنُوْنٌ ۝ فَاَخَذْنٰهُ

ফাতাঅল্লা- বেরোক্‌নেহী- অক্বা-লা ছা-হেরোন্ আও্ মাজ্নুন্। ফাআখাজ্‌না-হু

৩৯। কিন্তু সে স্বীয় শক্তি-গর্ব্বে মুখ কি ফিরাইল এবং বলিল—এ ত যাদুকর অথবা উন্মাদ ৪০। অতঃপর আমি তাহাকে ও

وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِى الْيَمِّ وَهُوَ مُلِيْمٌ ۝ وَفِىْ عَادٍ اِذْ

অজোনূদাহু ফানাবাজ্‌না-হুম্ ফিল্ ইয়্যাম্মে অহুঅ মোলীম্। অফী- আ-দেন্ এজ্

তাহার সৈন্যদলকে 'পাকড়াও' করিলাম, তারপর তাহাদিগকে সমুদ্র-মধ্যে নিক্ষেপ করিলাম এবং সে লাঞ্ছনা ভোগ করিয়াছিল। ৪১। এবং তা'দের ব্যাপারেও—যখন

اَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيْحَ الْعَقِيْمَ ۝ مَا تَذَرُ مِنْ شَيْءٍ اَتَتْ

আর্‌ছাল্‌না- আলাইহেমুর্‌রিহাল্ আক্বীম্। মা- তাজারো মিন্ শাইয়্যেন্ আতাত্

আমি তাহাদের প্রতিকূলে ধ্বংসএর ঝঞ্ঝাবায়ু প্রেরণ করিয়াছিলাম; ৪২। কিন্তু উহা যাহা করিতে আপতিত হইয়াছিল;

عَلَيْهِ اِلَّا جَعَلَتْهُ كَالرَّمِيْمِ ۝ وَفِىْ ثَمُوْدَ اِذْ قِيْلَ لَهُمْ تَمَتَّعُوْا

আলাইহে ইল্লা- জাআলাৎহু কার্‌রামাম্। অফী সামূদা এজ্ ক্বীলা লাহুম্ তামাত্তায়ূ

তাহাকে চূর্ণ বিচূর্ণ না করিয়া ছাড়ে নাই। ৪৩। এবং সামূদের ব্যাপারেও-তৎকালীন তাহাদিগকে বলা হইয়াছিল যে, তোমরা এক নিরূপিত সময় পর্য্যন্তই

حَتّٰى حِيْنٍ ۝ فَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ فَاَخَذَتْهُمُ الصّٰعِقَةُ

হাত্তা হীন্। ফাআত্তাও্ আন্ আম্‌রে রাব্বেহিম্ ফাআখাজাৎহুমোছ্ ছা-য়েক্বাতো

উপভোগ করিয়া লও। ৪৪। কিন্তু তাহারা স্বীয় প্রতিপালকের আদেশের প্রতিকুল আচরণ করিয়াছিল কাজেই বজ্র তাহাদিগকে পাকড়াও করিয়াছিল

وَهُمْ يَنْظُرُوْنَ ۝ فَمَا اسْتَطَاعُوْا مِنْ قِيَامٍ وَّمَا كَانُوْا مُنْتَصِرِيْنَ ۝

অহুম্ ইয়্যান্‌জোরূন্। ফামাছ্‌তাত্বায়ূ মিন্ ক্বেয়ামেঙ্ অমা- কা-নূ মোন্‌তাছেরীনা।

এবং তাহারা (ইহা) দেখিতেছিল। ৪৫। কিন্তু তাহারা (ভাল ভাবে) দাঁড়াইতে পারে নাই বা (ইহার) প্রতিশোধ লইতে পারে নাই।

وَقَوْمَ نُوْحٍ مِّنْ قَبْلُ ط اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ۝ وَالسَّمَآءَ

অকাওমা নূহেম্ মিন্ ক্বাব্‌ল্। ইন্না হুম্ কা-নূ ক্বাওমান্ ফা-ছেকীন। ৫ অছ্‌ছামা—আ

৪৬। এবং ইহার পূর্ব্বে নূহের সম্প্রদায় (বিনষ্ট হইয়াছিল); নিশ্চয় তাহারা দুষ্কৃতিকারী সম্প্রদায় ছিল, ৪৭। এবং গগণমণ্ডল—

৫ ১/২ রুকু

(৪০-৪৬) আলোচ্য আয়ত সমূহে সত্য-ধর্ম্ম বিমুখ ও জগতে অশান্তি সৃষ্টিকারী দুর্বৃত্তদের অন্যতম নায়ক ফেরাউনের সত্যবিমুখতা এবং উহার শোচনীয় পরিণতি, অপ্রতিরোধ্য প্রবল ঝঞ্ঝা বায়ুকে ও দুষ্কৃতিপরায়ণ আদ সম্প্রদায়ের ধ্বংসলীলা ও সামুদ সম্প্রদায়ের কৃতকার্য্যের আংশিক প্রতিফল স্বরূপ বজ্রপাতের দ্বারা তাহাদের জাগতিক দুর্ভোগ ও লাঞ্ছনার সংক্ষিপ্ত আলোচনা করা হইয়াছে।

بَنَيْنٰهَا بِاَيْدٍ وَّاِنَّا لَمُوْسِعُوْنَ ۝ وَالْاَرْضَ فَرَشْنٰهَا فَنِعْمَ

বানায়্না হা- বেআইদেও্, অইন্না- লামোছেয়ূন্। অল্ আর্দ্বা ফারাশ্না-হা ফানে'মাল্

আমি উহাকে শক্তি-বলে সৃষ্টি করিয়াছি, নিশ্চয় আমি শক্তি-সম্প্রসারণকারী ৪৮। এবং পৃথিবী—
আমি উহাকে শয্যারূপে রচিত করিয়াছি, সুতরাং

الْمٰهِدُوْنَ ۝ وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ۝

মা-হেদূন্। অমিন্ কুল্লে শাইয়্যেন্ খালাক্না- যাও্জায়্নে লাআল্লাকুম্ তাজাক্কারূন্।

আমি কেমন উত্তম শয্যা রচনাকারী ৪৯। এবং আমি প্রত্যেক বস্তুকে যুগ্মরূপে সৃষ্টি করিয়াছি—
যাহাতে তোমরা অনুধাবন কর।

فَفِرُّوْٓا اِلَى اللّٰهِ ؕ اِنِّيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِيْنٌ ۚ وَلَا تَجْعَلُوْا

ফাফেররূ— এলা-ল্লা-হ্; ইন্নী- লাকুম্ মিন্হো নাজীরোম্ মোবীন্। অলা- তাজ্আলূ

৫০। অতএব তোমরা আল্লা'র দিকে দ্রুত গমন কর, নিশ্চয় আমি তাঁহার পক্ষ হইতে তোমাদের জন্য
ভিতি-প্রদর্শক ৫১। এবং তোমরা

مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ؕ اِنِّيْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِيْنٌ ۚ كَذٰلِكَ

মাআল্লাহে এলা-হান্ আ-খারা; ইন্নী- লাকুম্ মিন্হো নাজীরোম্ মোবীন্। কাজা-লেকা

আল্লা'র সহিত অন্য উপাস্য স্থির করিও না; নিশ্চয় আমি তাঁহার পক্ষ হইতে তোমাদের জন্য ভীতি
প্রদর্শক ৫২। এইরূপে

مَآ اَتَى الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا قَالُوْا سَاحِرٌ اَوْ

মা— আতাল্লাজীনা মিন্ ক্বাব্লেহিম্ মিরাছূলেন্ ইল্লা- ক্বা-লূ ছা-হেরোন্ আও্

তাহাদের পূর্ব্বে যে কোন রছুল আসিত, তাহারা তাঁহাদিগকে যাতুকর অথবা উন্মাদ

مَجْنُوْنٌ ۝ اَتَوَاصَوْا بِهٖ ۚ بَلْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ۚ فَتَوَلَّ عَنْهُمْ فَمَآ

মাজ্নুন্। আতাঅছাও বিহ্; বাল্ হুম্ ক্বাও্মোন্ ত্বাগূন্। ফাতাঅল্লা আন্হুম্ ফামা—

ব্যতীত বলিত না। ৫৩। তাহারা কি পরস্পর এইরূপই 'অছিয়ত' করিয়া গিয়াছে? বরং তাহারা
বিরুদ্ধাচারী সম্প্রদায় ছিল। ৫৪। অতএব তুমি উহাদিগের হইতে বিমুখ হও, তোমার

---

(৫৪) বিশ্বমানবের পথ-প্রদর্শক হজরত রছুলুল্লাহ্ (সঃ) তাঁহার পূর্ব্ববর্ত্তী নবীগণের ন্যায় তিনিও ধর্ম্মপ্রচার কার্য্যে ধর্ম্মঅমান্যকারীগণ কর্ত্তৃক পদে পদে বাধা পাইতেন। ইহাতে কোন কোন সময় তিনি ব্যথা অনুভব করিতেন এবং বিচলিত হইয়া পড়িতেন; তথাপি তিনি সত্য-বিমুখ সম্প্রদায়কে সজাগ ও সতর্ক করিতে প্রাণ-পণ করিতেন। কিন্তু স্বভাব-দুর্ব্বৃত্ত যাহারা—তাহারা হজরতের কথায় কর্ণপাত করিত না। তাহাদের ধর্ম্মবিমুখতার জন্য আল্লাহ্ তা'য়ালা অত্র আয়তে স্বীয় রছুলকে বলিতেছেন যে, আপনিও তাহাদের সম্পর্ক পরিহার করুন, আপনার উপর আরোপিত কার্য্য আপনি যখন সম্পন্ন করিয়াছেন, তখন তাহাদের ধর্ম্মবিমুখতার জন্য আপনি কোন অংশে দায়ী নহেন। অবশ্য আপনি

أَنْتَ بِمَلُوْمٍ ۝ وَذَكِّرْ فَإِنَّ الذِّكْرٰى تَنْفَعُ الْمُؤْمِنِيْنَ ۝ وَمَا خَلَقْتُ

আন্তা বেমালুমেঙ্ আজাক্কের্ ফাইন্নাজ্ জেক্‌রা তান্‌ফায়োল্ মু'মেনীন্। অমা- খালাক্‌তুল্

উপর কোনই দোষারোপ হইবে না ৫৫। এবং তুমি সদুপদেশ দান করিতে থাক, কেননা সদুপদেশ ধর্ম্মবিশ্বাসিগণকে সুফল প্রদান করে ৫৬। এবং আমি জেন ও মানবকে

الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُوْنِ ۝ مَا أُرِيْدُ مِنْهُمْ مِّنْ رِّزْقٍ وَّمَا

জিন্না অল্ ইন্‌ছা ইল্লা লেইয়্যাবোদুন্। মা— ওরীদো মিন্‌হুম্ মিরের্‌য্‌কেঙ্ অমা—

ইহা ব্যতীত সৃষ্টি করি নাই যে, তাহারা আমার উপাসনা করিবে। ৫৭। আমি তাহাদিগের নিকট কোন প্রকার উপজীবিকার

أُرِيْدُ أَنْ يُّطْعِمُوْنِ ۝ إِنَّ اللّٰهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنُ ۝ فَإِنَّ

ওরীদো আঁই ইয়্যোৎয়েমূন্। ইন্না-ল্লা-হা হুঅর্‌র্‌য্‌যাকো জুল্ কূঅতেল্ মাতীন্। ফাইন্না

কামনা করি না এবং আমি ইহাও চাহি না যে, তাহারা আমাকে আহার্য্য দান করিবে ৫৮। নিশ্চয় আল্লা'ই একমাত্র জীবিকাদাতা, অটল শক্তি-সামর্থের অধিকারী ৫৯। অতএব নিশ্চয় অন্যায়কারীদের জন্য

لِلَّذِيْنَ ظَلَمُوْا ذَنُوْبًا مِّثْلَ ذَنُوْبِ أَصْحٰبِهِمْ فَلَا يَسْتَعْجِلُوْنِ ۝

লিল্লাজীনা জালামূ জানুবাম্ মেস্‌লা জানুবে আছ্‌হা-বেহিম্ ফালা- ইয়্যাছ্‌তা'জ্বেলুন্।

তাহাদের সহচরগণের ন্যায় অংশ রহিয়াছে; কাজেই তাহারা (শাস্তির জন্য) ত্বরান্বিত হইয়া না উঠে।

فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ يَّوْمِهِمُ الَّذِيْ يُوْعَدُوْنَ ۝

ফাওয়্‌লুল্ লিল্লাজীনা কাফারূ মেঁই ইয়্যাও্‌মে হেমোল্লাজী ইও্‌আদূন্। ৫

৬০। অতএব সেই অঙ্গিকৃত দিবসের অমান্যকারীদের জন্য আক্ষেপ!

৫ | ২ | ৩ রুকু

ধর্ম্মভীরুদিগেকে সদুপদেশ প্রদান করিতে থাকুন, কেননা ধর্ম্মপরায়ণ যাহারা— সদুপদেশ তাহাদের কর্ম্মজীবনে প্রতিফলিত হইবে—অর্থাৎ আমি যে জেন ও মানব সম্প্রদায়কে আমার আনুগত্য স্বীকার করিয়া আমার আদেশানুযায়ী তাহাদের কর্ম্মজীবনকে গড়িয়া তুলিবার উদ্দেশ্যেই সৃষ্টি করিয়াছি— তাহা তাহারা হৃদয়ঙ্গম করিতে পারিবে।

(৫৭) সৃষ্টির শ্রেষ্ঠ মানবকে আল্লাহ্ তায়ালা যে অসংখ্য 'নেয়ামত' দিয়াছেন, তিনি সেগুলির পূর্ণাঙ্গ 'শোকর'—যথাযথ সদ্ব্যবহার চাহেন, তদ্বিনিময়ে স্বীয় প্রয়োজন সাধনের জন্য খাদ্য-আহার ইত্যাকার কোন কিছুর প্রত্যাশী তিনি নহেন। কারণ তিনি নির্ব্বিকার—সৃষ্টির নিকট তাঁহার কোন কিছুর প্রয়োজন হয় না; বরং সমগ্র সৃষ্টিই তাঁহার ক্ষয়হীন ধন-ভাণ্ডারের অন্তহীন দানের প্রত্যাশায় সতত সাহায্য ও কৃপাভিখারী—আলোচ্য আয়তে ইহাই সুস্পষ্টভাবে বর্ণিত হইয়াছে।

৫২শ ছুরা—তূর মক্কায় অবতীর্ণ হয়।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিছমিল্লা-হির্রাহমা-নির্রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ২ রুকু ও ৪৯ আয়ত।

وَالطُّوْرِ ۙ وَكِتٰبٍ مَّسْطُوْرٍ ۙ فِيْ رَقٍّ مَّنْشُوْرٍ ۙ وَّالْبَيْتِ الْمَعْمُوْرِ ۙ

অত্‌তুরে' অকেতাবেম্ মাছ্‌তুরেন্‌, ফী- রাক্কেম্ মান্‌শুরেঙ্, অল্ বায়্‌তেল্ মা'মূরে,

১। শপথ পর্ব্বতের; ২। এবং শপথ এই লিখিত কেতাবের; ৩। যাহা উন্মুক্ত পৃষ্ঠাসমন্বিত; ৪। এবং শপথ ঐ আরাধনা-মুখরিত গৃহের;

وَالسَّقْفِ الْمَرْفُوْعِ ۙ وَالْبَحْرِ الْمَسْجُوْرِ ۙ اِنَّ عَذَابَ رَبِّكَ لَوَاقِعٌ ۙ

অছ্‌ছাক্‌ফেল্ মার্‌ফুয়ে অল্ বাহ্‌রেল্ মাছজূরে, ইন্না- আজাবা রাব্বেকা লা অ-ক্কেয়োম্,

৫। এবং শপথ ঐ সমুন্নত ছাদের; ৬। ও শপথ ঐ উচ্ছলিত সমুদ্রের,— ৭। নিশ্চয় তোমার প্রতিপালকের শাস্তি সংঘটিত হইবেই।

مَّا لَهٗ مِنْ دَافِعٍ ۙ يَّوْمَ تَمُوْرُ السَّمَآءُ مَوْرًا ۙ وَّتَسِيْرُ

মা- লাহু মেন্ দাফেয়েই, ইয়্যাওমা- তামুরোছ্ ছামা—য়ো মাও্‌রাঙ, অতাছীরোল্

৮। কেহই উহা টলাইতে পারিবে না। ৯। যে দিবস গগনমণ্ডল ঘুরিতে থাকিবে; ১০। এবং

الْجِبَالُ سَيْرًا ۙ فَوَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۙ الَّذِيْنَ

জেবা-লো ছায়্‌রা; ফাওয়্‌লুঁই ইয়্যাওমায়েজেল্ লিল্ মোকাজ্‌জেবীনাল্, লাজিনা

পর্ব্বত সমূহ উড়িতে থাকিবে; ১১। বস্তুতঃ সে দিবস মিথ্যারোপকারীদের জন্য আক্ষেপ! ১২। যাহারা

هُمْ فِيْ خَوْضٍ يَّلْعَبُوْنَ ۘ يَوْمَ يُدَعُّوْنَ اِلٰى نَارِ جَهَنَّمَ

হুম্ ফী- খাওদ্বেই ইয়্যাল্‌আবূন্॥ ইয়্যাওমা ইয়োদা'য়ুনা এলা- না-রে জাহান্নামা

অর্থহীন কুটতর্কের খেলা খেলে ১৩। সে দিবস তাহাদিগকে দোযখের অগ্নির দিকে বিতাড়িত করা

(১) পবিত্র কোরআন্-অভিজ্ঞ সকলের মতে সমর্থিত হইয়াছে যে, অত্র ছুরা মক্কা শরীফে অবতীর্ণ হইয়াছিল। বোখারী-মোস্‌লেম প্রভৃতি সহী হাদীসে বর্ণিত হইয়াছে যে, হজরত রছুলে করীম (দঃ) মগরিবের নামাজে এই ছুরা পাঠ করিতেন।

ধর্ম্মীয় মূল ভিত্তির অন্যতম অঙ্গ অর্থাৎ কেয়ামত ও পরকালের মহা বিচার যে অবশ্য সংঘটিত হইবে—আল্লাহ্ তায়ালা তাঁহার কতিপয় সৃষ্টির শপথ করিয়া ছুরার প্রারম্ভের কতিপয় আয়তে উহার নিশ্চয়তা বর্ণনা করিয়াছেন।

আল্লাহ্ তায়ালা প্রথমে 'তুরের' শপথ করিয়াছেন। কাহারও মতে হজরত মূসা (আঃ) যে পর্ব্বতে আল্লাহ্ তায়ালার সহিত নবী-জনোচিত আলাপ করিয়াছিলেন, সেই 'কুহেতুর' বা তুর পর্ব্বত। এবনে কসীর বলিয়াছেন যে, যে পর্ব্বতোপরি বৃক্ষাদি জন্মায় না উহাকে "তুর" বলা হয়। দ্বিতীয়বার তিনি

دَعًّا ۞ هٰذِهِ النَّارُ الَّتِىْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ۞ اَفَسِحْرٌ

দা'আ; হা-জেহীন্ নারোল্লাতী- কোন্তুম্ বেহা- তোকাজ্জেবুন্। আফাছেহ্রোন্

হইবে। ১৪। ইহাই সেই দোযখানল— যাহার বিষয়ে তোমরা মিথ্যারোপ করিতে। ১৫। তবে কি ইহা

هٰذَآ اَمْ اَنْتُمْ لَا تُبْصِرُوْنَ ۞ اِصْلَوْهَا فَاصْبِرُوْٓا اَوْ

হাজা— আম্ আন্তুম্ লা- তোব্ছেরূন্? এছলাওহা— ফাছ্বেরূ—আও্

যাদু অথবা তোমরা দেখিতে পাইতেছ না? ১৬। ইহার মধ্যে প্রবেশ কর, অতঃপর তোমরা সত্য করিতে পার, অথবা

لَا تَصْبِرُوْا ۚ سَوَآءٌ عَلَيْكُمْ ؕ اِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۞

লা-তাছবেরূ ছা-অ—য়োন্ আলাইকুম্· ইন্নামা- তোজ্যাওনা- মা- কোন্তুম্ তা'মা-লুন্।

না-পার, তোমাদের পক্ষে সমতুল্য; তোমরা যাহা করিয়াছিলে, কেবল মাত্র তাহারই প্রতিফল দেওয়া হইবে।

اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ جَنّٰتٍ وَّنَعِيْمٍ ۙ فٰكِهِيْنَ بِمَآ اٰتٰهُمْ رَبُّهُمْ ۚ

ইন্নাল্ মোত্তাকীন্ ফী- জান্নাতেও্ অ নায়ীমেন্, ফাকেহীনা বেমা- আতা-হুম্ রাব্বোহুম্

১৭। নিশ্চয় ধর্ম্মভীরুগণ বেহেশ্ত উদ্যানে ও দান সম্ভারে—যাহা তাহাদের প্রতিপালক দান করিয়াছেন তাহাতে

وَوَقٰىهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيْمِ ۞ كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـًٔا بِمَا كُنْتُمْ

অ অকা-হুম্ রাব্বোহুম্ আজাবাল্ জাহীম্। কোলূ আশ্রাবূ হানী—আম্ বেমা—কোন্তুম্

তাহারা আনন্দ উপভোগ করিবে এবং তাহাদিগকে তাহাদের প্রতিপালক দোযখের শাস্তি হইতে রক্ষা করিবেন। ১৮। তোমরা যাহা করিয়াছিলে তদ্বিনিময়ে তোমরা আনন্দের সহিত

تَعْمَلُوْنَ ۙ مُتَّكِـِٕيْنَ عَلٰى سُرُرٍ مَّصْفُوْفَةٍ ۚ وَزَوَّجْنٰهُمْ

তা'মালুন্, মোত্তাকেয়ীনা- আলা- ছোরোরেম্ মাছ্ফুফাতেন্; অযাও অজ্না-হুম্

পান ভোজন কর। ২০। তাহারা সারিবদ্ধ স্থাপিত উচ্চাসন সমূহের উপর এলায়িত ভাবে উপবেশন করিবে; এবং আমি আয়তলোচনা সুন্দরীদের

লিখিত কেতাবের শপথ করিয়াছেন। নির্ভরযোগ্য মতে ইহার মর্ম্মার্থ—যাবতীয় ঐশী গ্রন্থ। 'বায়তুল মা'মুর'—যে গৃহ আল্লাহ্ তায়ালার আরাধনা-উপাসনায় মুখরিত থাকে—উহা অধঃজগতে হউক বা উর্দ্ধজগতে। 'সমুন্নত ছাদ'—আকাশ।

بِحُورٍ عِينٍ ۝ وَالَّذِينَ آمَنُوا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُم بِإِيمَانٍ

বেহূরেন্ য়ীন্। অল্লা-জীনা আ-মানূ অত্তাবাআৎহুম্ জোর্রীয়্যাতোহুম্ বেঈমানেন্

সহিত তাহাদের পরিণয়াবদ্ধ করিয়া দিব ২১। এবং যাহারা ধর্ম্মবিশ্বাস স্থাপন করিয়াছে এবং তাহাদের বংশধরগণ ধর্ম্মবিশ্বাস ব্যাপারে উহাদের

أَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَا أَلَتْنَاهُم مِّنْ عَمَلِهِم مِّن شَيْءٍ

আল্‌হাক্‌না- বেহিম্ জোর্রিয়্যাতাহুম্ অমা আলাৎনা-হুম্ মেন্ আমালেহিম্ মেন্ শাইয়ে

অনুগামী হয়, আমি তাহাদের বংশধরগণকে তাহাদের সহিত সম্মিলিত করিব; এবং আমি তাহাদের কৃতকর্ম্ম সমুহের কিছুমাত্র হ্রাস করিব না;

كُلُّ امْرِئٍ بِمَا كَسَبَ رَهِينٌ ۝ وَأَمْدَدْنَاهُم بِفَاكِهَةٍ

কুল্লোম্‌বিয়েম্ বেমা- কাছাবা- রাহীন্। অ-আম্‌দাদ্‌না-হুম্ বেফাকেহাতেও

প্রত্যেক ব্যক্তি স্বীয় কৃতকর্ম্মের দায়ীত্বে আবদ্ধ ২২। এবং আমি তাহাদের আকাঙ্খানুযায়ী

وَلَحْمٍ مِّمَّا يَشْتَهُونَ ۝ يَتَنَازَعُونَ فِيهَا كَأْسًا لَّا لَغْوٌ

অলাহ্‌মেম্ মেম্মা ইয়্যাশ্‌তাহুন্। ইয়্যাতানা-যায়ুনা- ফীহা- কা-ছাল্ লা- লাগ্‌বোন্

প্রচুর ফলরাজি ও গোশ্‌ত প্রদান করিব। ২৩। তথায় তাহারা পানপাত্র লইয়া পরস্পরে আদান প্রদান করিবে—যাহাতে প্রলাপোক্তি

فِيهَا وَلَا تَأْثِيمٌ ۝ وَيَطُوفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَأَنَّهُمْ

ফীহা- অলা- তা'সীম্। অ ইয়্যাত্বুফো আলাইহিম্ গ্বেল্‌মানোল্ লাহুম্ কাআন্নাহুম্

অথবা অপরাধজনক কিছুই নাই। ২৪। এবং তাহাদের সমীপে সযত্ন-আবৃত মুক্তা সদৃশ বালক পরিবেশনকারীরা

لُؤْلُؤٌ مَّكْنُونٌ ۝ وَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ يَتَسَاءَلُونَ ۝

লুলুউম্ মাক্‌নুন্। অ আক্‌বালা বা'দ্বোহুম্ আলা- বাদে'ই ইয়্যাতাছা—আলূন্।

যাতায়াত করিবে। ২৫। এবং পরস্পর জিজ্ঞাসাবাদ করার জন্য একে অপরের দিকে অগ্রসর হইবে।

قَالُوا إِنَّا كُنَّا قَبْلُ فِي أَهْلِنَا مُشْفِقِينَ ۝ فَمَنَّ اللَّهُ عَلَيْنَا

কালূ— ইন্না কোন্না কাব্‌লো ফী- আহ্‌লেনা- মোশ্‌ফেকীন্। ফামান্নাল্লা-হো আলাইনা-

২৬। তাহারা বলিবে— নিশ্চয় ইতিপূর্ব্বে আমরা স্বীয় পরিজনবর্গ লইয়া সন্ত্রস্ত থাকিতাম ২৭। কিন্তু আল্লাহ্ আমাদের প্রতি মহা উপকার করিয়াছেন

وَوَقٰنَا عَذَابَ السَّمُوْمِ ۝ اِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوْهُ ؕ اِنَّهٗ هُوَ

অ অকা-না- আজাবাছ্ ছামূম্। ইন্না কোন্না মিন্ কাব্‌লো-নাদ্‌য়ূহো ; ইন্নাহূ হুঅল্

এবং তিনি আমাদিগকে উত্তপ্ত বায়ুর শাস্তি হইতে রক্ষা করিয়াছেন। ২৮। নিশ্চয় আমরা পূর্ব্ব হইতেই তাঁহাকে আহ্বান করিতাম ; নিশ্চয়

الْبَرُّ الرَّحِيْمُ ۝ فَذَكِّرْ فَمَآ اَنْتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَّلَا

বার্‌রোর্‌রাহীম্। ঌ ফাজাক্‌কের্ ফামা- আন্তা বেনে'মাতে রাব্বেকা- বেকাহেনেঙ্ অলা-

তিনি মহোপকারী করুণাময়। ২৯। অতঃপর তুমি সদুপদেশ দান করিতে থাক ; প্রকৃতপক্ষে স্বীয় প্রতিপালকের অনুগ্রহে তুমি ত গণক অথবা

ঌ ১/৪ রুকু

مَجْنُوْنٍ ۝ اَمْ يَقُوْلُوْنَ شَاعِرٌ نَّتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ ۝

মাজ্‌নূন্। আম্ ইয়্যাকূলূনা- শা-য়েরোন্ নাতারাব্বাছো বিহী- রাইবাল্ মানূন্।

উন্মাদ নহ। ৩০। অথবা তাহারা কি বলে— সে কবি, আমরা তাহার ব্যাপারে কালগ্রাসের প্রতীক্ষা করিতেছি ?

قُلْ تَرَبَّصُوْا فَاِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُتَرَبِّصِيْنَ ۝ اَمْ تَاْمُرُهُمْ

কোল্ তারাব্বাছূ ফাইন্নী- মাআকুম্ মিনাল্ মোতারাব্বেছীন্। আম্ তা'মোরোহুম্

৩১। তুমি বল—তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সহিত প্রতীক্ষা করিতে থাকিলাম। ৩২। তবে কি তাহাদের বিবেক-বুদ্ধি

اَحْلَامُهُمْ بِهٰذَآ اَمْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ۝ اَمْ يَقُوْلُوْنَ

আহ্‌লা-মোহুম্ বেহাজা- আম্ হুম্ কাওমোন্ ত্বা-গূন্ ? আম্ ইয়্যাকূলূনা-

তাহাদিগকে এইরূপই প্ররোচিত করে অথবা তাহারা স্বভাব-দুর্ব্বৃত্ত সম্প্রদায় ? তবে কি তাহারা বলে যে,

---

تَقَوَّلَهٗ ۚ بَلْ لَّا يُؤْمِنُوْنَ ۝ فَلْيَاْتُوْا بِحَدِيْثٍ مِّثْلِهٖٓ اِنْ

তাকাও অলাহূ ; বাল্ লা- ইউ্‌হেনূন্- ; ফাল্‌ইয়্যা'তু বেহাদীসেম্ মেস্‌লেহী— ইন্

সে স্বয়ং ইহা রচনা করিয়াছে ?—(কখনও না) বরং তাহারা বিশ্বাস স্থাপন করে না। ৩৪। বেশ, তাহারা যদি সত্যবাদীই হয়, তবে ইহার সদৃশ কোন

كَانُوْا صٰدِقِيْنَ ۝ اَمْ خُلِقُوْا مِنْ غَيْرِ شَيْءٍ اَمْ هُمُ الْخٰلِقُوْنَ ۝

কা-নূ ছা-দেকীন্। আম্ খোলেকূ মিন্ গ্বায়্‌রে- শাইয়েন্ আম্ হুমোল্ খা-লেকূন্ ?

বাক্য আনয়ন করুন। ৩৫। তবে কি তাহারা কোন (নগণ্য) বস্তু ব্যতীতই সৃজিত হইয়াছে অথবা তাহারা স্বয়ং সৃজনকারী ?

اَمْ خَلَقُوا السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ بَلْ لَّا يُوْقِنُوْنَ ۞ اَمْ عِنْدَهُمْ

আম্ খালাকুছ্ ছা-মা-অতে অল্ আর্দ্বা, বাল্ লা- ইউক্বেনূন্? আম্ ইন্দাহুম্

৩৬। অথবা তাহারা গগণমণ্ডল ও পৃথিবী সৃষ্টি করিয়াছে?— (কখনও না) বরং তাহারা আস্থা স্থাপন করে না। ৩৭। তবে কি

خَزَآئِنُ رَبِّكَ اَمْ هُمُ الْمُصَيْطِرُوْنَ ۞ اَمْ لَهُمْ سُلَّمٌ

খাযা—য়েনো- রাব্বেকা- আম্ হুমোল্ মোছায়্‌ত্বেরূন্? আম্ লাহুম্ ছোল্লামোঁই

তাহাদের নিকট তাহাদের প্রতিপালকের ধন-ভাণ্ডার রহিয়াছে অথবা তাহারা উহার সর্ব্বাধিনায়ক? ৩৮। অথবা তাহাদের কোন সিড়ি

يَّسْتَمِعُوْنَ فِيْهِ ۚ فَلْيَاْتِ مُسْتَمِعُهُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ۞

ইয়্যাছ্‌তামেয়ূনা ফীহ্; ফাল্‌ইয়্যা'তে মোছ্‌তামেয়োহুম্ বেছোল্‌ত্বা-নেম্ মোবীন্?

আছে—যদ্দ্বারা তাহারা (ঐশীবাণী) শ্রবণ করিয়া থাকে? বেশ, তবে তাহাদের শ্রবণকারীরা প্রকাশ্য প্রমাণ আনয়ন করুক।

اَمْ لَهُ الْبَنٰتُ وَلَكُمُ الْبَنُوْنَ ۞ اَمْ تَسْئَلُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ

আম্ লাহুল্ বানাতো অলাকোমোল্ বানূন্? আম্ তাছ্‌আলোহুম্ আজ্‌রান্ ফাহুম্ মিম্

৩৯। তবে কি তাঁহার জন্য কন্যাগণ আর তোমাদের জন্য পুত্রগণ? ৪০। অথবা তুমি তাহাদের নিকট পারিশ্রমিক প্রার্থনা করিতেছ? তাহারাই ত

مَّغْرَمٍ مُّثْقَلُوْنَ ۞ اَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُوْنَ ۞ اَمْ

মাগ্‌রামিম্ মোস্‌কালূন্? আম্ ইন্দাহুমোল্ গায়্‌বো ফাহুম্ ইয়্যাক্‌তোবূন্? আম্

অভাবের ভারে ভারাক্রান্ত। ৪১। তবে কি তাহাদের নিকট অদৃশ্যের জ্ঞান রহিয়াছে যে, তাহারা লিপিবদ্ধ করিতেছে? ৪২। অথবা

يُرِيْدُوْنَ كَيْدًا ۖ فَالَّذِيْنَ كَفَرُوْا هُمُ الْمَكِيْدُوْنَ ۞ اَمْ لَهُمْ اِلٰهٌ

ইয়োরীদূনা কায়দা? ফাল্লাজীনা কাফারূ হুমোল্ মাকীদূন্। আম্ লাহুম্ এলাহোন্

তাহারা প্রতারণা করিতে চাহে? প্রকৃত পক্ষে অমান্যকারী যাহারা তাহারাই প্রতারিত হয়। ৪৩। তবে কি আল্লাহ্ ব্যতীত

(৪২) ন্যায় ও সত্যের বিরুদ্ধবাদী দল চিরকালই জঘন্য ও হীন ষড়যন্ত্র দ্বারা সত্যধর্ম্মের অপ্রতিহত গতিকে রোধ করিবার প্রয়াস পায়। মক্কার পাপাসক্ত শ্রেণীও তাহাদের স্বভাবসুলভ কদাচার ও ষড়যন্ত্র-দ্বারা ইস্‌লামের ক্রমোন্নতিতে চঞ্চল হইয়া পড়িল। সে জন্য তাহারা হজরত রছুলে-করীম (দঃ)এর অনন্যসাধারণ প্রতিভা, ধর্ম্মপ্রচার কার্য্য ও নবীজনোচিত ক্রিয়াকলাপকে লোকচক্ষে হেয় প্রতিপন্ন করিবার জন্য তাঁহাকে গণক, উন্মাদ ও কবি ইত্যাকার বলিত। কিন্তু সত্য চিরকাল জয়ী হয়, অতএব সত্যাশ্রয়ী নবীবর অনতিকাল মধ্যেই তাঁহার সাধনায় জয়যুক্ত হইলেন এবং কুচক্রী মিথ্যার পূজারী দল পর্য্যুদস্ত হইল—আলোচ্য আয়তে সেই নিরঙ্কুশ সত্যই বর্ণিত হইয়াছে।

غَيْرُ اللّٰهِ ۭ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ ۝ وَاِنْ يَّرَوْا كِسْفًا

গায়্‌রোল্লাহ্? ছোব্‌হানাল্লা-হে আম্‌মা- ইয়োশ্‌রেকুন্। অএঁই ইয়্যারাও্ কেছ্‌ফাম্

তাহাদের অন্য কোন উপাস্য আছে? তাহারা যে অংশী স্থির করে—আল্লাহ্ তাহা হইতে পবিত্র। ৪৪। এবং যদি তাহারা আকাশের কোন

مِّنَ السَّمَآءِ سَاقِطًا يَّقُوْلُوْا سَحَابٌ مَّرْكُوْمٌ ۝ فَذَرْهُمْ حَتّٰى

মিনাছ্ ছামা—য়ে ছা-কেতাঁই ইয়্যাকূলূ ছাহা-বোম্ মার্‌কুম্ ফাজার্‌হুম্ হাত্তা

অংশ পতিত হইতে দেখে, তবে তাহারা বলিবে—উহা ত ঘনীভূত মেঘমালা। ৪৫। অতঃপর তুমি উহাদিগকে ঐ দিবস পর্য্যন্ত পরিহার

يُلٰقُوْا يَوْمَهُمُ الَّذِيْ فِيْهِ يُصْعَقُوْنَ ۝ يَوْمَ لَا يُغْنِيْ

ইয়োলা-কু ইয়্যাও্ মাহুমোল্লাজী ফীহে ইয়োছ্‌আকুন, ইয়্যাওমা লা- ইয়োগ্‌নী

করিয়া চল—যে দিবস তাহারা পরস্পর চৈতন্যহারা দেখিতে পাইবে। ৪৬ সে দিবস তাহাদের প্রতারণামূলক ষড়যন্ত্র তাহাদিগকে

عَنْهُمْ كَيْدُهُمْ شَيْـًٔا وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ۝ وَاِنَّ لِلَّذِيْنَ ظَلَمُوْا

আন্‌হুম্ কায়্‌দোহুম্ শাইয়্যাঙ্ অলাহুম্ ইয়োন্‌ছারূন্। অইন্না লিল্লাজীনা জালামু

কিছুমাত্র সুফল প্রদান করিবে না এবং তাহারা সাহায্যও প্রাপ্ত হইবে না। ৪৭। এবং নিশ্চয় অত্যাচারকারীদের জন্য

عَذَابًا دُوْنَ ذٰلِكَ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ۝ وَاصْبِرْ

আজা-বান্ দূনা জা-লেকা অলা-কেন্না আক্‌সারাহুম্ লা- ইয়্যা'লামূন্। অছ্‌বের্

ইহা ব্যতীত আরও শাস্তি রহিয়াছে, কিন্তু তাহাদের অধিকাংশই অবগত নহে। ৪৮। এবং তুমি ধৈর্য্যসহ স্বীয়

لِحُكْمِ رَبِّكَ فَاِنَّكَ بِاَعْيُنِنَا وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ

লেহোক্‌মে রাব্বেকা ফাইন্নাকা বে আ'ইয়োনেনা- অছাব্বেহ্ বেহাম্‌দে রাব্বেকা

প্রতিপালকের নির্দ্দেশের প্রতীক্ষা কর, কেননা তুমি আমার দৃষ্টির মধ্যে রহিয়াছ; এবং যখন তুমি উত্থান কর, তখন তোমার প্রতিপালকের

(৪৭) ন্যায়, ধর্ম্মের ও সত্যের প্রতিপক্ষ যাহারা, তাহারা কেবল পরকালের শাস্তিই ভোগ করিবেনা, পার্থিব জীবনেও তাহাদিগকে অশেষ দুর্গতি ও লাঞ্ছনা ভোগ করিতে হয়—আলোচ্য আয়তে সেই কথাই আবৃত হইয়াছে। প্রকৃতপক্ষে হজরত নবী-সম্রাটের প্রতিপক্ষরা বিখ্যাত বদর যুদ্ধে অসংখ্য প্রাণহানি যুদ্ধ-সম্ভার হারাইয়া মুসলমানদের হস্তে ধৃত হইয়াছিল এবং তাহাদের ভিত্তিহীন গর্ব্ব খর্ব্ব তৎসহ লাঞ্ছনা ও দুর্গতি ভোগ করিতে হইয়াছিল।

৫২ | ২/৪ রুকু

حِيْنَ تَقُوْمُ ۙ وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاِدْبَارَ النُّجُوْمِ ۙ

হীনা তাকুমো, অমিনাল্‌লায়্‌লে ফাছাব্বেহ্‌হু অ এদ্‌বারান্‌ নুজুম্‌। ৫

প্রশংসাসহ পবিত্রতা ঘোষণা কর। ৪৯। এবং রাত্রিকালেও—নক্ষত্ররাজি অস্তমিত হওয়ার পর তোমার প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করিও।

৫৩শ ছুরা—আন্‌নাজ্‌মো মক্কায় অবতীর্ণ হয়।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্‌। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ৩ রুকু ও ৬২ আয়ত।

وَالنَّجْمِ اِذَا هَوٰى ۙ مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوٰى ۚ وَمَا يَنْطِقُ

অন্‌নাজমে এজা- হা-অ- ; মা- দ্বাল্লা ছা-হেবোকুম্‌ অমা গা-অ- ; অমা ইয়্যোন্‌ত্বেকো

১। শপথ ঐ নক্ষত্রের—যখন উহা নিম্নে পতিত হয় ; ২। তোমাদের সহচর পথহারাও নহে এবং সে বিভ্রান্তও নহে। ৩। এবং সে

عَنِ الْهَوٰى ۙ اِنْ هُوَ اِلَّا وَحْيٌ يُّوْحٰى ۙ عَلَّمَهٗ شَدِيْدُ الْقُوٰى ۙ

আনিল্‌ হা-অ। ইন্‌ হুঅ-ইল্লা- অহইয়ুঁাই ইউ্‌হা- ; আল্লামাহূ শাদীদুল্‌ ক্বোঅ- ;

প্রবৃত্তির ইঙ্গিতে কিছু বলে না ; ৪। এতদ্ব্যতীত নহে যে, উহা প্রত্যাদেশ—যদ্দ্বারা তিনি প্রত্যাদিষ্ট হন ; ৫। সেই বিরাট শক্তিশালী তাঁহাকে শিক্ষা দিয়াছে ;—

ذُوْ مِرَّةٍ ط فَاسْتَوٰى ۙ وَهُوَ بِالْاُفُقِ الْاَعْلٰى ۙ ثُمَّ دَنَا فَتَدَلّٰى ۙ

জু মার্‌রা ; ফাছতাঅ- ; অহুঅ বিল্‌ ওফোক্বেল্‌ আ'লা-। ছুম্মা দানা- ফাতাদাল্লা ;

৬। সে বিরাট শক্তির অধিকারী অতঃপর সে পরিদৃষ্ট হইল ; ৭। বস্তুতঃ সে সমুচ্চ আকাশ-প্রান্তে ছিল ; ৮। তারপর সে নিকট হইতে নিকটতর হইয়াছিল ;

فَكَانَ قَابَ قَوْسَيْنِ اَوْ اَدْنٰى ۚ فَاَوْحٰى اِلٰى عَبْدِهٖ مَآ

ফাকা-না ক্বা-বা ক্বাওছায়নে আও আদ্‌না ; ফা আওহা- এলা আব্‌দেহী মা—

৯। এমন কি, সে দুই ধনুকের ব্যবধান পরিমাণ নিকটবর্ত্তী হইয়াছিল—অথবা আরও নিকটবর্ত্তী। ১০। অনন্তর তিনি তাঁহার বান্দার প্রতি যাহা প্রত্যাদেশ করিবার

(১) অত্র সূরার প্রথমে আল্লাহ্‌ তায়ালা স্বীয় সৃষ্টি নক্ষত্রের শপথ করিয়া হজরত মহানবী (দঃ) যে সত্যকার আদর্শ নবী, তাঁহার ইঙ্গিত ব্যতীত নবীবর স্বকপোল কল্পিত কিছুই বলেন না—সত্য সন্দিহান শপথপ্রিয় জড়বাদী মক্কাবাসীদের উদ্দেশ্য করিয়া তিনি তাহাই বর্ণনা করিতেছেন।

তফসীরকারগণ 'আন্‌নজ্‌ম্‌' অর্থে বিভিন্ন মর্ম্ম গ্রহণ করিয়াছেন। তাঁহাদের কেহ ইহার মর্ম্মে 'সোরাইয়া' ও 'শের' প্রভৃতি বিশিষ্ট নক্ষত্র, কেহবা উহা দ্বারা লতা শ্রেণীর উদ্ভিদ বর্ণনা করিয়াছেন। অনেকে ইহা হজরত মহানবী (দঃ)এর দিকে ইঙ্গিত করিয়াছেন। হজরত রসূলে করীম (দঃ)কে 'আন্‌নজম্‌' বলা অত্যুক্তি নহে—যুক্তিবিরুদ্ধও নহে। কেননা চন্দ্র-সূর্য্য ও বিশিষ্ট নক্ষত্ররাজি যেমন অন্ধকারাচ্ছন্ন ঊর্দ্ধ ও অধঃজগতের তমসারাশি বিদূরীত করিয়া আলোকোদ্ভাসিত করে—হজরত মহানবী (দঃ) তেমনই বিশ্বমানবের অধর্ম্ম ও অজ্ঞানান্ধকাররূপ তমসারাশি দূরীভূত করিয়া তাহাদের অন্তর-রাজ্যকে ন্যায়, সত্য ও জ্ঞানালোকে সমুদ্ভাসিত করিয়া উজ্জ্বল জ্যোতিষ্করূপে চির আখ্যাত হইয়া রহিয়াছেন।

اَوْحٰى ۝ مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَاٰى ۝ اَفَتُمٰرُوْنَهٗ عَلٰى مَا

আওহা; মা- কাজাবাল্ ফোআদো মা- রা-আ। আফাতুমা-রুনাহু আলা- মা

তাহাই প্রত্যাদেশ করিয়াছিলেন। তিনি যাহা প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহার অন্তঃকরণ তাহা মিথ্যা ধারণা করে নাই। ১০। তবে কি তোমরা সেই বিষয় লইয়া কলহ করিতেছ—যাহা তিনি

يَرٰى ۝ وَلَقَدْ رَاٰهُ نَزْلَةً اُخْرٰى ۝ عِنْدَ سِدْرَةِ الْمُنْتَهٰى ۝

ইয়্যারা। অলাকাদ্ রাআহু নায্‌লাতান্ ওখ্‌রা; ইন্দা ছেদ্‌রাতিল্ মোন্‌তাহা।

চাক্ষুষ দেখিলেন? ১৩। এবং ইহা নিঃসন্দেহ যে, তিনি আর একবার তাঁহাকে প্রত্যক্ষ করিয়াছিলেন;—১৪। সেই সীমান্ত-নির্দ্দেশক 'সেদরা' বৃক্ষের নিকট;

عِنْدَهَا جَنَّةُ الْمَاْوٰى ۝ اِذْ يَغْشَى السِّدْرَةَ مَا يَغْشٰى ۝

ইন্দাহা- জান্নাতোল্ মা-অ-; এজ্ ইয়্যাগ্‌শাছ্ ছেদ্‌রাতা মা- ইয়্যাগ্‌শা;

১৫। উহারই নিকট বেহেশ্‌ত-নিকেতন। ১৬। যখন ঐ 'সেদ্‌রা'কে যদ্দ্বারা আবৃত করিবার—ইহা আবৃত করিয়াছিল।

مَا زَاغَ الْبَصَرُ وَمَا طَغٰى ۝ لَقَدْ رَاٰى مِنْ اٰيٰتِ رَبِّهِ الْكُبْرٰى ۝

মা- জাগাল্ বাছারো অমা- ত্বাগা-। লাকাদ্ রাআ মিন্ আয়্যা-তে রাব্বেহিল্ কোব্‌রা-।

১৭। তখন তাঁহার চক্ষু দৃষ্টিভ্রম অথবা অতিক্রান্ত হয় নাই। ১৮। নিঃসন্দেহে তিনি তাঁহার প্রতিপালকের শ্রেষ্ঠতম নিদর্শনসমূহ প্রত্যক্ষ করিয়াছিলেন।

اَفَرَءَيْتُمُ اللّٰتَ وَالْعُزّٰى ۝ وَمَنٰوةَ الثَّالِثَةَ الْاُخْرٰى ۝

আফারাআয়তুমুল্ লা-তা অল ওয্‌যা; অ মানাতাস্ সা-লেসাতাল্ ওখ্‌রা।

১৯। তোমরা কি 'লাত' ও 'ওযযা'কে দেখিয়াছ? ২০। আর শেষবার তৃতীয় 'মানাত'কে?

اَلَكُمُ الذَّكَرُ وَلَهُ الْاُنْثٰى ۝ تِلْكَ اِذًا قِسْمَةٌ ضِيْزٰى ۝ اِنْ هِىَ

আলাকুমুজ্জাকারো অলাহুল্ ওন্‌সা? তেল্‌কা এজান্ কেছ্‌মাতুন্ দ্বীযা-। ইন্ হেয়্যা-

২১। তবে কি তোমাদের জন্য পুত্রগণ আর তাঁহার জন্য কন্যাসমূহ? ২২। তাহা হইলে ইহা একান্তই অসমীচীন বণ্টন! ২৩। ইহা শুধু

(১৫-২৩) এই সুরার প্রারম্ভে হজরত রসুলে করীম (দঃ)এর সত্য নবী হওয়ার অকাট্য প্রমাণ বর্ণনা করার পর আল্লাহ তায়ালা 'তওহীদ' অর্থাৎ একক উপাস্য হওয়ার যুক্তি ও সঙ্গত কারণ সমূহ বিবৃত করিয়া তৎকালীন কল্পনা-বিলাসী জড়বাদী ও শক্তি-উপাসক মক্কাবাসীর 'লাত-ওযযা-মানাত' ইত্যাকার শক্তিহীন প্রতিমাগুলির উপাসনার অসারতা, তাহাদের নক্ষত্রবিশেষকে আল্লাহ্ তায়ালার কন্যা জ্ঞান করিয়া উহার পূজা করার ভিত্তিহীন যুক্তি খণ্ডন করিতেছেন।

সেই সময় আরবদেশে 'লাত', 'ওয্‌যা' ও 'মানাত'—এই তিনটীর পূজা খুব বেশী পরিমাণে হইত। 'লাত' নামীয় একব্যক্তি তাহার জীবদ্দশায় হজযাত্রিগণকে ছাতু আহার করাইত। মৃত্যুর পর অজ্ঞ দেশবাসীরা তাহার আকৃতিবিশিষ্ট একটী মূর্ত্তি গঠন করিয়া উহার পূজা করিত। 'ওয্‌যা' নামক একটী বৃক্ষ—যাহার 'গৎফান গোত্র পূজা করিত; অজ্ঞ জনসাধারণের মধ্যে উহার প্রভাব যথেষ্ট ছিল।

إِلَّا أَسْمَاءٌ سَمَّيْتُمُوهَا أَنْتُمْ وَآبَاؤُكُمْ مَا أَنْزَلَ اللَّهُ

ইল্লা-- আছমা—ওন্ ছাম্মায়তুমুহা-- আন্তুম্ অ আবায়োকুম্ মা-- আন্যালাল্লা-হো

নামসমূহ ব্যতীত নহে—তোমরা ও তোমাদের পিতৃপুরুষেরা এই নামকরণ করিয়াছে—আল্লাহ্ ত

بِهَا مِنْ سُلْطَانٍ ۚ إِنْ يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْأَنْفُسُ ۖ

বেহা- .মিন্ ছোল্তান্; এঁই ইয়াত্তাবেয়ূনা এল্লাজ্জান্না অমা- তাহ্অল্ আন্ফোছ্;

এ সম্বন্ধে কোন প্রমাণ অবতীর্ণ করেন নাই; তাহারা কেবল কল্পনা ও তাহাদের প্রবৃত্তি যাহা চাহে তাহারই অনুসরণ করে;

وَلَقَدْ جَاءَهُمْ مِنْ رَبِّهِمُ الْهُدَىٰ ۝ أَمْ لِلْإِنْسَانِ مَا تَمَنَّىٰ

অলাকাদ্ জ্বা—আহুম্ মের্রাব্বেহিমোল্ হোদা-; আম্ লিল্ এন্ছা-নে মা- তামান্না?

বস্তুতঃ নিশ্চয়ই তাহাদের প্রতিপালকের নিকট হইতে তাহাদের সমীপে 'হেদায়াত' আসিয়াছে। ২৪। তবে কি মানুষ যাহার আকাঙ্খা করে, তাহাই পাইয়া থাকে?

৫ / ৭ রুকু

فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولَىٰ ۝ وَكَمْ مِنْ مَلَكٍ فِي السَّمَاوَاتِ

ফালিল্লা-হেল্ আ-খেরাতো অল্ উলা। ৫ অকাম্ মিম্ মালাকেন্ ফিছ্ছামা—অ-তে

২৫। বস্তুতঃ পরকাল ও ইহকাল আল্লা'রই আয়ত্তাধীন। ২৬। এবং আকাশে বহু ফেরেশ্তা আছে

لَا تُغْنِي شَفَاعَتُهُمْ شَيْئًا إِلَّا مِنْ بَعْدِ أَنْ يَأْذَنَ اللَّهُ

লা- তোগ্নী শাফাআতোহুম্ শাইয়্যান্ ইল্লা- মিম্ বা'দে আঁইইয়্যাজানাল্লাহো

তাহাদের সোপারিশ কোনই ফলদায়ক হইবে না; কিন্তু আল্লা'র অনুমতি প্রাপ্তির পর—

لِمَنْ يَشَاءُ وَيَرْضَىٰ ۝ إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ

লেমাঁইয়্যাশা—য়ো অ ইয়্যার্দ্বা-। ইন্নাল্লাজীনা লা- ইউমেনূনা বিল্ আখেরাতে;

তিনি যাহার প্রতি ইচ্ছা করিবেন ও সন্তুষ্ট হইবেন। ২৭। নিশ্চয় যাহারা পরকালে আস্থা রাখে না—

হজরত রসুলে করীম (দঃ) অলীদ-পুত্র খালেদকে উহা কর্ত্তন করার আদেশ প্রদান করিলে, তিনি উহা কর্ত্তিত করেন। 'মানাত' বলিয়া কথিত একটী প্রস্তরকে তাহারা আরাধ্যরূপে পূজা করিত। আলোচ্য আয়তসমূহে আল্লাহ্ তায়ালা সেই সমস্ত অন্ধবিশ্বাসীদের উপাস্যগুলির অক্ষমতা ও অসারতার উল্লেখ করিয়া বলিতেছেন যে, এই সব দেব-দেবীর নামকরণ, ফেরেশ্তাকে আল্লা'র কন্যারূপে গ্রহণ করিয়া সেগুলির পূজার্চ্চনা এসব তাহাদের চরম নির্ব্বুদ্ধিতা ও পূর্ব্ব পুরুষগণের অন্ধ অনুসরণ ব্যতীত আর কিছুই নহে এবং তাহারা কেবল কল্পনারই অনুগামী হয় ও তাহাদের প্রবৃত্তি যেদিকে তাহাদিগকে প্ররোচিত করে—সেই পথেই তাহারা ধাবিত হয়। বস্তুতঃ তাহাদের নিকট সত্যকার ধর্ম্ম পথ ও সদুপদেশসহ নবী-সম্রাট আগমন করিয়াছেন কিন্তু তাহারা সেদিকে দৃকপাত করিতেছে না!

لَيُسَمُّوْنَ الْمَلٰٓئِكَةَ تَسْمِيَةَ الْاُنْثٰى ۝ وَمَا لَهُمْ بِهٖ مِنْ

লাইয়্যোছাম্মুনাল মালায়েকাতা তাছ্‌মিয়্যাতাল্ উন্‌সা। অমা লাহুম্ বিহী-মিন্

তাহারাই নারী জনোচিৎ নামে ফেরেশ্‌তাগণের নাম রাখে। ২৮। এ সম্বন্ধে তাহাদের আদৌ

عِلْمٍ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ ۚ وَاِنَّ الظَّنَّ لَا يُغْنِىْ مِنَ

এল্‌ম্; এঁই ইয়্যাত্তাবেয়ুনা ইল্লাজ্ জান্না; অ ইন্নাজ্ জান্না লা- ইয়োগ্‌নী মিনাল্

জ্ঞান নাই; তাহারা কেবল কল্পনারই অনুসরণ করে; এবং ইহা নিশ্চিন্ত যে, সত্যের সম্মুখীন হইয়া কল্পন।

الْحَقِّ شَيْـًٔا ۚ فَاَعْرِضْ عَنْ مَّنْ تَوَلّٰى ۙ عَنْ ذِكْرِنَا وَلَمْ

হাক্‌কে শাইয়্যা; ফা আরেদ্ আম্মান্ তাঅল্লা-; আন্ জেক্‌রেনা—আলাম্

আদৌ ফলপ্রসূ হইবে না। ২৯। অতঃপর যে আমার স্মরণ হইতে ফিরিয়া গিয়াছে, তুমি তাহা হইতে বিমুখ হও এবং সে

يُرِدْ اِلَّا الْحَيٰوةَ الدُّنْيَا ۚ ذٰلِكَ مَبْلَغُهُمْ مِّنَ الْعِلْمِ ؕ

ইয়্যোরেদ্ ইল্লাল্ হায়্যাতাদ্ দুন্‌য়্যা; জা-লেকা মাব্‌লাগোহুম্ মিনাল্ এল্‌মে;

কেবল পার্থিব জীবনই আকাঙ্খা করে। ৩০। ইহা তাহাদের জ্ঞানের সীমা-রেখা।

اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ ۙ وَهُوَ اَعْلَمُ

ইন্না রাব্বাকা হুঅ আ'লামো বেমান্ দাল্লা- আন্ ছাবীলেহ্; অহুঅ আ'লামো

নিশ্চয় তোমাদের প্রতিপালক তাহাকে ভালরূপ জানেন,—যে তাঁহার পথ হইতে বিভ্রান্ত হইয়াছে, এবং তিনি তাহাকেও ভালরূপ জানেন

بِمَنِ اهْتَدٰى ۝ وَلِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۙ

বেমানেহ্‌তাদা। অ লিল্লা-হে মা- ফিছ্‌ছামা-অ-তে অমা- ফিল্ আর্‌দ্বে

যে সুপথ প্রাপ্ত হইয়াছে। ৩১। এবং আকাশে যাহা আছে ও পৃথিবীতে যাহা আছে, তৎসমুদয় আল্লা'র-ই—

لِيَجْزِىَ الَّذِيْنَ اَسَآءُوْا بِمَا عَمِلُوْا وَيَجْزِىَ الَّذِيْنَ

লেইয়্যাজ্‌ যিয়্যাল্‌লাজীনা আছা—য়ু বেমা- আমেলূ অ ইয়্যাজ্ যিয়্যাল্ লাজীনা

যেন তিনি দুষ্কৃতিকারীদিগকে তাহাদের কৃতকর্মের প্রতিফল প্রদান করেন এবং সৎকর্মশীলদিগকে

أَحْسَنُوا بِالْحُسْنَى ۚ الَّذِينَ يَجْتَنِبُونَ كَبَٰٓئِرَ الْإِثْمِ

আহ্ছানূ বিল্ হোছ্না; আল্লাজীনা ইয়্যাজ্‌তানেবুনা কাবায়েরাল্ এস্‌মে

তিনি উত্তম প্রতিদান প্রদান করেন ;—৩২। যাহারা নগণ্য অপরাধ ব্যতীত মহাপাপ সমূহ ও

وَالْفَوَاحِشَ إِلَّا اللَّمَمَ ۚ إِنَّ رَبَّكَ وَاسِعُ الْمَغْفِرَةِ ۚ هُوَ

অল্ ফাও—হেশা ইল্লাল্ লামাম্; ইন্না রাব্বাকা অ-ছেয়োল্ মাগ্‌ফেরা ; হুঅ

অশ্লীল কার্য্যকলাপ হইতে দূরে থাকে ; নিশ্চয় তোমার প্রতিপালক অকৃপণ ক্ষমা প্রদানকারী ; তিনি

أَعْلَمُ بِكُمْ إِذْ أَنْشَأَكُمْ مِنَ الْأَرْضِ وَإِذْ أَنْتُمْ أَجِنَّةٌ فِي

আ'লামো বেকুম্, এজ্ আন্‌শাআকুম্ মিনাল্ আর্‌দ্বে অএজ্ আন্তুম্ আজেন্নাতোন্ ফী

তোমাদিগকে ভালরূপে পরিজ্ঞাত আছেন—যখন তিনি তোমাদিগকে মৃত্তিকাজাত হইতে সৃষ্টি করিয়াছিলেন এবং যখন তোমরা স্ব স্ব মাতৃগর্ভে

بُطُونِ أُمَّهَاتِكُمْ ۖ فَلَا تُزَكُّوا أَنْفُسَكُمْ ۖ هُوَ أَعْلَمُ

বোতূনে উম্মা হা—তেকুম্; ফালা- তোযাক্কু আন্‌ফোছাকুম্ হুঅ আ'লামো

জ্ঞানরূপে ছিলে ; সুতরাং তোমরা নিজদিগকে দোষমুক্ত মনে করিও না। কে সংযমী—তাহাকেও তিনি

بِمَنِ اتَّقَىٰ ۞ أَفَرَأَيْتَ الَّذِي تَوَلَّىٰ ○ وَأَعْطَىٰ قَلِيلًا وَأَكْدَىٰ ○

বেমানেত্তাকা-। ৫ আফারায়তাল্লাজী তাঅল্লা-; অ আতা-ক্বালীলাও অ আক্‌দা-

ভালরূপ অবগত আছেন। ৩৩। আচ্ছা তুমি ঐ ব্যক্তিকে লক্ষ্য করিয়াছ, যে পশ্চাদ্বর্ত্তন করে। ৩৪। এবং অল্প পরিমাণ দান করে এবং দান বন্ধ করিয়া দেয় ?

৫ / ৬ / ২ রুকু

أَعِنْدَهُ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرَىٰ ○ أَمْ لَمْ يُنَبَّأْ بِمَا فِي

আইন্দাহু এল্‌মোল্ গায়বে ফাহুঅ ইয়্যারা ? আম্‌লাম্ ইয়্যোনাব্বা' বেমা- ফী

৩৫। তাহার নিকট কি অদৃশ্যের জ্ঞান রহিয়াছে যে, সে উহা দেখিতেছে ?

صُحُفِ مُوسَىٰ ۞ وَإِبْرَاهِيمَ الَّذِي وَفَّىٰ ۞ أَلَّا تَزِرُ وَازِرَةٌ

ছোহোফে মুছা-- অ এব্‌রাহীমোল্লাজী অফ্‌ফা ; আল্ লা- তাযেরো অ-যেরাতোঙ্

৩৬। তাহা হইলে সে কি মূসার 'সহীফা' সমূহে যাহা আছে তদ্বিষয়ে অবগত নহে ?—৩৭। এবরাহিমের—যিনি অঙ্গীকার পূর্ণ করিয়াছিলেন ? উহা এই যে, কোন ভারবাহী অপরের

(৩৬-৪২) আলোচ্য আয়তগুলিতে আল্লাহ্ তায়ালা তাঁহার চিরন্তর ও অটল বিধানসমূহ, যাহা তিনি বহু প্রাচীন যুগের হজরত মূসা, হজরত ইবরাহীম (আঃ) প্রমুখাৎ অন্যতম শ্রেষ্ঠ বার্ত্তাবহগণের নিকট প্রেরিত কেতাবসমূহে বিধিবদ্ধ করিয়াছিলেন, সেই সমূহের উল্লেখ করিয়া সত্য-বিমুখ ব্যক্তিগণকে সতর্ক

وِزْرَ أُخْرَىٰ ۝ وَأَن لَّيْسَ لِلْإِنسَانِ إِلَّا مَا سَعَىٰ ۝ وَأَنَّ

বেয্‌রা ওখ্‌রা ; অ আল্‌ লায়ছা লিল্‌ এন্‌ছা-নে ইল্লা- মা ছাআ- ; অ আন্না

ভার বহন করিবেন না। ৩৯। আরও—মানুষের ইহা ব্যতীত আর কিছুই নাই যাহা সে প্রচেষ্টা করে। ৪০। এবং ইহা সুনিশ্চিত যে,

سَعْيَهُ سَوْفَ يُرَىٰ ۝ ثُمَّ يُجْزَاهُ الْجَزَاءَ الْأَوْفَىٰ ۝ وَأَنَّ

ছা'য়্যাহু ছাও্‌ফা ইয়োরা। ছুম্মা ইয়োজ্‌যা-হুল্‌ জাযা—আল্‌ আও্‌ফা ; অ আন্না

অতি সত্বর তাহার প্রচেষ্টা পরিলক্ষিত হইবে। ৪১। তৎপরে তাহাকে পূর্ণ প্রতিদান প্রদত্ত হইবে। ৪২। এবং ইহা সুনিশ্চিত যে,

إِلَىٰ رَبِّكَ الْمُنتَهَىٰ ۝ وَأَنَّهُ هُوَ أَضْحَكَ وَأَبْكَىٰ ۝ وَأَنَّهُ

এলা রাব্বেকাল্‌ মোন্‌তাহা ; অ আন্নাহু- হুঅ আদ্‌হাকা অ আব্‌কা ; অ আন্নাহু

তোমার প্রতিপালকের দিকে শেষ গন্তব্য। ৪৩। এবং ইহাও সুনিশ্চিত যে, তিনি হাসাইয়া ও কাঁদাইয়া থাকেন, ৪৪। এবং সুনিশ্চিত যে,

هُوَ أَمَاتَ وَأَحْيَا ۝ وَأَنَّهُ خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ

হুঅ আমা-তা অ আহ্‌য়্যা- ; অ আন্নাহু খালাকায্‌ যাওজায়্‌নেজ্‌ জাকারা

তিনিই মৃত্যু ঘটান ও জীবন দান করেন। ৪৫। এবং সুনিশ্চিত যে, তিনিই নর ও নারীকে যুগ্মরূপে সৃষ্টি করিয়াছেন।

وَالْأُنثَىٰ ۝ مِن نُّطْفَةٍ إِذَا تُمْنَىٰ ۝ وَأَنَّ عَلَيْهِ النَّشْأَةَ الْأُخْرَىٰ ۝

অল্‌ উন্‌সা ; মিন্‌ নুৎফাতেন্‌ এজা- তোম্‌না ; অ আন্না আলাইহেন্‌ নাশ্‌আতাল্‌ ওখ্‌রা ;

৪৬। একবিন্দু শুক্র হইতে—যখন শুক্রপাত করা হয়। ৪৭। এবং ইহাও সুনিশ্চিত যে, শেষবারের সৃষ্টি তাঁহারই আয়ত্তাধীন

وَأَنَّهُ هُوَ أَغْنَىٰ وَأَقْنَىٰ ۝ وَأَنَّهُ هُوَ رَبُّ الشِّعْرَىٰ ۝ وَأَنَّهُ

অ আন্নাহু হুঅ আগ্‌না- অ আক্‌না- ; অ আন্নাহু হুঅ রাব্বোশ্‌ শে'রা ; অ আন্নাহু--

৪৮। এবং ইহা সুনিশ্চিত যে, তিনিই অভাবশূন্য করেন এবং সামর্থ্য প্রদান করেন। ৪৯। এবং ইহা সুনিশ্চিত যে, তিনিই সেই 'শেরা' নক্ষত্রের প্রতিপালক। এবং

করিয়া দিতেছেন। পূর্ব্ববর্ত্তী খোদায়ী কেতাবসমূহে যে সমস্ত বিধান আছে, তন্মধ্যে উল্লেখযোগ্য ও অন্যতম এই যে, 'কোন ভারবাহী অপরের ভার বহন করিবে না'। পবিত্র কোরআন তথ্য সমুহ আসমানী কেতাবে এই সরল সহজ অথচ গুরুত্বপূর্ণ উপদেশ সত্যই প্রনিধানযোগ্য। ইহাতে স্পষ্টই বুঝা যাইতেছে যে, একব্যক্তি অন্যায় কার্য্য করিলে অপরে উহার প্রতিফল ভোগ করিবে না—অন্যায়কারীকেই উহার পরিণাম ফল ভোগ করিতে হইবে। আরও সহজ কথায় এই বুঝিতে পারা যায় যে, এক ব্যক্তি গোনা করিলে অপরে উহার শাস্তি ভোগ করিবে না, সেই পাপীকেই শাস্তি ভোগ করিতে হইবে।

أَهْلَكَ عَادًا الْأُولَىٰ ۝ وَثَمُودَ فَمَا أَبْقَىٰ ۝ وَقَوْمَ نُوحٍ

আহ্‌লাকা আ-দা নিল্ উলা ; অসামুদা ফামা— আব্‌ক্বা ; অকাওমা নূহেম্

৫০। সুনিশ্চিত যে, তিনিই পুরাকালের 'আদ'কে ধ্বংস করিয়া দিয়াছেন ;—৫১। এবং 'সামুদ'কেও অতঃপর তিনি তাহাদের কিছুই অবশিষ্ট রাখেন নাই। ৫২। এবং ইহার পূর্ব্বে

مِنْ قَبْلُ ۚ إِنَّهُمْ كَانُوا هُمْ أَظْلَمَ وَأَطْغَىٰ ۝ وَالْمُؤْتَفِكَةَ

মিন্ ক্বাব্‌লো ; ইন্নাহুম্ কা-নূ হুম্ আজ্‌লামা অ আত্‌গ্বা ; অল্ মু'তাফেকাতা

নূহের সম্প্রদায়কেও ; কেননা তাহারা ভীষণ পাপাচারী ও দুর্ব্বিনীতি অবাধ্য ছিল। ৫৩। এবং তিনি উৎপাটিত লোকালয় সমূহকে

أَهْوَىٰ ۝ فَغَشَّاهَا مَا غَشَّىٰ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكَ

আহ্‌অ ; ফাগাশ্‌শা-হা- মা- গ্বাশ্‌শা ; ফাবেআইয়্যে আলা—য়ে রাব্বেকা

বিধ্বস্ত করিয়া দিয়াছিলেন ৫৪। তৎপরে আচ্ছন্নকারী উহাকে আচ্ছন্ন করিয়া রাখিল। ৫৫। অতঃপরও তোমার স্বীয় প্রতিপালকের কোন

تَتَمَارَىٰ ۝ هَٰذَا نَذِيرٌ مِنَ النُّذُرِ الْأُولَىٰ ۝ أَزِفَتِ الْآزِفَةُ ۝

তাতামা-রা। হা-জা- নাজীরোম্ মিনান্ নোজোরেল্ উলা। আযেফাতেল্ আ-জেফা ;

দান সম্বন্ধে সন্দেহের প্রশ্ন তুলিতেছ ? ৫৬। এই ভীতি প্রকর্শক—পূর্ব্ববর্ত্তী ভীতি-প্রদর্শকগণের অন্যতম। ৫৭। আসন্ন ঘটনা আগতপ্রায়।

لَيْسَ لَهَا مِنْ دُونِ اللَّهِ كَاشِفَةٌ ۝ أَفَمِنْ هَٰذَا الْحَدِيثِ تَعْجَبُونَ ۝

লায়্‌ছা লাহা- মিন্ দূনেল্লা-হে কাশেফা ; আফা মিন্ হা-জাল্ হাদীসে তা'জাবূন্ ;

৫৮। আল্লাহ্ ব্যতীত আর কেহই উহার প্রকাশ করিতে পারে না ৫৯। তবে কি তোমরা এরূপ কথায় বিস্ময়বোধ করিতেছ ?

وَتَضْحَكُونَ وَلَا تَبْكُونَ ۝ وَأَنْتُمْ سَامِدُونَ ۝ فَاسْجُدُوا لِلَّهِ وَاعْبُدُوا ۝

অ তাদ্‌হাকুনা অলা তাব্‌কুন্ ; অ আন্তম্ ছা-মেদুন্। ফাছ্‌জোদূ লিল্লা-হে অ'বোদূ। ৫

৬০। তোমরা ক্রন্দন করিতেছ না—হাঁসিতেছ ! ৬১। এবং তোমরা উদাসীন রহিয়াছ ! সুতরাং তোমরা আল্লা'রই উদ্দেশ্যে সেজদা কর ও এবাদত-আরাধনা কর

সেজদা ৫ ৭|৩ রুকু ৫৮

৫৪শ ছুরা—আল্ কামার মক্কায় অবতীর্ণ হয়।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিছ্মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ৩ রুকু ও ৫৫ আয়ত।

اِقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ ○ وَاِنْ يَّرَوْا اٰيَةً

এক্‌তারাবাতেছ্ ছা-আ-তো অন্ শাক্‌কাল্ ক্বামারো, অএঁই ইয়ারাও্ আয়া-তাঁই

১। সেই সময় আসন্নপ্রায় হইয়াছে এবং চন্দ্র বিদীর্ণ হইয়াছে। ২। এবং যদিও তাহারা কোন নিদর্শন দেখে,

يُّعْرِضُوْا وَيَقُوْلُوْا سِحْرٌ مُّسْتَمِرٌّ ○ وَكَذَّبُوْا وَاتَّبَعُوْا

ইয়ো'রেদূ অ ইয়্যাকূলূ ছেহ্‌রোম্ মোছ্‌তামেরো'। অকাজ্জাবূ অত্তাবায়ূ—

তবুও তাহারা মুখ ফিরাইয়া লয় এবং বলে—ইহা ত আবহমান কালের যাদু। ৩। এবং তাহারা মিথ্যারোপ করিল ও তাহারা স্ব স্ব

اَهْوَاۤءَهُمْ وَكُلُّ اَمْرٍ مُّسْتَقِرٌّ ○ وَلَقَدْ جَاۤءَهُمْ مِّنَ

আহ্অ— আহুম্ অ কুল্লো আম্‌রেম্ মোছ্‌তাকেরো'। অলাকাদ্ জা—আহুম্ মিনাল্

প্রবৃত্তির অনুগামী হইল, বস্তুতঃ প্রত্যেক বিষয় অটলভাবে নিরূপিত রহিয়াছে। ৪। এবং নিশ্চয় তাহাদের নিকট শিক্ষামূলক

الْاَنْۢبَاۤءِ مَا فِيْهِ مُزْدَجَرٌ ○ حِكْمَةٌۢ بَالِغَةٌ فَمَا تُغْنِ

আম্‌বা—য়ে মা- ফী-হে মোয্‌দাজার্; হেক্‌মাতোম্ বা-লেগ্বাতোন্ ফালা তোগ্‌নিন্

নিষেধাজ্ঞার সংবাদ সমূহ আসিয়াছে;—৫। পরিপূর্ণ জ্ঞান; কিন্তু ভীতি প্রদর্শনকারীদের ভীতি প্রদর্শন ফলপ্রসূ

النُّذُرُ ○ فَتَوَلَّ عَنْهُمْ ۘ يَوْمَ يَدْعُ الدَّاعِ اِلٰى شَيْءٍ

নোজোর্। ফাতাঅল্লা আন্‌হুম্॥ ইয়্যাও্মা ইয়্যাদ্‌উদ্ দা-য়ে এলা- শাইয়্যোন্

হয় নাই। ৬। সুতরাং তুমি তাহাদিগের হইতে মুখ ফিরাও; সেদিন আহ্বানকারী এক অবাঞ্ছিত

(১) অধিকাংশ কোরানভিজ্ঞদের মত এই যে, অত্র সুরা মক্কায় অবতীর্ণ হইয়াছিল। এব্‌নে যোবায়রও এই মত পোষণ করিতেন। তফসীর এব্‌নে কসীরে উক্ত হইয়াছে যে, হজরত মহানবী (দঃ) সুরা কাফ ও অত্র সুরা কমর—এই দুইটী সুরা ঈদুল্ ফেৎর ও ঈদুল্ আজহা'র নামাজে ও যেখানে জনসাধারণ সমবেত হইত তথায় পাঠ করিতেন। কারণ অত্র সুরায় সৎকার্য্যের পুরস্কার, মন্দ কার্য্যের সমুচিত প্রতিফল, সৃষ্টির আদি কথা, পরকাল, আল্লাহ্ তায়ালার একত্ববাদ এবং নবুঅতের সত্যতা ইত্যাকার বহু জ্ঞাতব্য ও গুরুত্বপূর্ণ বিষয় বর্ণিত হইয়াছে।

نُّكُرٍ ۙ خُشَّعًا اَبْصَارُهُمْ يَخْرُجُوْنَ مِنَ الْاَجْدَاثِ

নোকোর্; খোশ্শাআন্ আব্ছা-রোহুম্ ইয়্যোখ্রাজুনা মিনাল্ আজ্দাসে

বস্তুর দিকে আহ্বান করিবে; ৭। তাহারা অবনমিত দৃষ্টিতে বিক্ষিপ্ত পঙ্গপালের ন্যায় কবরসমূহ

كَاَنَّهُمْ جَرَادٌ مُّنْتَشِرٌ ۙ مُّهْطِعِيْنَ اِلَى الدَّاعِ ۭ يَقُوْلُ

কাআন্নাহুম্ জারাদোম্ মোন্তাশেরোম্; মোহ্তেয়ীনা এলাদ্ দায়ে; ইয়্যাকুলোল্

হইতে বহির্গত হইবে;—৮। সেই আহ্বানকারীর দিকে দৌড়িতে থাকিবে; ধর্ম্ম অমান্যকারিগণ বলিবে—

الْكٰفِرُوْنَ هٰذَا يَوْمٌ عَسِرٌ ۝ كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ

কা-ফেরূনা হা-জা- ইয়্যাওমোন্ আছের্। কাজ্জাবাৎ ক্বাব্লাহুম্ ক্বাওমো নূহেন্

ইহা ত ভীষণ দিবস! ৯। ইহাদের পূর্ব্বে নূহের সম্প্রদায়ও মিথ্যারোপ করিয়াছিল;

فَكَذَّبُوْا عَبْدَنَا وَقَالُوْا مَجْنُوْنٌ وَّازْدُجِرَ ۝ فَدَعَا رَبَّهٗٓ اَنِّيْ

ফাকাজ্জাবূ আব্দানা- অকালূ মাজ্নূনোঙ অয্দোজ্বের্। ফাদাআ রাব্বাহূ—আন্নী

তারপর তাহারা আমার আজ্ঞাবহের প্রতিও মিথ্যারোপ করিয়াছিল আর বলিয়াছিল—উন্মাদ, তিরস্কৃত। ১০। অতঃপর তিনি স্বীয় প্রতিপালককে আহ্বান করিলেন—আমি

مَغْلُوْبٌ فَانْتَصِرْ ۝ فَفَتَحْنَآ اَبْوَابَ السَّمَآءِ بِمَآءٍ

মাগ্লুবোন্ ফান্তাছের্। ফাফাতাহ্না— আব্অ-বাছ্ছামা—য়ে বেমা—য়েম্

আক্রান্ত হইয়াছি, অতএব আপনি আমাকে সাহায্য করুন। ১১। তারপর আমি মুষলধারায় বৃষ্টিসহ আকাশের দ্বারসমূহ

مُّنْهَمِرٍ ۖ وَّفَجَّرْنَا الْاَرْضَ عُيُوْنًا فَالْتَقَى الْمَآءُ

মোন্হামেরেঙ্; অ ফাজ্জারনা-ল্ আর্দ্বা ওইয়ূনান্ ফাল্তাক্বাল্ মা—য়ো-

উন্মুক্ত করিয়া দিলাম; ১২। এবং আমি পৃথিবীতে স্রোতসমূহ প্রবাহিত করিয়াছিলাম, অতঃপর নির্দ্দিষ্ট পরিমাণ

عَلٰٓى اَمْرٍ قَدْ قُدِرَ ۚ وَحَمَلْنٰهُ عَلٰى ذَاتِ اَلْوَاحٍ

আলা— আম্‌রেন্ ক্বাদ্ কোদেরা; অ হামাল্নাহু আলা- জা-তে আল্অ-হেঙ্

পানী একত্রিত হইয়াছিল। ১৩। আর আমি তাহাকে তক্তা ও কলীকযুক্ত নৌকায়

وَّدُسُرٍ ۝ تَجْرِىْ بِاَعْيُنِنَا ۚ جَزَآءً لِّمَنْ كَانَ كُفِرَ ۝

অদোছোর্; তাজ্‌রী বেআ'ইয়োনেনা- জ্বাযা—আল্ লেমান্ কা-না কোফের্।

আরোহণ করাইয়াছিলাম; ১৪। যাহা আমার নয়ন-সমক্ষে চালিত হইতেছিল—ইহা তাহার (কৃতকর্ম্মের) প্রতিদান, যাহাকে অমান্য করা হইয়াছিল।

وَلَقَدْ تَّرَكْنٰهَآ اٰيَةً فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ۝ فَكَيْفَ كَانَ

অলাকাত্তারাক্‌না-হা আ-য়্যাতান্ ফাহাল্ মেম্ মোদ্দাকের্? ফাকায়্‌ফা কা-না

১৫। এবং আমি উহাকে নিদর্শনস্বরূপ রাখিয়াছিলাম—কিন্তু কেহ কি উপদেশ গ্রহণ করিবে? ১৬। অতঃপর আমার শাস্তি ও

عَذَابِىْ وَنُذُرِ ۝ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ

আজাবী অ নোজোর্। অলাকাদ্ ইয়াছ্‌ছারনাল্ ক্বোর্—আনা লিজ্‌জিক্‌রে ফাহাল্

ভীতি প্রদর্শন কিরূপ ভয়াবহ হইয়াছিল। ১৭। এবং ইহা সুনিশ্চিত যে, আমি কোরআনকে সদুপদেশ গ্রহণের নিমিত্ত সহজবোধ্য করিয়াছি—অতএব কেহ কি

مِنْ مُّدَّكِرٍ ۝ كَذَّبَتْ عَادٌ فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ ۝

মিম্ মোদ্দাকের্? কাজ্‌জাবাৎ আ'দোন্ ফাকায়্‌ফা কা-না আজাবী অ নোজোর্?

সদুপদেশ গ্রহণ করিবে? আদ-সম্প্রদায় মিথ্যারোপ করিয়াছিল, কাজেই আমার শাস্তি ও ভীতিপ্রদর্শন কিরূপ ভয়াবহ হইয়াছিল।

---

(১৫) পূর্ব্ববর্ত্তী কয়েকটী আয়তে হজরত নূহ (আঃ)-এর প্রসঙ্গ সংক্ষেপে বর্ণিত হইয়াছে। তাঁহার সময়কার লোকেরা ন্যায় ও সত্যের পথ ছাড়িয়া অন্যায় ও কুপথগামী ছিল ও নানাবিধ দুষ্কার্য্যে নিমগ্ন ছিল। তাহাদের ভ্রান্তি অবলোকন করিয়া তাহাদিগকে সৎপথে আনিবার জন্য হজরত নূহ (আঃ) দীর্ঘকাল সদুপদেশ প্রদান করিয়াছিলেন। কিন্তু সেই স্বভাবদুর্ব্বৃত্তগণ তাঁহার কথায় কর্ণপাত করিল না। অবশেষে তাহাদের দুষ্কৃতির জাগতিক প্রতিফলস্বরূপ তাহাদের উপর বন্যা-প্লাবনের অপ্রতিরোধ্য দুর্ভোগ আপতিত হইয়াছিল। জগতের ইতিহাসে তাহাই 'মহা-প্লাবন' নামে অভিহিত হইয়া রহিয়াছে। এই মহা প্লাবনে নিমগ্ন হইয়া দেশের সমস্ত দুস্কৃতিকারীরা বিধ্বস্ত হইয়াছিল। হজরত নূহ (আঃ) কর্ত্তৃক প্রস্তুত নৌকায় যে কয়েকজন ধর্ম্মপরায়ণ ব্যক্তি আরোহণ করিয়াছিল, কেবল মাত্র তাহারাই রক্ষা পাইয়াছিল

পাপাচারীদের শাস্তির জন্য আল্লাহ্ তা'য়ালা যে মহাপ্লাবন দ্বারা তাহাদের কৃতকর্ম্মের প্রতিফল প্রদান করিয়া তাহাদিগকে বিধ্বস্ত করিয়া দিয়াছিলেন, সেই ঐতিহাসিক ও শিক্ষাপ্রদ দুর্ঘটনা পরিসমাপ্তির পরও উক্ত নৌকা বহুদিন যাবত অক্ষত অবস্থায় রাখিয়াছিলেন। উহা দীর্ঘকাল যাবত একটী দ্বীপের উপর রক্ষিত ছিল। শিক্ষা গ্রহণেচ্ছু বহু লোক উহা সন্দর্শন করিয়া সদুপদেশ গ্রহণ করিত। মক্কার উদ্ধত প্রকৃতির কোন কোন ব্যক্তিও উহা স্বচক্ষে দেখিয়াছিল আলোচ্য আয়তে সেই কথাই বিবৃত হইয়াছে

(১৮) অত্র আয়তে আল্লাহ্ তা'য়ালার আদেশ অমান্যকারী 'আদ' সম্প্রদায়ের দুর্ভোগের সংক্ষিপ্ত কাহিনী বর্ণিত হইয়াছে।

إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ رِيحًا صَرْصَرًا فِي يَوْمِ نَحْسٍ

ইন্না— আর্‌ছাল্‌না- আলায়্‌হিম্ রীহান্ ছার্‌ছারা-ন্ ফী ইয়্যাওমে—নাহ্‌ছেম্

১৯। ইহা সুনিশ্চিত যে, আমি তাহাদের উপর এক দুর্ভোগের দিনে অবিরাম প্রবল ঝঞ্ঝাবায়ু প্রেরণ করিয়াছিলাম; ২০। যাহা মনুষ্যগণকে

مُسْتَمِرٍّ ۝ تَنْزِعُ النَّاسَ كَأَنَّهُمْ أَعْجَازُ نَخْلٍ مُنْقَعِرٍ ۝

মোছ্‌তাম্‌মের্‌র্‌। ; তান্‌যেয়োন্না-ছা কা-আন্নাহুম্ আ'জাযো নাখ্‌লেম্ মোন্‌কায়ের্।

সমূলে উৎপাটিত খর্জ্জুরবৃক্ষের কাণ্ডের ন্যায় ছুড়িয়া ফেলিতেছিল।

فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ۝ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ

ফাকায়্‌ফা- কা-না আজা-বী অ নোজোর্। অলাকাদ্ ইয়্যাছছার্‌নাল্ কোর্‌-আনা

২১। অতঃপর (লক্ষ্য কর,) আমার শাস্তি ও ভীতিপ্রদর্শন কিরূপ ভয়াবহ হইয়াছিল! ২২। এবং সুনিশ্চিত যে, আমি এই কোরআনকে সদুপদেশ

لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَّكِرٍ ۝ كَذَّبَتْ ثَمُودُ بِالنُّذُرِ ۝

লিজ্‌ জেক্‌রে ফাহাল্ মিম্ মোদ্দাকের্? ৪ কাজ্‌জাবাৎ সামূদো বিন্‌নোজোর্।

গ্রহণনিমিত্ত সহজবোধ্য করিয়াছি, অতঃপর কেহ কি উপদেশ গ্রহণ করিবে? ২৩। সামূদ সম্প্রদায়ও ভীতি প্রদর্শকদিগকে মিথ্যারোপ করিয়াছিল।

৪ | ৮ | ১ রুকু

فَقَالُوا أَبَشَرًا مِنَّا وَاحِدًا نَتَّبِعُهُ إِنَّا إِذًا لَفِي ضَلَالٍ

ফাকা-লূ-- আবাশারাম্ মিন্না- অ-হেদান্ নাত্তাবেয়োহু- ইন্না- এজাল্ লাফী দ্বলা-লেঙ্‌

২৪। অতঃপর তাহারা বলিতে লাগিল—আমরা কি আমাদেরই মধ্যকার একজন মানবের অনুসরণ করিব? তাহা হইলে ত আমরা

وَسُعُرٍ ۝ أَأُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِنْ بَيْنِنَا بَلْ هُوَ

অছোয়োর্? আওল্‌ক্বেয়্যাজ্‌ জেক্‌রো আলায়্‌হে মিম্ বায়্‌নেনা- বাল্ হুঅ

বিভ্রান্তিতে পতিত এবং উন্মাদ বলিয়া পরিগণিত হইব। ২৫। আমাদের মধ্যে কেবল কি তাহারই উপর সদুপদেশ অবতীর্ণ হইল? বরং

كَذَّابٌ أَشِرٌ ۝ سَيَعْلَمُونَ غَدًا مَنِ الْكَذَّابُ الْأَشِرُ ۝

কাজ্‌জা-বোন্ আশেরোন্। ছাইয়্যালামূনা গাদাম্ মানেল্ কাজ্‌জা-বোল্ আশের্।

সে ত একজন গর্ব্বপরায়ণ মিথ্যাবাদী! ২৬। তাহারা কল্যই অবগত হইবে কে গর্ব্বিত মিথ্যাবাদী।

(২৬) সর্ব্বনিয়ন্তা আল্লাহ্ তায়ালা কর্ত্তৃক প্রেরিত ও তাঁহার মনোনীত রসুল বা বার্ত্তাবহ মহাপুরুষদের আদেশ-উপদেশ অমান্য করিলে ইহলোক ও পরলোকে কিরূপ দুর্দ্দশা ভোগ করিতে হয়—পবিত্র কোরআন সেই সম্প্রদায়ের শোচনীয় দুর্গতির চিত্র অঙ্কিত করিয়া তাহাই স্বপ্রমাণ করিতেছে।

إِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً لَّهُمْ فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ وَنَبِّئْهُمْ

ইন্না- মোর্‌ছেলুন না-কাতে ফেৎনাতাল্ লাহুম্ ফার্‌তাকের্‌হুম্ অছ্‌তাবের্ ; আনাব্বে'হুম্

২৭। তাহাদের পরীক্ষার জন্য আমি একটী উষ্ট্রী প্রেরণ করিব; সুতরাং তুমি প্রতীক্ষা কর এবং ধৈর্য্যধারণ কর। ২৮। এবং তুমি তাহাদিগকে অবগত করিয়া দাও

أَنَّ الْمَاءَ قِسْمَةٌ بَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُّحْتَضَرٌ فَنَادَوْا

ইন্নাল্ মা—আ কেছ্‌মাতোম্ বায়্‌নাহুম্ ; কুল্লো শের্‌বেম্ মোহ্‌তাদ্বার্। ফানাদাও্

যে, তাহাদের মধ্যে পানী বণ্টন করিয়া দেওয়া হইয়াছে—প্রত্যেকেই পর্য্যায়ক্রমে পান করিতে উপস্থিত হইবে। ২৯। কিন্তু তাহারা

صَاحِبَهُمْ فَتَعَاطَىٰ فَعَقَرَ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ

ছা-হেবাহুম্ ফাতাআ-তা- ফাআক্বারা। ফাকায়্‌ফা কা-না আজা-বী অ নোজোর্।

তাহাদের সঙ্গীকে আহ্বান করিল, অতঃপর সে হস্ত প্রসারিত করিল এবং পদ (শিরা) কর্ত্তন করিল। ৩০। অনন্তর আমার শাস্তি ও ভীতিপ্রদর্শন কিরূপ ভয়াবহ হইয়াছিল !—

إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَاحِدَةً فَكَانُوا كَهَشِيمِ

ইন্না— আর্‌ছাল্‌না- আলায়্‌হিম্ ছায়্‌হাতেও্ অ-হেদাতান্ ফাকা-নূ কাহাশীমেল্

৩১। নিশ্চয় আমি তাহাদের উপর এক আতঙ্ক-ধ্বনি প্রেরণ করিলাম—তাহাতে তাহারা চূর্ণিকৃত কাষ্ঠের ন্যায়

الْمُحْتَظِرِ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِن

মোহ্‌তাজের্। অলাক্বাদ্ ইয়্যাছ্‌ছার্‌নাল্ কোর্—আনা লিজ্‌জিক্‌রে ফাহাল্ মিম্

হইয়া পড়িল। ৩২। এবং ইহা সুনিশ্চিত যে, আমি কোরআনকে সদুপদেশ গ্রহণের জন্য সহজবোধ্য করিয়াছি, কেহ কি

مُّدَّكِرٍ كَذَّبَتْ قَوْمُ لُوطٍ بِالنُّذُرِ إِنَّا أَرْسَلْنَا

মোদ্দাকের্ ?, কাজ্জাবাৎ ক্বাওমো লূতেম্ বিন্‌নোজোর্। ইন্না- আর্‌ছাল্‌না-

সদুপদেশ গ্রহণ করিবে ? ৩৩। লূৎ-সম্প্রদায়ও ভীতিপ্রদর্শনকারীদের উপর মিথ্যারোপ করিয়াছিল। ৩৪। (অতএব) আমি তাহাদের

عَلَيْهِمْ حَاصِبًا إِلَّا آلَ لُوطٍ ۖ نَّجَّيْنَاهُم بِسَحَرٍ

আলায়্‌হিম্ হা-ছেবান্ ইল্লা— আলা- লূত ; নাজ্‌জায়্‌না-হুম্ বেছাহারেন্ ;

উপর প্রস্তর বর্ষণ করিলাম; লূতের বংশধর ব্যতীত—তাহাদিগকে আমি প্রভাতেই উদ্ধার করিয়াছিলাম;

(৩৩) আলোচ্য আয়তে ও পরবর্ত্তি কয়েকটী আয়তে লূত সম্প্রদায়ের সর্ব্বজন ঘৃণিত অশ্লীল দুষ্কার্য্যের শোচনীয় পরিণতি বর্ণিত হইয়াছে।

نِّعْمَةً مِّنْ عِنْدِنَا ۚ كَذٰلِكَ نَجْزِىْ مَنْ شَكَرَ ○ وَلَقَدْ

নে'মাতাম্ মিন্ ইন্দেনা; কাজা-লেকা নাজ্‌যী মান্ শাকার্। অলাকাদ্

৩৫। আমার স্বীয় অনুগ্রহে; এইরূপেই আমি কৃতজ্ঞতা জ্ঞাপনকারীকে উদ্ধার করিয়া থাকি। ৩৬। এবং ইহা সুনিশ্চিত যে,

اَنْذَرَهُمْ بَطْشَتَنَا فَتَمَارَوْا بِالنُّذُرِ ○ وَلَقَدْ رَاوَدُوْهُ عَنْ

আন্‌জারাহুম্ বাত্‌শাতানা- ফাতামা-রাও্ বিন্ নোজোর্। অলাকাদ্ রা-অদূহো আন্

তিনি তাহাদিগকে আমার 'পাক্‌ড়াও' সম্বন্ধে ভীতিপ্রদর্শন করিয়াছিলেন, কিন্তু তাহারা ভীতি প্রদর্শন সম্বন্ধে তর্ক-জালই সৃষ্টি করিয়াছিল। ৩৭। এবং ইহা সুনিশ্চিত যে, তাহারা তাঁহার

ضَيْفِهٖ فَطَمَسْنَآ اَعْيُنَهُمْ فَذُوْقُوْا عَذَابِىْ وَنُذُرِ ○ وَلَقَدْ

দ্বায়্‌ফেহী- ফাত্বামাছ্‌না— আ'ইয়োনাহুম্ ফাজুকু আজাবী অনোজোর্। অলাকাদ্

অতিথিদিগকে বার বার দাবী করিয়াছিল; অতঃপর আমি তাহাদিগের চক্ষুসমূহ দৃষ্টিহীন করিয়া দিলাম; অতএব তোমরা আমার শাস্তি ও ভীতি-প্রদর্শনের স্বাদ গ্রহণ কর। ৩৮। আরও ইহা সুনিশ্চিত

صَبَّحَهُمْ بُكْرَةً عَذَابٌ مُّسْتَقِرٌّ ۚ فَذُوْقُوْا عَذَابِىْ وَنُذُرِ ○

ছাব্বাহাহুম্ বোক্‌রাতান্ আজা-বোম্ মোছ্‌তাকেরর্‌রান্; ফাজুকু আজাবী অ নোজোর্।

যে, অতি প্রত্যুষেই তাহাদিগকে বিরামহীন শাস্তি আক্রমণ করিয়াছিল! ৩৯। সুতরাং তোমরা আমার শাস্তি ও ভীতি-প্রদর্শনের স্বাদ গ্রহণ কর।

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ۚ

অলাকাদ্ ইয়াছ্‌ছার্‌নাল্ কোর্-আনা লিজ্‌জেক্‌রে ফাহাল্ মিম্ মোদ্দাকের্? ع

৪০। এবং ইহা সুনিশ্চিত যে, আমি কোরআনকে সদুপদেশ গ্রহণের জন্য সহজবোধ্য করিয়াছি, অতঃপর কেহ কি সদুপদেশ গ্রহণ করিবে?

ع ২ / ৩ রুকু

وَلَقَدْ جَآءَ اٰلَ فِرْعَوْنَ النُّذُرُ ۚ كَذَّبُوْا بِاٰيٰتِنَا

অলাকাদ্ জা—আ আ-লা ফের্‌আওনান্ নোজোর্; কাজ্‌জাবূ বেআয়্যা-তেনা-

৪১। এবং ইহা নিঃসন্দেহ যে, ফেরাউন-গোষ্ঠির নিকটও ভীতি-প্রদর্শনকারী আগমন করিয়াছিল। ৪২। তাহারা আমার সমূহ নিদর্শনগুলিতে

كُلِّهَا فَاَخَذْنٰهُمْ اَخْذَ عَزِيْزٍ مُّقْتَدِرٍ ○ اَكُفَّارُكُمْ

কুল্লোহা- ফা- আখাজ্‌না-হুম্ আখ্‌জা আযীযেম্ মোক্‌তাদের্। আকোফ্‌ফা-রোকুম্

মিথ্যারোপ করিয়াছিল; সুতরাং আমি তাহাদিগকে শক্তিশালী অপ্রতিরোধ্য 'পাক্‌ড়াও'তে পাক্‌ড়াও করিলাম। ৪৩। (হে মক্কাবাসী) তোমাদের ধর্ম-অবিশ্বাসিগণ কি

خَيْرٌ مِّنْ أُولَٰٓئِكُمْ أَمْ لَكُمْ بَرَآءَةٌ فِي الزُّبُرِ ۝ أَمْ

খায়রোম্ মিন্ উলা—য়েকুম্ আম্ লাকুম্ বারা--আতোন্ ফিয্‌যোবোর্ ? আম্

তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠতর অথবা গ্রন্থসমূহে 'মুক্তি-পরওয়ানা' লিখিত আছে ? ৪৪। অথবা

يَقُولُونَ نَحْنُ جَمِيعٌ مُّنْتَصِرٌ ۝ سَيُهْزَمُ الْجَمْعُ

ইয়্যাকূলূনা নাহ্‌নো জামীউম্ মোন্‌তাছের্ ? ছাইয়োহ্ যামোল্ জাম্‌য়ো

তাহারা বলে যে, আমরা শক্তিশালী প্রতিরোধকারী দল ? ৪৫। অতি সত্বর এই দল পরাজয় বরণ করিবে এবং

وَيُوَلُّونَ الدُّبُرَ ۝ بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ وَالسَّاعَةُ

অ ইয়ো অল্লুনাদ্ দোবোর্। বালেছ্ ছা-আতো মাওয়েদোহুম্ অছ্ ছা—আতো

পৃষ্ঠ-প্রদর্শন করিয়া পলায়ন করিবে। ৪৬। বরং এ সময় তাহাদের শাস্তি ভোগের সময় এবং ঐ সময়

أَدْهَىٰ وَأَمَرُّ ۝ إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَٰلٍ وَسُعُرٍ ۝ يَوْمَ

আদ্‌হা- অ আমার্‌রো। ইন্নাল্ মোজ্‌রেমীনা ফী দ্বলা-লেও অ ছোয়োর্। ইয়্যাওমা

অতি ভীষণ ও তিক্তকর! ৪৭। এবং ইহা সুনিশ্চিত যে, অপরাধীরা বিভ্রান্ত ও নির্বুদ্ধিতার পতিত। ৪৮। সে দিবস তাহাদিগকে

يُسْحَبُونَ فِي النَّارِ عَلَىٰ وُجُوهِهِمْ ذُوقُوا مَسَّ سَقَرَ ۝ إِنَّا كُلَّ

ইয়োছ্‌হাবূনা ফিন্না-রে আলা- ওজুহেহিম্ ; জুকূ মাছ্‌ছা ছাকার্। ইন্না- কুল্লা

তাহাদের মুখমণ্ডলের উপর দিয়া দোযখাগ্নিতে টানিয়া লওয়া হইবে ;—(বলা হইবে—) তোমরা দোযখ স্পর্শের স্বাদ গ্রহণ কর। ৪৯। ইহা সুনিশ্চিত যে,

شَيْءٍ خَلَقْنَٰهُ بِقَدَرٍ ۝ وَمَآ أَمْرُنَآ إِلَّا وَاحِدَةٌ

শাইয়্যেন্ খালাক্‌না-হো বেক্বাদার্। অমা- আম্‌রোনা— ইল্লা- অ-হেদাতোন্

আমি প্রত্যেক বস্তু উহার পরিমিতভাবে সৃষ্টি করিয়াছি। ৫০; এবং আমার আদেশ চক্ষুর পলকের

كَلَمْحٍ بِالْبَصَرِ ۝ وَلَقَدْ أَهْلَكْنَآ أَشْيَاعَكُمْ فَهَلْ مِن

কালাম্‌হেম্ বিল্ বাছার্। অলাক্বাদ্ অহ্‌লাক্‌না— আশ্‌য়্যা-আকুম্ ফাহাল্ মিম্

ন্যায় একবার ব্যতীত নহে। ৫১। এবং ইহা সুনিশ্চিত যে, আমি তোমাদের সমপর্য্যায়ভুক্তগণকে বিনষ্ট করিয়া দিয়াছি ; অতঃপর কেহ

(৪১-৪৫) এই কয়েকটী আয়তে ফেরাউনী দলের দুষ্কৃতি ও তাহাদের শোচনীয় পরিণাম বিবৃত হইয়াছে।

مُدَّكِرٍ ۝ وَكُلُّ شَيْءٍ فَعَلُوْهُ فِي الزُّبُرِ ۝ وَكُلُّ صَغِيْرٍ

মোদ্দাকের্? অ কুল্লো শাইয়েন্ ফাআলুহো ফিয্‌যোবোর্। অকুল্লো ছাগীরেঙ্

সদুপদেশ গ্রহণ করিবে? ৫২। এবং তাহারা যাহাকিছু করিয়াছে, তৎসমুহ লিপিকায় রহিয়াছে। ৫৩। এবং প্রত্যেক ছোট

وَكَبِيْرٍ مُّسْتَطَرٌ ۝ اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّنَهَرٍ ۙ

অ কাবীরেম্ মোছ্‌তাতার্। ইন্নাল্ মাত্তাকীনা- ফী জান্না-তেঙ্ অ নাহার্;

ও বড় বিষয় লিপিবদ্ধ রহিয়াছে। ৫৪। ইহা সুনিশ্চিত যে, ধর্ম্মভীরুগণ বেহেশ্‌ত-উদ্যান ও স্রোতস্বিনী সমুহের মধ্যে রহিবে।—

فِيْ مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيْكٍ مُّقْتَدِرٍ ۙ

ফী মাক্‌আদে ছেদ্‌কেন্ ইন্দা মালীকেম্ মোক্‌তাদের্। ৫

৫৫। মহাশক্তিধর সম্রাট সন্নিধান সত্যধামে।

৫ ১০/৩ ২৭

৫৫শ ছুরা—আর্‌রহ্‌মান মকায় অবতীর্ণ হয়	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝ বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ৩ রুকু ও ৭৮ আয়ত।

اَلرَّحْمٰنُ ۙ عَلَّمَ الْقُرْاٰنَ ۙ خَلَقَ الْاِنْسَانَ ۙ عَلَّمَهُ الْبَيَانَ ۝

আর্‌রাহ্‌মা নো আল্লামাল্ কোর্-আন্। খালাকাল্ ইন্‌ছা-না আল্লামাহুল্ বায়্যান্।

১। (তিনি-ই) অনন্ত করুণাময়;—২। যিনি এই কোরআন শিক্ষা দিয়াছেন।—৩। তিনি মানবকে সৃষ্টি করিয়াছেন; তাহাকে কথা বলা শিক্ষা দিয়াছেন;

(১) বিশ্বজগতের সর্ব্ববৃহৎ বস্তু হইতে আরম্ভ করিয়া অণু-পরমাণু পর্য্যন্ত সমুহ বস্তু ও প্রকৃতিপুঞ্জও অনন্ত অনুপম তুলনাহীন করুণাময় আল্লাহ্ তায়ালার সংখ্যাতীত করুণাতেই সক্রিয় সুনিয়ন্ত্রিত ও পরিচালিত—ইহা সাধারণ মানব অনুভব করিলেও আল্লার নবীগণের (আঃ) এই সত্যানুভূতি পূর্ণাঙ্গরূপে ছিল। তাই তাঁহারা প্রতিপাদক্ষেপে করুণাময়ের অনন্ত করুণামণ্ডিত 'পরম করুণাময়' নাম স্মরণ ও সশ্রদ্ধা বরণ করিয়া অগ্রসর হইতেন। হজরত নবী-সম্রাট রছুলে করীম (সঃ)ও আল্লাহ্ তায়ালার এই বিশিষ্ট নাম 'রহমান'—পরমকরুণাময় সদা সর্ব্বদা বলিতেন। ইহা শ্রবণ করিয়া মক্কার উদ্ধত সত্যবিমুখগণ অবাক ও বিস্ময় বোধ করিত এবং অবজ্ঞা সহকারে বলিত—'রহমান আবার কে? তাহাকে ত আমরা জানি না।' তাহাদের এই নির্ব্বোধ-জনোচিত প্রশ্নের উত্তর স্বরূপ এই সুরা অবতীর্ণ হয়।

অত্র সুরা মক্কায় অবতীর্ণ হইয়াছিল। এবং ইহাতে সৃষ্টির প্রতি আল্লাহ্ তায়ালার অফুরন্ত দানের কথা, তাহাদের প্রতি অন্তহীন দয়া ও মহত্বের বিষয় বর্ণিত হইয়াছে—এতৎসমুদয়ের প্রতি লক্ষ্য করিলে অত্র সুরার নাম 'রহমান' যুক্তি-সঙ্গত ও সার্থক হইয়াছে।

আলোচ্য সুরার প্রথমেই বিশ্বসৃষ্টির প্রতি আল্লাহ্ তায়ালার শ্রেষ্ঠতম দান—তাঁহার প্রত্যাদেশ তথা বিজ্ঞানে-ভরা কোরআনের কথাই উল্লেখ করা হইয়াছে। উহাতে বর্ণিত হইয়াছে যে, সেই করুণাময়ই হজরত মোহাম্মদ (সঃ)-কে পবিত্র কোরআন শিক্ষা দিয়াছেন—ইহা তাঁহার স্বরচিত নহে বা কোন জিন ইত্যাদি তাঁহাকে ইহা শিক্ষা দেন নাই। প্রথমে 'রহমান' শব্দ উল্লেখ করায় ইহা সুস্পষ্ট প্রমাণিত হইতেছে

২৭

الشَّمْسُ وَالْقَمَرُ بِحُسْبَانٍ ۙ وَالنَّجْمُ وَالشَّجَرُ

আশ্‌শাম্‌ছো অল্‌ কামারো বেহোছ্‌বা-নেঙ্‌ ; অন্‌ নাজ্‌মো অশ্‌শাজারো

৫। সূর্য্য ও চন্দ্র গণনা করিতে নিয়োজিত রহিয়াছে ; ৬। এবং লতাসমূহ ও তরুরাজি

يَسْجُدَانِ ۝ وَالسَّمَاءَ رَفَعَهَا وَوَضَعَ الْمِيزَانَ ۙ أَلَّا

ইয়াছ্‌জোদান্‌। অছ্‌ছামা—আ রাফাআহা- অ অদা-আল্‌ মীযান্‌। ; আল্‌ লা-

সেজদা করিতেছে ; ৭। এবং আকাশ—তিনি উহাকে সমুন্নত করিয়াছেন এবং তিনি পরিমাপ-যন্ত্র প্রতিষ্ঠা করিয়াছেন ; ৮। যেন

تَطْغَوْا فِي الْمِيزَانِ ۝ وَأَقِيمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا الْمِيزَانَ ۝

তাত্‌গাও্‌ ফিল্‌ মীযান্‌। অ আকীমুল্‌ অয্‌না বিল্‌ কেছ্‌তে অলা- তোখ্‌ছেরুল্‌ মীযান্‌।

তোমরা পরিমাপে সীমাতিক্রম না কর। ৯। এবং তোমরা বিচারসঙ্গত ভাবে পরিমাপ প্রতিষ্ঠা কর এবং পরিমাপে কম করিও না।

وَالْأَرْضَ وَضَعَهَا لِلْأَنَامِ ۙ فِيهَا فَاكِهَةٌ ۙ وَالنَّخْلُ ذَاتُ

অল্‌ আর্‌দ্বা অদাআহা লিল্‌-আনা-ম্‌ ; ফিহা- ফা-কেহাতোঙ্‌ অন্‌ নাখ্‌লো জা-তোল্‌

এবং পৃথিবী—তিনি ইহাকে প্রাণীজগতের জন্য রচনা করিয়াছেন। ১১। তন্মধ্যে ফলরাজি ও খোশাযুক্ত খর্জ্জুরগুচ্ছ

الْأَكْمَامِ ۖ وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۚ فَبِأَيِّ آلَاءِ

আক্‌মা-ম্‌ ; অল্‌ হাব্বো জুল্‌ আছ্‌ফে অর্‌রায়্‌হান্‌। ফাবে আইয়্যে আ-লা—য়ে

রহিয়াছে ; ১২। এবং তুষযুক্ত খাদ্য ও সুগন্ধযুক্ত ফুল। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ خَلَقَ الْإِنْسَانَ مِنْ صَلْصَالٍ كَالْفَخَّارِ ۙ

রাব্বেকুমা- তোকাজ্‌জেবান্‌ ? খালাকাল্‌ ইন্‌ছা-না মিন্‌ ছাল্‌ছা-লেন্‌ কাল্‌ ফাখ্‌খারে ;

কোন্‌ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ১৪। তিনি অগ্নিদগ্ধ মৃত্তিকার ন্যায় শুষ্ক মৃত্তিকা হইতে মানবকে সৃষ্টি করিয়াছেন।

যে, পবিত্র কোরআনের শিক্ষা হইতেছে বিশ্বমানবের প্রতি আল্লাহ্‌ তায়ালার বৃহত্তম দান। কারণ তৎকালীন প্রাচ্য-প্রতীচ্য—জগতের প্রায় সর্ব্বত্র অজ্ঞানান্ধকারে তমসাচ্ছন্ন ছিল, ভ্রান্ত মত ও পথ দিগন্ত জুড়িয়া পরিব্যাপ্ত ছিল ও কল্পনার পূজা চলিত। কিন্তু যিনি বিশ্বের স্রষ্টা ও নিয়ন্তা করুণাময় আল্লাহ্‌— তিনি সামগ্রিকভাবে বিশ্বমানবকে বিভ্রান্তিতে কিরূপে যাইতে দিবেন। সেজন্য তিনি পবিত্র কোরআনের জলন্ত ও জীবন্ত অমিয়বাণীকে 'মুক্তি-পরওয়ানা' করিয়া অজ্ঞানান্ধকার, ধর্ম্মান্ধতা, হতাশ ও দুর্গতির অতল-সাগরে নিমজ্জিত-প্রায় বিশ্ব-মানবের উদ্ধার-পথ উন্মুক্ত করিয়া দিয়াছেন।

وَخَلَقَ الْجَآنَّ مِنْ مَّارِجٍ مِّنْ نَّارٍ ۚ فَبِاَیِّ اٰلَآءِ

অ খালাকাল্ জ্বা—ন্না মিম্ মা-রেজেম্ মিন্ না-র্। ফাবে আইয়্যে আ-লা—য়ে

১৫। এবং তিনি অগ্নি-স্ফুলিঙ্গ হইতে জেনকে সৃষ্টি করিয়াছেন। ১৬। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

رَبِّكُمَا تُكَذِّبٰنِ ○ رَبُّ الْمَشْرِقَيْنِ وَرَبُّ الْمَغْرِبَيْنِ ۚ

রাব্বেকুমা- তোকাজ্‌জেবান্? রাব্বোল্ মাশ্‌রেক্বায়্‌নে অ রাব্বোল্ মাগ্‌রে বায়েন্

কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ১৭। তিনি পূর্ব্বদ্বয়ের প্রতিপালক ও পশ্চিমদ্বয়ের প্রতিপালক;

فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ○ مَرَجَ الْبَحْرَيْنِ

ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা- তোকাজ্‌জেবান্? মারাজ্বাল্ বাহ্‌রায়্‌নে

১৮। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ১৯। তিনি সমুদ্রদ্বয়কে

يَلْتَقِيٰنِ ۙ بَيْنَهُمَا بَرْزَخٌ لَّا يَبْغِيٰنِ ۚ فَبِاَیِّ

ইয়্যাল্‌তাক্বেয়্যান্; বায়্‌নাহুমা বার্‌যাখোল্ লা- ইয়্যাব্‌গেয়্যা-ন্; ফাবে আইয়্যে

একত্রিত ভাবে প্রবাহিত করিয়াছেন। ২০। তদুভয়ের মধ্যে অনতিক্রমণীয় অন্তরাল রহিয়াছে। ২১। তবে তোমরা

اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ○ يَخْرُجُ مِنْهُمَا اللُّؤْلُؤُ وَ

আ-লা—য়ে রাব্বেকুমা- তোকাজ্‌ জেবান্? ইয়্যাখ্‌রোজো মিন্‌হুমাল্ লুলুয়ো

তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ২২। তদুভয়ের মধ্য হইতে মুক্তা ও

الْمَرْجَانُ ۚ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ○ وَلَهُ

অল্ মার্‌জ্বান্; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা- তোকাজ্‌ জেবান্? অলাহুল্

প্রবাল বহির্গত করা হয়। ২৩। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ২৪। এবং তাঁহারই জন্য

الْجَوَارِ الْمُنْشَئٰتُ فِي الْبَحْرِ كَالْاَعْلَامِ ۚ فَبِاَیِّ اٰلَآءِ

জ্বাঅ-রেল্ মোন্‌শাআ-তো ফিল্ বাহ্‌রে কাল্ আ'লাম্; ফাবে আইয়্যে আ-লা—য়ে

সমুদ্র-মধ্যে দণ্ডায়মান পর্ব্বত সদৃশ নৌকা স্থিরাবস্থায় রহিয়াছে। ২৫। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۞ كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ ۞ وَّيَبْقٰى

রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্‌ ? ৫ কুল্লো মান্‌ আলায়হা- ফা-নেও্‌ অ ইয়্যাব্‌কা

কোন্‌ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ২৬। ইহার (পৃথিবীর) উপর অবস্থিত যাবতীয় বস্তুই লয়শীল ; ২৭। আর তোমার

৭১
১
রুকু

وَجْهُ رَبِّكَ ذُو الْجَلٰلِ وَالْاِكْرَامِ ۞ فَبِاَىِّ اٰلَآءِ رَبِّكُمَا

অজ্‌হো রাব্বেকা জুল্‌ জালা-লে অল্‌ এক্‌রাম্‌ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা

মহাসম্মানভাজন প্রতাপশালী প্রতিপালকের সত্তা লয়হীন—অনন্তকাল স্থায়ী ২৮। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্‌ দান-সম্পদে

تُكَذِّبٰنِ ۞ يَسْـَٔلُهٗ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ كُلَّ

তোকাজ্‌ জেবান্‌ ? ইয়্যাছ্‌ আলোহূ মান্‌ ফিছ্‌ ছামা-অ-তে অল্‌ আর্‌দ্বে ; কুল্লা

মিথ্যারোপ করিবে ? ২৯। আকাশ ও পৃথিবীর সকলই তাঁহার নিকট যাঞ্চা করিতেছে ; প্রতিক্ষনই

يَوْمٍ هُوَ فِىْ شَاْنٍ ۞ فَبِاَىِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۞

ইয়্যাও্‌ মেন্‌ হুঅ ফি শান্‌ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্‌ ?

তিনি (সৃষ্টির) নিয়ন্ত্রণে সুপ্রতিষ্ঠিত। ৩০। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্‌ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ?

سَنَفْرُغُ لَكُمْ اَيُّهَ الثَّقَلٰنِ ۞ فَبِاَىِّ اٰلَآءِ

ছানাফ্‌রোগো লাকুম্‌ আইয়্যোহাস্‌ সাকালান্‌ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে

৩১। হে দুই সম্প্রদায় ! আমি অতি সত্বর তোমাদের (বিচারের জন্য) মনোযোগী হইব। ৩২। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۞ يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اِنِ اسْتَطَعْتُمْ

রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্‌ ? ইয়্যা মা'শারাল্‌ জেন্নে অল্‌ এন্‌ছে এনেছ্‌ তাত্বা'তুম্‌

কোন্‌ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৩৩। হে জেন ও মানবদল ! যদি আকাশ ও পৃথিবীর সীমান্ত অতিক্রম করিতে

---

(২৭) চিরজীব অনাদি অনন্ত ও মহাপ্রতাপ এবং মহাসম্মানের একমাত্র অধিকারী আল্লাহ্‌ ব্যতীত সমগ্র বিশ্বের সমুহ সৃষ্টি যে এককালে লয়প্রাপ্ত হইবে—আলোচ্য আয়তে তাহাই সুস্পষ্টভাবে বর্ণিত হইয়াছে। অমর-জগতের অবসান—ইহাও মানবের জন্য আল্লাহ্‌ তায়ালার অন্যতম করুণার দান। কারণ ইহার পরিসমাপ্তির পরই 'দারে বাকা' বা অমর জগতের সন্ধান মিলিবে। আরও ইহার পরিসমাপ্তি অর্থাৎ মৃত্যু আল্লাহ্‌-প্রেমিকজনকে তাঁহার সন্নিধানে লইয়া যায় বলিয়া মৃত্যুকে 'ব্যবধান-সেতু' বলিয়া আখ্যা প্রদান করা হয়। এতদ্ব্যতীত মৃত্যু একদিকে প্রচুর অর্থ ও ক্ষণিক প্রভাব-প্রতিপত্তির অধিকারীদের অন্তিম দশা আনয়ন করিয়া ইহার গর্ব্ব ও অহঙ্কার যে ক্ষণভঙ্গুর তাহা প্রমাণ করিয়া ধর্ম্ম-বিশ্বাসীদের অন্তরে সান্তনা প্রদান করে।

اَنْ تَنْفُذُوْا مِنْ اَقْطَارِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ فَانْفُذُوْا ؕ لَا تَنْفُذُوْنَ

আন্ তান্‌ফোজু মিন্ আক্‌ত্বারিছ্ ছামা-অতে অল্ আর্‌দ্বে ফান্‌ফুজু লা- তান্ ফোজুনা
সক্ষম হও, অতিক্রম করিয়া যাও ;—তদ্রূপ শক্তি ব্যতীত তোমরা অতিক্রম করিয়া যাইতে

اِلَّا بِسُلْطٰنٍ ۚ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّکُمَا تُکَذِّبٰنِ ۝

ইল্লা- বেছোল্‌ত্বা-ন্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্ জেবান্ ?
পারিবে না। ৩৪। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ?

یُرْسَلُ عَلَیْکُمَا شُوَاظٌ مِّنْ نَّارٍ ۙ۬ وَّنُحَاسٌ فَلَا

ইয়্যোর্‌ছালো আলাইকুমা শোঅজোম্ মিন্‌নারেঙ্ ; অ নোহাছোন্ ফালা-
৩৫। তোমাদের উভয়ের উপর অগ্নি-শিখা ও ধুম্র নিক্ষিপ্ত হইবে ; তখন

تَنْتَصِرٰنِ ۚ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّکُمَا تُکَذِّبٰنِ ۝

তান্‌তাছেরা-নে ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা- তোকাজ্ জেবান্ ?
তোমরা প্রতিরোধ করিতে পারিবে না। ৩৬। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ?

فَاِذَا انْشَقَّتِ السَّمَآءُ فَکَانَتْ وَرْدَۃً کَالدِّهَانِ ۚ فَبِاَیِّ

ফাএজান্ শাক্‌কাতেছ্ ছামা—য়ো ফাকানাৎ অর্‌দাতান্ কাদ্ দেহান্ ; ফাবে আইয়ে
৩৭। অতঃপর যখন আকাশ বিদীর্ণ হইয়া রক্তাক্ত চর্ম্ম সদৃশ লোহিত বর্ণ ধারণ করিবে ! ৩৮। তবে তোমরা তোমাদের

اٰلَآءِ رَبِّکُمَا تُکَذِّبٰنِ ۝ فَیَوْمَئِذٍ لَّا یُسْـَٔلُ

আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্ জেবান্ ? ফাইয়্যাওঁ মায়েজেল্ লা- ইয়্যোছ্‌আলো
প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৩৯। তারপর সেদিবস মানব অথবা জেন্—

عَنْ ذَنْۢبِهٖۤ اِنْسٌ وَّلَا جَآنٌّ ۚ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّکُمَا

আন্ জাম্‌বিহী-- এন্‌ছোঙ্ অলা- জা—ন্নো ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা
তাহাদের পাপ সম্বন্ধে কেহ কিছুই বলিবে না। ৪০। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে

تُکَذِّبٰنِ ۝ یُعْرَفُ الْمُجْرِمُوْنَ بِسِیْمٰهُمْ فَیُؤْخَذُ بِالنَّوَاصِیْ

তোকাজ্ জেবান্ ? ইয়্যো'রাফোল্ মোজ্‌রেমূনা বেছীমা'হুম্ ফাইয়্যোখাজো বিন্নাঅসী
মিথ্যারোপ করিবে ? ৪১। অপরাধীরা তত্ স্ব স্ব আকৃতিতেই ধরা পড়িবে, তখন তাহাদিগকে কেশদাম ও পদসমূহ সহকারে

وَالْأَقْدَامِ ۚ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝

অল্‌আক্‌দাম্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তেকাজ্‌জেবান্ ?

পাকড়াও করা হইবে। ৪২। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ?

هَٰذِهِ جَهَنَّمُ الَّتِي يُكَذِّبُ بِهَا الْمُجْرِمُونَ ۝ يَطُوفُونَ

হাজেহী- জাহান্নামোল্ হাত্তী ইয়্যোকাজ্‌জেবো বেহাল্ মোজ্‌রেমূন্ ॥ ইয়াতুফূনা

৪৩। ইহা সেই দোযখ— যাহার সম্বন্ধে পাপাচারিগণ মিথ্যারোপ করিত। ৪৪। তাহারা ইহার মধ্যে

بَيْنَهَا وَبَيْنَ حَمِيمٍ آنٍ ۚ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا

বায়্‌নাহা- অ বায়্‌না হামীমেন্ আন্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা

ও অত্যাধিক উত্তপ্ত পানীতে ঘুরিয়া বেড়াইবে। ৪৫। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে

تُكَذِّبَانِ ۝ وَلِمَنْ خَافَ مَقَامَ رَبِّهِ جَنَّتَانِ ۚ فَبِأَيِّ

তোকাজ্‌জেবান্ ? ; অলেমান্ খা ফা মাকা-মা রাব্বেহী- জান্না-তান্ ; ফাবে

মিথ্যারোপ করিবে ? ৪৬। এবং যে ব্যক্তি স্বীয় প্রতিপালক-সমক্ষে দাঁড়াইতে সদা সন্ত্রস্ত—তাহার জন্য দুইটী বেহেশ্‌ত রহিয়াছে। ৪৭। তবে তোমরা

آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۚ ذَوَاتَا أَفْنَانٍ ۚ

আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌জেবান্ ? জাঅ-তা— আফ্‌নান্ ;

তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৪৮। উভয়টী বহু শাখা-প্রশাখা-সমন্বিত

فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ فِيهِمَا عَيْنَانِ

ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌জেবান্ ? ফীহেমা- আয়্‌না-নে

৪৯। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৫০। (আরও) তদুভয় মধ্যে দুইটী ঝরণা

تَجْرِيَانِ ۚ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ فِيهِمَا

তাজ্‌রেয়্যান্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌জেবান্ ? ফীহেমা

প্রবাহিত হইবে। ৫১। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৫২। উভয়টীর মধ্যে

ع ২/২ রুকু

مِنْ كُلِّ فَاكِهَةٍ زَوْجَانِ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا

মিন্ কুল্লে ফা-কেহাতেন্ যাওজান্ ; ফাবে আইয়্যে আ-ল্লা—য়ে রাব্বেকুমা

সর্ব্ব প্রকারের ফল জোড়া জোড়া রহিয়াছে। ৫৩। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

تُكَذِّبَانِ ۝ مُتَّكِئِينَ عَلَىٰ فُرُشٍ بَطَائِنُهَا مِنْ

তোকাজ্ জেবান্ ? মোত্তাকেয়ীনা আলা- ফোরোশেম্ বাত্বা—য়েনাহা মিন্

কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৫৪। তাহারা রেশমী বস্ত্র খচিত শয্যাসমুহের উপর এলায়িত ভাবে

إِسْتَبْرَقٍ ۚ وَجَنَى الْجَنَّتَيْنِ دَانٍ ۝ فَبِأَيِّ آلَاءِ

এছ্তাব্রাক্ ; অ জানাল্ জান্নাতায়্নে দান্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে

অবস্থান করিবে এবং উভয় বেহেশ্‌তের ফলরাশি নিকটবর্ত্তী হইবে। ৫৫। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ فِيهِنَّ قَاصِرَاتُ الطَّرْفِ لَمْ يَطْمِثْهُنَّ

রাব্বেকুমা তোকাজ্ জেবান্ ? ফীহেন্না ক্বা-ছেরা-তাত্ত্বার্‌ফে লাম্ ইয়্যাৎমেস্‌হুন্না

কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৫৬। তথায় নিমিলিত-আঁখি (সুন্দরী)গণ রহিয়াছে—মানব অথবা

إِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَانٌّ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا

এন্‌ছোন্ ক্বাব্‌লাহুম্ অলা- জ্বা—ন্নো ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা

দানব—ইতিপূর্ব্বে কেহই তাহাদিগকে স্পর্শ করে নাই। ৫৭। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে

تُكَذِّبَانِ ۝ كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ ۝ فَبِأَيِّ

তোকাজ্ জেবান্ ? কাআন্নাহুন্নাল্ ইয়্যাকুতো অল্ মার্‌জ্বান্ ; ফাবে আইয়্যে

মিথ্যারোপ করিবে ? ৫৮। তাহারা ত পদ্মরাগ মণি ও মুক্তা সদৃশ। ৫৯। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ هَلْ جَزَاءُ الْإِحْسَانِ إِلَّا

আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্ জেবান্ ? হাল্ জ্বাযা--য়োল্ এহ্‌ছা-নে ইল্লাল্

কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৬০। সদাচারের প্রতিদান সদাচার

الْاِحْسَانُ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝ وَمِنْ

এহ্ছানো। ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌জেবান্? অমিন্

ব্যতীত আর কিছুই নহে। ৬১। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ৬২। এবং

دُوْنِهِمَا جَنَّتٰنِ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۙ

দুনেহিমা- জান্নাতান্; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্?

এই দুইটী ব্যতীত আরও দুইটী বেহেশ্‌ত রহিয়াছে। ৬৩। তবে তোমরা তোহাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে?

مُدْهَآمَّتٰنِ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۝

মোদ্‌হাম্মাতান্; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্?

৬৪। উভয়টী গাঢ় হরিৎ বর্ণবিশিষ্ট। ৬৫। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে?

فِيْهِمَا عَيْنٰنِ نَضَّاخَتٰنِ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا

ফীহেমা- আয়্‌না-নে নাদ্দাখাতান্; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা

৬৬। উহাদের দুইটীর মধ্যে দুই ঝরণা উচ্ছ্বসিত হইতেছে। ৬৭। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে

تُكَذِّبٰنِ ۝ فِيْهِمَا فَاكِهَةٌ وَّنَخْلٌ وَّرُمَّانٌ ۚ فَبِاَيِّ

তোকাজ্‌ জেবান্? ফীহেমা- ফাকেহা-তোঙ্‌ অ নাখ্‌লোঙ অ রোম্মান্; ফাবে

মিথ্যারোপ করিবে? ৬৮। উভয়টীর মধ্যে রাশিকৃত ফল—খর্জ্জুর ও দাড়িম্ব রহিয়াছে। ৬৯। তবে

اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۚ فِيْهِنَّ خَيْرٰتٌ حِسَانٌ ۚ

আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্। ফীহিন্না খায়্‌রা-তোন্

তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ৭০। তন্মধ্যে শুদ্ধ-চরিত্রা

فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۚ حُوْرٌ

হেছান্; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌ জেবান্? হূরোম্

রূপসীগণ রহিয়াছে। ৭১। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে? ৭২। সুলোচনা

مَقْصُوْرٰتٌ فِي الْخِيَامِ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۚ

মাক্‌ছুরাতোন্ ফিল্ খেয়াম্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা তোকাজ্‌জেবান্ ?

সুন্দরীগণ তাঁবুসমূহের মধ্যে বসিয়া রহিয়াছে। ৭৩। তবে তোমরা তোমাদের প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ?

لَمْ يَطْمِثْهُنَّ اِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَآنٌّ ۚ فَبِاَيِّ

লাম্ ইয়্যাত্‌মেস্ হুন্না এন্‌ছোন্ ক্বাব্‌লাহুম্ অলা- জা—ন্নো ; ফাবে আইয়্যে

৭৪। মানব অথবা দানব—কেহই ইতিপূর্ব্বে তাহাদিগকে স্পর্শ করে নাই। ৭৫। তবে তোমরা তোমাদের

اٰلَاۤءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ۚ مُتَّكِـِٕيْنَ عَلٰى رَفْرَفٍ

আ-লা—য়ে রাব্বেকুমা- তোকাজ্‌জেবান্ ? মোত্তাকেয়ীনা আলা- রাফ্‌রাফেন্ ?

প্রতিপালকের কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৭৬। তাহারা সবুজ বর্ণের গালিচা

خُضْرٍ وَّعَبْقَرِيٍّ حِسَانٍ ۚ فَبِاَيِّ اٰلَاۤءِ رَبِّكُمَا

খোদ্‌রেঙ্ অ আব্‌কারীয়্যেন্ হেছান্ ; ফাবে আইয়্যে আ-লা—য়ে রাব্বেকুমা-

ও অতি উপাদেয় ভিন্ন ভিন্ন বর্ণের শয্যায় এলায়িত ভাবে অবস্থান করিবে। ৭৭। তবে তোমরা তোমাদের প্রতিপালকের

تُكَذِّبٰنِ ۝ تَبٰرَكَ اسْمُ رَبِّكَ ذِي الْجَلٰلِ وَالْاِكْرَامِ ۚ

তোকাজ্‌জেবান্ ? তাবারাকাছ্‌মো রাব্বেকা জিল্ জালা—লে অল্ এক্‌রাম্।

কোন্ দান-সম্পদে মিথ্যারোপ করিবে ? ৭৮। তোমার প্রতিপালকের নাম মহিমান্বিত—যিনি প্রতাপ ও মহাসম্মানের অধিকারী।

৫
৭৩/৩
রুকু

---

(৭৮) আল্লাহ্ তায়ালা অত্র সূরার প্রারম্ভ হইতে শেষাবধি সৃষ্টির প্রতি তাঁহার অসংখ্য ও অনুপম দানের কথা এবং তাঁহার দানের প্রতি যাহারা অকৃতজ্ঞ অর্থাৎ ঐগুলি যে, করুণাময় আল্লা'র দান—তাহা অস্বীকার করিয়া যাহারা সেগুলির সদ্ব্যবহার করে না, তাহাদের শোচনীয় পরিণতির কথা বর্ণনা করিয়াছেন। পক্ষান্তরে যাহারা আল্লাহ্ তায়ালার দান সমূহ পাইয়া সাদরে ঐগুলির যথাযথ সদ্ব্যবহার করিয়া মনে-মুখে ও কার্য্যের দ্বারা তাঁহার কৃতজ্ঞতা প্রকাশ করে, তাহাদের সুনিশ্চিত সাফল্য ও পরকালে অন্তহীন পুরস্কারের কথাও অত্র সূরায় বর্ণিত হইয়াছে। অতএব এই সমূহের সৃষ্টি, নিয়ন্ত্রণ ও যোগ্যপাত্রে অর্পণ করার ক্ষমতা যাঁহার হস্তে—তিনি অর্থাৎ সেই বিশ্বনিয়ন্তার নাম অতি পবিত্র অতি মহীয়ান ও মহাসম্মানের গৌরবে গৌরবমণ্ডিত।

৫৬শ ছুরা—অ-কেয়াহ্ মকায় অবতীর্ণ হয়।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝ বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ৩ রুকু ও ৯৬ আয়ত।

إِذَا وَقَعَتِ الْوَاقِعَةُ ۝ لَيْسَ لِوَقْعَتِهَا كَاذِبَةٌ ۝

এজা- অক্বাআতিল্ অ-কেআ-তো ; লায়ছা লেঅক্ আতেহা- কা-জেবাহ্॥

১। সেই মহা-ঘটনা (কেয়ামত) যখন অবশ্যই অকস্মাৎ সংঘটিত হইবে ; ২। উহার সংঘটনে ত মিথ্যার কোনই স্থান নাই।

خَافِضَةٌ رَّافِعَةٌ ۝ إِذَا رُجَّتِ الْأَرْضُ رَجًّا ۝ وَبُسَّتِ

খা-ফেদ্বাতোর্‌রাফেআতোন্ ; এজা- রোজ্জাতিল্ আর্‌দ্বো রাজ্জাঙ্ ; অ বোছ্‌ছাতিল্

৩। উহা অবনত ও উন্নতকারী। ৪। তখন পৃথিবী মহা-আলোড়নে আলোড়িত হইবে ; এবং পর্ব্বতসমূহ বিচুর্ণনে

الْجِبَالُ بَسًّا ۝ فَكَانَتْ هَبَاءً مُّنْبَثًّا ۝ وَكُنْتُمْ

জেবা-লো বাছ্‌ছান্ ; ফাকানাৎ হাবা—আম্ মোম্‌বাস্‌সাঙ্ ; অ কোন্তুম্

বিচুর্ণিত হইবে ; ৬। সে সময় উহা উড্ডীয়মান ধুলিকণার ন্যায় হইবে। ৭। এবং তোমরা

أَزْوَاجًا ثَلَاثَةً ۝ فَأَصْحَابُ الْمَيْمَنَةِ ۝ مَا أَصْحَابُ

আয্ অ-জান্ সালা-সা ; ফা আছ্‌হা-বোল্ মায়মানাতে ; মা-- আছ্‌হা-বোল্

তিন দলে বিভক্ত হইবে। ৮। (তন্মধ্যে) দক্ষিণ পার্শ্বস্থিত দল ; দক্ষিণ পার্শ্বস্থিত দল

الْمَيْمَنَةِ ۝ وَأَصْحَابُ الْمَشْأَمَةِ ۝ مَا أَصْحَابُ الْمَشْأَمَةِ ۝

মায়মানাহ্ ; অ আছ্‌হা-বোল্ মাশ্‌আমাতে ; মা-- আছ্‌হা-বোল্ মাশ্‌আমাহ্ ;

কি (উৎকৃষ্ট) ! ৯। এবং বাম পার্শ্বস্থিত দল ; বাম পার্শ্বস্থিত দল কি (নিকৃষ্ট) !

(১) কেয়ামত সত্যসত্যই সংঘটিত হইবে বলিয়া উহার এক নাম 'অ-কেয়া'। এবং ইহার প্রারম্ভে কেয়ামত-দিবসে সুনিশ্চিতভাবে সেগুলি সংঘটিত হইবে তন্মধ্যে কয়েকটীর পূর্ব্বাভাস এই সুরার প্রথমে দেওয়া হইয়াছে।

(৭) পার্থিব ক্রিয়াকলাপ ও আচার-আচরণের প্রতিদান ও প্রতিফল স্বরূপ বিচার-দিবসে মানব-মণ্ডলী তিন দলে বিভক্ত হইবে। সাধারণ ভাবে ভাল ও মন্দ এই দুই শ্রেণী। পবিত্র কোরানে সংলোক-দিগকে 'দক্ষিণ পার্শ্বস্থিত দল' বলা হইয়াছে এবং অসৎ লোকদিগকে 'বাম পার্শ্বস্থিত দল' বলা হইয়াছে। প্রথমোক্ত দলও আবার দুই ভাগে বিভক্ত হইবে ; প্রথম যুগের সংলোক ও শেষ যুগের সংলোক।

وَالسّٰبِقُوْنَ السّٰبِقُوْنَ ۙ اُولٰٓئِكَ الْمُقَرَّبُوْنَ ۚ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ○

অছ্‌ছা-বেক্কুনাছ্‌ছা-বেক্কুন্; উলা—য়েকাল্ মোকার্‌রাবূনা; ফী- জান্নাতেন্‌নায়ীম্।

১০। যাহারা অগ্রগামী ছিল, তাহারাই অগ্রগামী থাকিবে। ১১। ইহারাই সন্নিকটবর্ত্তী; ১২। দান-সম্ভার সম্বলিত বেহেশ্‌ত-ভবনে থাকিবে।

ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ ۙ وَقَلِيْلٌ مِّنَ الْاٰخِرِيْنَ ۙ عَلٰى

সোল্লাতোম্ মিনাল্ আও্‌অলীনা; অ ক্কালীলোম্ মিনাল্ আ-খেরীন্; আলা-

১৩। প্রথম যুগের অন্তর্গত এক বৃহৎ দল; ১৪। এবং শেষ যুগের ক্ষুদ্র দল। ১৫। (তাহারা)

سُرُرٍ مَّوْضُوْنَةٍ ۙ مُّتَّكِـِٕيْنَ عَلَيْهَا مُتَقٰبِلِيْنَ ○

ছোরোরেম্ মাও্‌দ্বুনাতেম্; মোত্তাকেয়ীনা আলাইহা মোতাক্কা-বেলান্।

কারুকার্য্য খচিত কাষ্ঠাসনোপরি, ১৬। 'ঠেস' দিয়া মুখোমুখিভাবে উপবেশন করিবে।

يَطُوْفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ ۙ بِاَكْوَابٍ وَّاَبَارِيْقَ ۙ

ইয়্যা ত্বুফো আলাইহিম্ বেল্‌দানোম্ মোখাল্লাদূনা; বেআক্‌অ-বেও্ অ আবা-রীকা;

১৭। চির মুকুলিত-যৌবন বালকেরা তাহাদের আশে-পাশে ঘুরিয়া বেড়াইবে;—১৮। পানাধার ও পানপাত্র

وَكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ ۙ لَّا يُصَدَّعُوْنَ عَنْهَا وَلَا يُنْزِفُوْنَ ۙ

অকাছেম্ মিম্ মায়ীনেল্; লা- ইয়্যোছাদ্দায়ূনা আন্‌হা- অলা- ইয়্যোন্‌যেফূনা;

এবং নির্দ্দোষ সুরাপূর্ণ পিয়ালাসহ, ১৯। যাহাতে তাহারা শিরঃপীড়া ভোগ করিবে না অথবা তাহারা পানোন্মত্তায় আক্রান্ত হইবে না।

وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُوْنَ ۙ وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُوْنَ ۙ

অ ফাকেহাতেম্ মিম্মা ইয়্যাতাখাইয়্যারুনা; অলাহ্‌মে ত্বায়্‌রেম্ মিম্মা ইয়্যাশ্‌তাহূন্;

২০। এবং তাহাদের মনের মত ফলরাজিসহ (বালকেরা ঘুরিয়া বেড়াইবে); ২১। এবং পক্ষী-মাংস সহকারে—যাহার আকাঙ্ক্ষা তাহারা করিবে।

وَحُوْرٌ عِيْنٌ ۙ كَاَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُوْنِ ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا

অ হূরোন্ য়ীনোন্; কাআম্‌সালেল্ লূলুয়েল্ মাক্‌নূনে; জ্বাযা—আম্ বেমা- কা-নূ

২২। এবং এরূপ সুলোচনা সুন্দরীগণ—২৩। যাহারা উহার (মুক্তার) আধারে রক্ষিত মুক্ত-সদৃশ। ২৪। ইহা তাহাদের

يَعْمَلُوْنَ ○ لَا يَسْمَعُوْنَ فِيْهَا لَغْوًا وَّلَا تَاْثِيْمًا ۙ اِلَّا قِيْلًا

ইয়্যা-মালূন্। লা- ইয়্যাছ্ মায়ূনা ফী-হা লাগ্‌অও্ অলা- তাসীমান্; ইল্লা- ক্বীলান্

কৃতকর্ম্মের প্রতিদান। ২৫। তাহারা তথায় অর্থহীন বিরক্তিকর অথবা ভদ্রতা-বহির্ভূত কোন কথাই শ্রবণ করিবে না;—২৬। শান্তি-

سَلٰمًا سَلٰمًا ۝ وَاَصْحٰبُ الْيَمِيْنِ ۵ مَآ اَصْحٰبُ الْيَمِيْنِ ۵

ছালা-মান্ ছালা-মা। অ আছ্‌হা-বোল্ ইয়্যামীনে; মা-- আছ্‌হা-বোল্ ইয়্যামীন্;
দায়ক 'শান্তি-বাণী' ব্যতীত। ২৭। আর দক্ষিণ পার্শ্বস্থিত দল; দক্ষিণ পার্শ্বস্থিত দল কি (উৎকৃষ্ট)!

فِيْ سِدْرٍ مَّخْضُوْدٍ ۵ وَّطَلْحٍ مَّنْضُوْدٍ ۵ وَّظِلٍّ مَّمْدُوْدٍ ۵ وَّمَآءٍ

ফী ছেদ্‌রেম্ মাখ্‌দূদেঙ্‌; অ ত্বাল্‌হেম্ মান্‌দূদেঙ্‌; অজিল্লেম্ মাম্‌দূদেঙ্‌; অমা—য়েম্
২৮। তাহারা কণ্টকহীন কুলবৃক্ষ মধ্যে; ২৯। এবং সারিবদ্ধ কদলী-তরু মধ্যে; ৩০। এবং সুবিস্তৃত ছায়ায়; ৩১। এবং ঝরণা-প্রবাহিত

مَّسْكُوْبٍ ۵ وَّفَاكِهَةٍ كَثِيْرَةٍ ۵ لَّا مَقْطُوْعَةٍ وَّلَا مَمْنُوْعَةٍ ۵

মাছ্‌কূবেঙ্‌ অফা-কেহাতেন্ কাসিরাতিল্; লা- মাক্‌ত্বূআতেঙ অলা- মাম্‌নূআতেঙ্‌;
সলিল ধারায়; ৩২। এবং অগণিত ফলরাজি মধ্যে (অবস্থান করিবে); ৩৩। সেগুলি নিঃশেষিত হইবে না এবং সেগুলিতে নিষেধাজ্ঞাও নাই।

وَّفُرُشٍ مَّرْفُوْعَةٍ ۵ اِنَّآ اَنْشَاْنٰهُنَّ اِنْشَآءً ۵ فَجَعَلْنٰهُنَّ

অ ফোরোশেম্ মার্‌ফআহ্; ইন্না-- আন্‌শানাহুন্না এন্‌শা—আন্; ফাজাআল্‌না-হুন্না
৩৪। এবং উচ্চ রচিত শয্যায়। ৩৫। ইহা সুনিশ্চিত যে, আমি তাহাদিগকে (সুন্দরীগণকে) এক অপূর্ব্ব সৃজনে সৃজন করিয়াছি; ৩৬। অতঃপর আমি তাহাদিগকে

اَبْكَارًا ۵ عُرُبًا اَتْرَابًا ۵ لِّاَصْحٰبِ الْيَمِيْنِ ۵ ثُلَّةٌ

আব্‌কারা; ওরোবান্ আৎরাবাল্; লে আছ্‌হা-বেল্ ইয়্যামীন্। ع সোল্লাতোম্
চিরকুমারী করিয়া রাখিয়াছি। ৩৭। তাহাদিগকে মনোমোহিনী ও সম-বয়স্কা করিয়া রাখিয়াছি। ৩৮। (ইহারাই) দক্ষিণ পার্শ্বস্থিত দলের জন্যই। ৩৯। (এই দলের) প্রথম যুগের

ع ১৪ / ৭ / ২কু

مِّنَ الْاَوَّلِيْنَ ۵ وَثُلَّةٌ مِّنَ الْاٰخِرِيْنَ ۵ وَاَصْحٰبُ الشِّمَالِ ۵

মিনাল্ আওঅলী না; অ সোল্লাতোম্ মিনাল্ আ-খেরীন্; অ আছ্‌হা-বোশ্ শেমা-লে;
এক দল; ৪০। এবং শেষ যুগেরও এক দল। ৪১। এবং বাম পার্শ্বস্থিত দল;

مَآ اَصْحٰبُ الشِّمَالِ ۵ فِيْ سَمُوْمٍ وَّحَمِيْمٍ ۵ وَّظِلٍّ مِّنْ يَّحْمُوْمٍ ۵

মা-- আছ্‌হা-বোশ্ শেমাল্; ফী ছামূমেঙ্ অ হামীমেঙ; অজিল্লেন্ মেঁই ইয়্যাহ্‌মূমেল্,
বাম পার্শ্বস্থিত দল কি (নিকৃষ্ট)! ৪২। তাহারা চরম উষ্ণ বায়ু ও ফুটন্ত পানীতে থাকিবে। ৪৩। এবং কৃষ্ণবর্ণ ধূম্রযুক্ত ছায়ায়;—

لَّا بَارِدٍ وَّلَا كَرِيْمٍ ۝ اِنَّهُمْ كَانُوْا قَبْلَ ذٰلِكَ مُتْرَفِيْنَ ۵ وَكَانُوْا

লা- বা-রেদেঙ্ অলা- কারীম্। ইন্নাহুম্ কা-নূ কাব্‌লা জা-লেকা মোত্‌রাফীন্; অ কা-নূ
৪৪। যাহাতে স্নিগ্ধতা নাই এবং স্বস্তিজনকও নহে। ৪৫। কেননা তাহারা ইতিপূর্ব্বে ধনৈশ্বর্য্যে লালিত-পালিত হইয়াছিল। ৪৬। আরও তাহারা

يُصِرُّوْنَ عَلَى الْحِنْثِ الْعَظِيْمِ ۚ وَكَانُوْا يَقُوْلُوْنَ ۙ اَئِذَا مِتْنَا

ইয়োছেরু্না আলাল্ হেন্‌সেল্ আজীম্; অ কা-নূ ইয়্যাকুলূনা; আএজা মেৎনা-

অমার্জ্জনীয় মহা অপরাধ (শেরেক) করিতে অত্যুৎসুক (জেদকারী) ছিল। ৪৭। এবং তাহারা বলিত—যখন আমরা মৃত্যু-মুখে

وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ۙ اَوَاٰبَآؤُنَا

অ কোন্না তোরাবাঙ্ অ এজা-মান্ আ ইন্না লামাব্‌য়ুসূনা; আ অ আ-বা—য়োনাল্

পতিত হইব এবং মৃত্তিকা ও অস্থিপুঞ্জে পরিণত হইয়া যাইব, তখন কি পুনরায় আমরা উত্থিত হইব?—৪৮। অথবা আমাদের পূর্ব্ববর্ত্তী পিতৃ-

الْاَوَّلُوْنَ ۝ قُلْ اِنَّ الْاَوَّلِيْنَ وَالْاٰخِرِيْنَ ۙ لَمَجْمُوْعُوْنَ ۙ اِلٰى

আও্অলূন্? কোল্ ইন্নাল্ আও্অলীনা অল্ আ-খেরীন্; লা- মাজ্‌মূয়ূনা; এলা-

পিতামহগণও? ৪৯। তুমি বল—ইহা সুনিশ্চিত যে, পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তীগণ; ৫০।—সকলেই সেই সুপরিজ্ঞাত

مِيْقَاتِ يَوْمٍ مَّعْلُوْمٍ ۝ ثُمَّ اِنَّكُمْ اَيُّهَا الضَّآلُّوْنَ الْمُكَذِّبُوْنَ ۙ

মীকাতে ইয়াও্মেম্ মা'লূম্। সুম্মা ইন্নাকুম্ আইয়োহা্দ্‌দাল্লু—নাল্ মোকাজ্‌জেবূন;

দিবসকালে একত্রিত হইবে। ৫২। পুনরায় হে বিভ্রান্ত, মিথ্যা আরোপকারীরা!

لَاٰكِلُوْنَ مِنْ شَجَرٍ مِّنْ زَقُّوْمٍ ۙ فَمَالِـُٔوْنَ مِنْهَا الْبُطُوْنَ ۚ

লা- আকেলূনা মিন্ শাজারেম্ মিন্ যাক্‌কুমেন্; ফামা-লেয়ূনা মিন্‌হাল্ বোত্বূন্;

৫২। অবশ্যই তোমাদিগকে 'জক্কুম্' বৃক্ষ খাইতে হইবে। অতঃপর উহাতেই উদরসমূহ পূর্ণ করিতে হইবে।

فَشٰرِبُوْنَ عَلَيْهِ مِنَ الْحَمِيْمِ ۚ فَشٰرِبُوْنَ شُرْبَ الْهِيْمِ ۙ هٰذَا

ফাশা-রেবুনা আলাইহে মিনাল্ হামীম্; ফাশা-রেবুনা শোর্‌বাল্ হীম্; হা-জা-

৫৪। তার পরেপরেই ফুটন্ত পানী পান করিতে হইবে। ৫৫। বস্তুতঃ (তোমাদিগকে) পীপাসার্ত্ত উষ্ট্রের ন্যায় পান করিতে হইবে। ৫৬। প্রতিফল দিবসে

نُزُلُهُمْ يَوْمَ الدِّيْنِ ۙ نَحْنُ خَلَقْنٰكُمْ فَلَوْلَا تُصَدِّقُوْنَ ۝

নোযোলোহুম্ ইয়াও্মাদ্দীন্; নাহ্‌নো খালাক্‌না-কুম্ ফালাওলা- তোছাদ্দেকূন্।

ইহাই তাহাদের (উপযুক্ত) আতিথেয়তা। ৫৭। আমিই তোমাদিগকে সৃষ্টি করিয়াছি, অতএব কেন তোমরা ইহা সত্য বলিয়া গ্রহণ করিতেছ না?

أَفَرَءَيْتُم مَّا تُمْنُونَ ۝ ءَأَنتُمْ تَخْلُقُونَهُۥٓ أَمْ نَحْنُ

আফারাআয়্তুম্ মা- তোম্নূন্ ? আ আন্তুম্ তাখ্লোকু--নোহূ আম্ নাহ্নোল্

৫৮। আচ্ছা, তোমরা কি (জরায়ুতে) বীর্য্যপাত সম্বন্ধে লক্ষ্য করিয়াছ ? ৫৯। তবে কি তোমরা উহা (ভ্রূণ) সৃষ্টি কর অথবা আমি

ٱلْخَٰلِقُونَ ۝ نَحْنُ قَدَّرْنَا بَيْنَكُمُ ٱلْمَوْتَ وَمَا نَحْنُ بِمَسْبُوقِينَ ۝

খা-লেকূন্ ? নাহ্নো কাদ্দার্না বায়্নাকুমোল্ মাও্তা অমা- নাহ্নো বেমাছ্বুকীন্ ;

উহার স্রষ্টা ? ৬০। আমিই তোমাদের মধ্যে মৃত্যু নির্দ্ধারিত করিয়া দিয়াছি এবং আমি আদৌ সামর্থ্যহীন নহি—

عَلَىٰٓ أَن نُّبَدِّلَ أَمْثَٰلَكُمْ وَنُنشِئَكُمْ فِى مَا لَا تَعْلَمُونَ ۝

আলা-- আন্ নোবাদ্দেলা আম্সা-লাকুম্ অ নোন্শেআকুম্ ফী মা-লা- তা'-লামূন্।

৬১। এই ব্যাপারে যে, আমি তোমাদের আকৃতি পরিবর্ত্তন করিয়া দিতে পারি এবং এরূপ (অন্য) আকৃতিতে তোমাদিগকে সৃষ্টি করিতে পারি—যাহা তোমরা আদৌ অবগত নহ।

وَلَقَدْ عَلِمْتُمُ ٱلنَّشْأَةَ ٱلْأُولَىٰ فَلَوْلَا تَذَكَّرُونَ ۝ أَفَرَ

অলাকাদ্ আলেম্ তুমোন্ নাশ্আতাল্ উলা ফালাও্লা- তাজাক্কারূন্ ? আফারা

৬২। তোমরা ত প্রথমবারের সৃষ্টি ভালরূপ অবগত আছ, তবে কেন তোমরা হৃদয়ঙ্গম করিতেছ না ? ৬৩। আচ্ছা, তোমরা

ءَيْتُم مَّا تَحْرُثُونَ ۝ ءَأَنتُمْ تَزْرَعُونَهُۥٓ أَمْ نَحْنُ ٱلزَّٰرِعُونَ ۝

আয়্তুম্ মা- তাহ্রোসূন্ ? আ-আন্তুম্ তায্রায়ূনাহূ-- আম্ নাহ্নোয্ যা-রেয়ূন্ ?

যাহা বপন কর, তৎ-সম্বন্ধে তোমরা কি লক্ষ্য করিয়াছ ? ৬৪। তোমরা কি উহা উদ্গত কর অথবা আমি উৎপন্ন করি ?

لَوْ نَشَآءُ لَجَعَلْنَٰهُ حُطَٰمًا فَظَلْتُمْ تَفَكَّهُونَ ۝ إِنَّا

লাও নাশা—য়ো লাজ্আল্না-হু হোত্বামান্ ফাজ্বাল্তুম্ তাফাক্কাহূন্। ইন্না-

৬৫। যদি আমি ইচ্ছা করি, তবে ইহা সুনিশ্চিত যে, আমি উহাকে চূর্ণ বিচূর্ণ করিব, তখন তোমরা কেবল কথার সৃষ্টি করিতে থাকিবে ;—৬৬। সত্যসত্যই

لَمُغْرَمُونَ ۝ بَلْ نَحْنُ مَحْرُومُونَ ۝ أَفَرَءَيْتُمُ ٱلْمَآءَ ٱلَّذِى

লামোগ্র্রামূনা ; বাল্ নাহ্নো মাহ্রুমূন্। আফারা আয়্তুমোল্ মা—আল্লাজী

আমরা সর্ব্বস্ব হারাইয়াছি ; ৬৭। বরং আমরা ভাগ্যহীন হইলাম'। ৬৮। আচ্ছা, তোমরা কি তোমাদের পানীয় পানী

تَشْرَبُوْنَ ۞ ءَاَنْتُمْ اَنْزَلْتُمُوْهُ مِنَ الْمُزْنِ اَمْ نَحْنُ

তাশ্‌রাবূন্‌; আ আন্তম্‌ আন্‌যাল্‌তুমুহো মিনাল্‌ মোযনে আম্‌ নাহ্‌নোল্‌

সম্বন্ধে লক্ষ্য করিয়াছ? ৬৯। তোমরা কি উহা মেঘ হইতে অবতীর্ণ (বর্ষণ) করাও অথবা আমি অবতীর্ণ

الْمُنْزِلُوْنَ ۝ لَوْ نَشَآءُ جَعَلْنٰهُ اُجَاجًا فَلَوْلَا تَشْكُرُوْنَ ۝

মোন্‌যেলূন্‌? লাও্‌ নাশা—য়ো জ্বাআল্‌না-হো ওজা-জান্‌ ফালাও্‌লা- তাশ্‌কোরূন্‌?

করাই? ৭০। যদি আমি ইচ্ছা করি, তবে আমি উহাকে লবণাক্ত বিস্বাদ করিয়া দিতে পারি; তবুও কেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করিতেছ না?

اَفَرَءَيْتُمُ النَّارَ الَّتِيْ تُوْرُوْنَ ۞ ءَاَنْتُمْ اَنْشَاْتُمْ شَجَرَتَهَآ

আফারাআয়্‌তুমোন্‌ না-রাল্লাতী তুরূন্‌? আ আন্তম্‌ আন্‌শা'তুম্‌ শাজারাতাহা—

৭১। আচ্ছা, তোমরা কি অগ্নির প্রতি লক্ষ্য করিতেছ—যাহা তোমরা জ্বালাইয়া থাক? ৭২। আচ্ছা, তোমরা কি উহার বৃক্ষ

اَمْ نَحْنُ الْمُنْشِـُٔوْنَ ۝ نَحْنُ جَعَلْنٰهَا تَذْكِرَةً وَّمَتَاعًا

আম্‌ নাহ্‌নোল্‌ মোন্‌শেয়ূন্‌? নাহ্‌নো জ্বাআল্‌না-হা তাজ্‌কেরাতাঁও অ মাতাআল্‌

উদ্‌গত করিয়াছ অথবা আমি উহার সৃষ্টিকারী? ৭৩। আমিই ত উহাকে (মহিমার) স্মরণীয় এবং ভ্রমণকারীদের

لِّلْمُقْوِيْنَ ۞ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ۞ فَلَآ اُقْسِمُ

লিল্‌ মোক্‌বীন্‌। ফাছাব্বেহ্‌ বেছ্‌মে রাব্বেকাল্‌ আজীম্‌। ৫ ফালা-- ওক্‌ছেমো

জন্য কার্য্যোপযোগী করিয়াছি। ৭৪। অতএব তুমি তোমার প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর। ৭৫। অতঃপর আমি

بِمَوٰقِعِ النُّجُوْمِ ۞ وَاِنَّهٗ لَقَسَمٌ لَّوْ تَعْلَمُوْنَ عَظِيْمٌ ۞

বেমা অ—কেয়েন্‌ নোজ্বুম্‌; অ ইন্নাহু লাকাছামোল্‌ লাও্‌ তা'লামূনা আজীম্‌;

নক্ষত্ররাজির অস্তগমনের শপথ করিতেছি। ৭৬। এবং যদি তোমরা অবহিত হও, তবে (বুঝিতে পারিবে) নিশ্চয় ইহা গুরুত্বপূর্ণ শপথ।

৫ ২ রুকু الثلث

---

(৭২) আরব দেশস্থ অংশ্যে এরূপ বৃক্ষ পরিদৃষ্ট হয়—যাহার শাখা-প্রশাখা বায়ুভরে বা অন্য উপায়ে পরস্পর ঘর্ষিত হইলে উহা হইতে অগ্নির উদ্ভব হয়। উত্তর ভারতের হিমালয় অঞ্চলে ঐরূপ অগ্নি-উৎপাদক বাঁশও পরিলক্ষিত হয়। আল্লাহ্‌পাক আলোচ্য আয়তে সেই বিষয়ের উল্লেখ করিয়া বলিতেছেন যে, তোমরা কি ঐরূপ বৃক্ষ উৎপন্ন কর অথবা আমিই উহার স্রষ্টা? আমিইত স্বীয় মহিমার নিদর্শনরূপে ও রাত্রিতে পথভ্রান্ত পথিকের পথ নির্দ্দেশকরূপে এই অগ্নি-উৎপাদক বৃক্ষ সৃষ্টি করিয়াছি। পথিক ইহা দ্বারা আলো জ্বালিয়া স্বীয় গন্তব্য পথে চলিতে পারে।

—কোরানী ও মাদারেকুত্তানযীল।

إِنَّهُ لَقُرْآنٌ كَرِيمٌ ۙ فِي كِتَابٍ مَكْنُونٍ ۙ لَا يَمَسُّهُ

ইন্নাহু লাকোর্‌আ-নোন্ কারীমোন্; ফী কেতাবেম্ মাক্‌নুনেল্; লা- ইয়্যামাছ্‌ছোহু--

৭৭। নিশ্চয় ইহা মহাসম্মানযোগ্য কোরান; ৭৮। যাহা সংরক্ষিত গ্রন্থমধ্যে লিপিবদ্ধ রহিয়াছে। ৭৯। মলিণতা' মুক্ত (পবিত্র)গণ ব্যতীত

إِلَّا الْمُطَهَّرُونَ ۙ تَنْزِيلٌ مِنْ رَبِّ الْعَالَمِينَ ○ أَفَبِهَٰذَا الْحَدِيثِ

ইল্লাল্ মোতাহ্‌হারুন্। তান্‌যীলোম্ মের্‌রাব্বিল্ আলা-মীন্। আফাবেহা-জাল্ হাদীসে

কেহই উহা স্পর্শ করিতে পারে না। ৮০। বিশ্ব-সৃষ্টির প্রতিপালকের তরফ হইতে ইহা অবতারিত। ৮১। তবুও কি তোমরা

أَنْتُمْ مُدْهِنُونَ ۙ وَتَجْعَلُونَ رِزْقَكُمْ أَنَّكُمْ تُكَذِّبُونَ ○

আন্তুম্ মোদ্‌হেনূন্; অতাজ্‌আলুনা রেয্‌ক্বাকুম্ আন্নাকুম্ তোকাজ্‌জেবূন্।

এই বাক্যের ব্যাপারে অবজ্ঞা করিতেছ? ৮২। এবং মিথ্যারোপ করাকেই তোমরা নিজেদের (দৈনন্দিন) উপজীবিকা বলিয়া গ্রহণ করিয়াছ?

فَلَوْلَا إِذَا بَلَغَتِ الْحُلْقُومَ ۙ وَأَنْتُمْ حِينَئِذٍ تَنْظُرُونَ ۙ

ফালাওলা-- এজা- বালাগাতিল্ হোল্‌কুম্; অ আন্তুম্ হীনায়েজেন্ তান্‌জোরুনা;

৮৩। অনন্তর যে সময় (প্রাণ) কণ্ঠাগত হয়, তখন কেন উহা রোধ কর না? ৮৪। বস্তুতঃ তোমরা কেবল তাকাইয়াই থাক

وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْكُمْ وَلَٰكِنْ لَا تُبْصِرُونَ ○ فَلَوْلَا

অনাহ্‌নো আক্‌রাবো এলাইহে মিন্‌কুম্ অলা কিল্ লা- তোব্‌ছেরুন্। ফালাও লা--

৮৫। এবং আমি তোমাদের অপেক্ষা তাহার নিকটতর, কিন্তু তোমরা দেখিতে পাও না। ৮৬। অতঃপর যদি তোমরা

إِنْ كُنْتُمْ غَيْرَ مَدِينِينَ ۙ تَرْجِعُونَهَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ ○ فَأَمَّا

ইন্ কোন্তুম্ গায়্‌রা মাদীনীনা; তার্‌জেয়ুনাহা- ইন্ কোন্তুম্ ছা-দেকীন্। ফা আম্মা--

কাহারও অজ্ঞাধীন না হও, তবে কেন উহা রোধ করিতে পার না? ৮৭। যদি তোমরা সত্যবাদী হও, তবে তোমরা উহা ফিরাইয়া আন। ৮৮। পক্ষান্তরে

إِنْ كَانَ مِنَ الْمُقَرَّبِينَ ۙ فَرَوْحٌ وَرَيْحَانٌ ۙ وَجَنَّتُ

ইন্ কা-না মিনাল্ মাক্বার্‌রাবীন্; ফারাওহোঙ্ অ রায়্‌হা-নোঙ; অ জান্নাতো

যদি সে নৈকট্যপ্রাপ্তদের অন্তর্গত হয়, ৮৯। তবে (তাহার জন্য) সুখ-স্বচ্ছন্দ্য ও দান-সম্ভারে পূর্ণ বেহেশ্‌ত-উদ্যান

نَعِيْمٍ ○ وَأَمَّا إِنْ كَانَ مِنْ أَصْحٰبِ الْيَمِيْنِ ۙ فَسَلٰمٌ لَّكَ

নায়ীম্। অ আম্মা—ইন্ কা-না মিন্ আছ্হা-বিল্ ইয়্যামীন্; ফাছালা-মোল্ লাকা

রহিয়াছে। ৯০। এবং যদি সে দক্ষিণপার্শ্বস্থ দিগের অন্তর্গত হয়; । ৯১। তবে (তাহাকে সম্ভাষণ করা হইবে—হে) দক্ষিণ পার্শ্বস্থ দলের অন্তর্গত !

مِنْ أَصْحٰبِ الْيَمِيْنِ ۙ وَأَمَّآ إِنْ كَانَ مِنَ الْمُكَذِّبِيْنَ

মিন্ আছ্হা-বিল্ ইয়্যামীন্। অ আম্মা—ইন্ কা-না—মিনাল্ মোকাজ্ জেবীনাদ্ব্

তোমার প্রতি সালাম—শান্তি বর্ষিত হউক। ৯২। এবং যদি সে মিথ্যারোপকারী বিভ্রান্তদের

الضَّآلِّيْنَ ۙ فَنُزُلٌ مِّنْ حَمِيْمٍ ۙ وَّتَصْلِيَةُ جَحِيْمٍ ○ إِنَّ

দ্বা—ল্লীন্; ফানোযোলোম্ মিন্ হামীমেঙ, অ তাছ্লিয়্যাতো জ্বাহীম। ইন্না-

অন্তর্গত হয়; । ৯৩। তবে তাহার জন্য অতিথি-সেবা হইবে ফুটন্ত পানী; । ৯৪। এবং দোযখাগ্নিতে প্রবেশ দ্বারা। ৯৫। নিঃসন্দেহে

هٰذَا لَهُوَ حَقُّ الْيَقِيْنِ ۚ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيْمِ ۚ

হা-জা লাহুঅ হাক্কোল্ ইয়্যাকীন্; ফাছাব্বেহ্ বেছ্মে রাব্বেকাল্ আজীম। ৫

ইহাই পরিপূর্ণ সত্য সঞ্জাত বিশ্বাস। ৯৬। অতএব তুমি তোমার প্রতিপালকের নামের পবিত্রতা ঘোষণা কর।

৫ ৯/৩ রুকু

৫৭শ ছুরা—আল্ হাদীদ. মক্কায় অবতীর্ণ হয়।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○ বিছ্মিল্লা-হির্রাহ্মা-নির্রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ৪ রুকু ও ২৯ আয়ত।

سَبَّحَ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○

ছাব্বাহা লিল্লাহে মা-ফিছ্ ছামা-অ-তে অল্ আর্দ্বে; অহুঅল্ আযীযোল্ হাকীম্।

১। দ্যু-লোক-ভূলোকে যাহা কিছু আছে—তৎ-সমস্তই আল্লা'র পবিত্রতা ঘোষণা করিতেছে; এবং তিনি বিক্রমশালী মহা বিজ্ঞানময়।

لَهُ مُلْكُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ يُحْيِي وَيُمِيْتُ ۚ وَهُوَ

লাহু মোল্কোছ্ ছামা—অ-তে-অল্ আর্দ্বে; ইয়্যোহ্য়ী অ ইয়্যোমীতো; অহুঅ

২। দ্যুলোক-ভূলোকের রাজাধিপত্য একমাত্র তাঁহারই, তিনিই জীবিত রাখেন এবং মৃত্যু ঘটান এবং তিনি

عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ○ هُوَ الْاَوَّلُ وَالْاٰخِرُ وَالظَّاهِرُ وَ

আলা- কুল্লে শাইয়্যেন্ কাদীর্। হুঅল্ আও্অলো অল্ আ-খেরো অজ্জাহেরো অল্

সকল বিষয়ের উপর শক্তিধর। ৩। তিনিই প্রথম ও শেষ এবং সুপ্রকাশ ও

الْبَاطِنُ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ○ هُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ

বা-ত্বেন্; অহুঅ বেকুল্লে শাইয়্যেন্ আলীম্। হুঅল্লাজী খালাকাছ্ ছামা-অ-তে

দৃষ্টি বহির্ভূত এবং তিনি প্রত্যেক বিষয়ে মহাজ্ঞানী। ৪। তিনি ছয় দিবসে দ্যুলোক ও ভূলোক

وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ط يَعْلَمُ

অল্ আর্দ্বা ফী ছেত্তাতে আইয়্যামেন্ সুম্মাছ্ তাঅ- আলাল্ আর্শ; ইয়্যালামো

সৃষ্টি করিয়াছেন, তারপর তিনি সিংহাসনে (আধিপত্যে) প্রতিষ্ঠিত হইয়াছেন; ভূলোকাভ্যন্তরে

مَا يَلِجُ فِي الْاَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ

মা- ইয়্যালেজো ফিল্ আর্দ্বে অমা- ইয়্যাখ্রেজো মিনহা- অমা- ইয়্যান্যেলো

যাহা প্রবিষ্ট হয় এবং উহা হইতে যাহা উদ্গত হয়, এবং দ্যুলোক হইতে

مِنَ السَّمَاءِ وَمَا يَعْرُجُ فِيْهَا ط وَهُوَ مَعَكُمْ اَيْنَ مَا كُنْتُمْ ط

মিনাছ্ছামা—য়ে অমা- ইয়্যা'রোজো ফীহা-; অহুঅ মাআ-কুম্ আইনা- মা- কোন্তুম্;

যাহা অবতীর্ণ এবং তন্মধ্যে যাহা অধিরোহণ করে—তৎসমুদয় তিনি পরিজ্ঞাত আছেন; এবং তোমরা যেখানেই থাক, তিনি তোমাদের সঙ্গে আছেন;

وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ○ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ط

অল্লা-হো বেমা- তা'মালুনা বাছীর্। লাহূ মোল্কোছ্ ছামা-অ-তে অল্ আর্দ্বে;

আর তোমরা যাহা কর তিনি তাহা প্রত্যক্ষকারী। ৫। দ্যুলোক ও ভূলোক তাঁহারই রাজাধিপত্য

وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ○ يُوْلِجُ الَّيْلَ فِي النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ

অ এলাল্লা-হে তোর্জ্বাউল্ ওমুর্। ইউলেজুল্লায়্লা ফিন্নাহা-রে অ ইউলেজুন্নাহা-রা

এবং আল্লা'রই দিকে সমূহ বিষয় প্রত্যাবর্ত্তিত হইয়া থাকে। ৬। তিনিই রাত্রিকে দিবসে প্রবিষ্ট করান এবং

فِي الَّيْلِ ط وَهُوَ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ○ اٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ

ফিল্ লায়্লে; অহুঅ আলীমোম্ বেজাতেছ্ ছোদূর্। আ-মেনু বিল্লা-হে অ রাছুলেহী-

দিবসকে রাত্রিতে প্রবিষ্ট করান এবং তিনি অন্তর সমূহের বিষয় খুব পরিজ্ঞাত আছেন। ৭। তোমরা আল্লাহ্ ও তাঁহার রছুলের প্রতি বিশ্বাস স্থাপন কর

وَأَنْفِقُوا مِمَّا جَعَلَكُمْ مُسْتَخْلَفِينَ فِيهِ ۖ فَالَّذِينَ آمَنُوا مِنْكُمْ

অ আন্‌ফেকূ মিম্মা জাআলাকুম্ মোছ্‌তাখ্‌লাফীনা- ফীহ্; ফাল্লাজীনা আ-মানূ মিন্‌কুম্
এবং তোমরা তন্মধ্য হইতে ব্যয় কর যাহাতে তিনি তোমাদিগকে উত্তরাধিকারী করিয়াছেন; বস্তুতঃ তোমাদের মধ্য হইতে যাহারা

وَأَنْفَقُوا لَهُمْ أَجْرٌ كَبِيرٌ ۝ وَمَا لَكُمْ لَا تُؤْمِنُونَ بِاللَّهِ ۚ

অ আন্‌ফাকূ লাহুম্ আজ্‌রোন্ কাবীর্। অমা- লাকুম্ লা- তুমেনূনা বিল্লাহ্ -
বিশ্বাস স্থাপন করিল এবং ব্যয়ও করিল তাহাদের জন্য বৃহত্তর প্রতিদান রহিয়াছে। ৮। তোমাদের কি হইল যে, তোমরা আল্লা'র প্রতি বিশ্বাসস্থাপন করিতেছ না?

وَالرَّسُولُ يَدْعُوكُمْ لِتُؤْمِنُوا بِرَبِّكُمْ وَقَدْ أَخَذَ مِيثَاقَكُمْ إِنْ كُنْتُمْ

অর্‌রাছুলো ইয়াদ্‌য়ুকুম্ লেতুমেনূ বেরাব্বেকুম্ অকাদ্ আখাজা মীসা-ক্বাকুম্ ইন্ কোন্তুম্
বস্তুতঃ রসুল তোমাদিগকে তোমাদের প্রতিপালকের প্রতি বিশ্বাস স্থাপন করিতে আহ্বান করিতেছেন; এবং নিশ্চয় তিনি তোমাদের নিকট হইতে প্রতিশ্রুতিও গ্রহণ করিয়াছেন; যদি তোমরা

مُؤْمِنِينَ ۝ هُوَ الَّذِي يُنَزِّلُ عَلَىٰ عَبْدِهِ آيَاتٍ بَيِّنَاتٍ

মূমেনীন্। হুঅল্লাজী ইয়োনায্‌যেলো অলা- আব্‌দেহী— আ-য়্যাতেম্ বাইয়েনাতেল্
বিশ্বাসস্থাপনকারী হও। ৯। তিনিই স্বীয় আজ্ঞাবহের প্রতি এরূপ সুস্পষ্ট নিদর্শন সমূহ অবতীর্ণ করেন—

لِيُخْرِجَكُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ ۚ وَإِنَّ اللَّهَ بِكُمْ

লেইয়োখ্‌রেজাকুম্ মিনাজ্ জোলোমা-তে এলান্নূর্। অইন্নাল্লা-হা বেকুম্
যদ্দারা সে তোমাদিগকে অন্ধকার হইতে আলোকের দিকে বহির্গত করে; এবং নিশ্চয় আল্লাহ্ তোমাদের প্রতি

لَرَءُوفٌ رَحِيمٌ ۝ وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ

লারাউফোর্‌রাহীম্। অমা- লাকুম্ আল্‌-লা- তোন্‌ফেকূ ফী ছাবীলেল্লা-হে অলিল্লা-হে
সদয় করুণাময়। ১০। তোমাদের কি হইল যে, তোমরা আল্লা'র পথে ব্যয় করিবেনা? বস্তুতঃ আল্লা'র জন্যই

مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ لَا يَسْتَوِي مِنْكُمْ مَنْ أَنْفَقَ مِنْ

মীরাসোছ্ ছামা-অ-তে অল্ আর্‌দ্বে; লা- ইয়াছ্‌তাবী মিন্‌কুম্ মান্ আন্‌ফাকা মিন্
দ্যুলোক ভূলোকের উত্তরাধিকারীত্ব; তোমাদের মধ্যে কেহই তাহার সমতুল্য নহ—যে (মক্কা) বিজয়লাভের

قَبْلِ الْفَتْحِ وَقَاتَلَ ۚ أُولَٰئِكَ أَعْظَمُ دَرَجَةً مِنَ الَّذِينَ

কাব্‌লেল্ ফাৎহে অক্বা-তালা; উলা—য়েকা আ'জামো দারাজাতাম্ মিনাল্লাজীনা
পূর্ব্বে ব্যয় করিয়াছিল এবং জেহাদ করিয়াছিল, তাহারাই উহাদের অপেক্ষা উন্নত মর্য্যাদাসম্পন্ন—

اَنْفَقُوْا مِنْ بَعْدُ وَقَاتَلُوْا ۭ وَكُلًّا وَّعَدَ اللّٰهُ الْحُسْنٰى ۭ وَاللّٰهُ

আন্‌ফাকু মিম্ বা'দো অ কা-তালূ; অকুল্লাও্ অ আদাল্লাহোল্ হোছ্‌না; অল্লা-হো
যাহারা পরে ব্যয় করিয়াছে এবং জেহাদ করিয়াছে; এবং আল্লা সকলকে উত্তম প্রতিশ্রুতি দিয়াছেন; এবং তোমরা

بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ۞ مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا

বেমা- তা'মালূনা খাবীর্। ৪ মান্‌জাল্লাজী ইয়োক্‌রেদ্বুল্লা-হা কার্‌দ্বান্ হাছানান্
যাহা কর আল্লা তদ্বিষয়ে খুবই সতর্ক। ১১। অতঃপর কে আছে এমন—যে সন্তুষ্টচিত্তে আল্লা'কে ঋণদান করিবে?—

৪
১৭
৯
রুকু

فَيُضٰعِفَهٗ لَهٗ وَلَهٗٓ اَجْرٌ كَرِيْمٌ ۞ يَوْمَ تَرَى الْمُؤْمِنِيْنَ

ফাইয়োদায়েফাহূ লাহূ অলাহূ— আজ্‌রোন্ কারীম্। ইয়্যাও্মা তারাল্ মু'মেনীনা-
বস্তুতঃ তিনি উহার জন্য দ্বিগুণিত করিবেন আরও তাহার জন্য সম্মানজনক পুরস্কার রহিয়াছে। ১২। সে দিন তুমি প্রত্যক্ষ করিবে যে, ধর্ম্ম-বিশ্বাসী নর ও

وَالْمُؤْمِنٰتِ يَسْعٰى نُوْرُهُمْ بَيْنَ اَيْدِيْهِمْ وَبِاَيْمَانِهِمْ

অল্ মু'মেনা-তে ইয়্যাছ্‌আ- নূরোহুম্ বায়্‌না আইদীহিম্ অ বেআয়্‌মানেহিম্
নারীদের সম্মুখে এবং তাহাদের দক্ষিণে তাহাদের জ্যোতি (উদ্ভাসিতাবস্থায়) গমনাগমন করিতে থাকিবে

بُشْرٰكُمُ الْيَوْمَ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ

বোশ্‌রাকুমোল্ ইয়্যাও্‌মা জান্নাতোন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তেহাল্ আন্‌হা-রো খা-লেদীনা
অদ্য তোমাদের জন্য সেই সুখদায়ক উদ্যানের সুসংবাদ—যাহার তলদেশে স্রোতস্বিনী সমূহ প্রবাহিত হইতেছে, তন্মধ্যে

فِيْهَا ۭ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ۞ يَوْمَ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ

ফীহা; জা-লেকা হুঅল্ ফাও্‌যোল্ আজীম্। ইয়্যাও্মা ইয়্যাকুলোল্ মোনা-ফেকূনা
(তোমরা) অনন্তকাল অবস্থান করিবে; ইহাই বিরাট সাফল্য। ১৩। সেদিন কপট বিশ্বাসী নর

وَالْمُنٰفِقٰتُ لِلَّذِيْنَ اٰمَنُوا انْظُرُوْنَا نَقْتَبِسْ مِنْ نُّوْرِكُمْ ۚ

অল্ মোনা-ফেকা-তো লিল্লাজীনা আ-মানূনজোরূনা- নাক্‌তাবেছ্ মিন্ নূরেকুম্,
নারিগণ ধর্ম্মবিশ্বাসীদিগকে বলিবে—তোমরা আমাদের জন্য একটু প্রতীক্ষা কর,—যেন আমরাও তোমাদের জ্যোতি হইতে আলোক গ্রহণ করিতে পারি;

قِيْلَ ارْجِعُوْا وَرَاۗءَكُمْ فَالْتَمِسُوْا نُوْرًا ۭ فَضُرِبَ بَيْنَهُمْ بِسُوْرٍ

কীলার্‌জেয়ূ অরা—আকুম্ ফাল্‌তামেছু নূরা; ফাদোরেবা বায়্‌নাহুম্ বেছুরেল্
(কিন্তু তাহাদিগকে) বলা হইবে—তোমরা পশ্চাতে ফিরিয়া যাও, তারপর জ্যোতি অনুসন্ধান কর; অতঃপর তাহাদের মধ্যে একটী প্রাচীর স্থাপিত হইবে—

لَّهُ بَابٌ ۗ بَاطِنُهُ فِيهِ الرَّحْمَةُ وَظَاهِرُهُ مِنْ قِبَلِهِ الْعَذَابُ ۞

লাহু বাব্‌; বা-ত্বেনোহু ফীহের্‌রাহ্‌মাতো অ জা-হেরোহু মিন্‌ কেবালেহিল্‌ আজা-ব্‌।
যাহা দ্বার সংযুক্ত হইবে— তাহার অন্তর্দ্দেশে করুণা এবং বহির্দ্দেশে শাস্তি থাকিবে।

يُنَادُونَهُمْ أَلَمْ نَكُنْ مَّعَكُمْ ۗ قَالُوا بَلَىٰ وَلَٰكِنَّكُمْ فَتَنتُمْ

ইয়্যোনাদূ নাহুম্‌ আলাম্‌ নাকুম্‌ মাআকুম্‌? ক্বালূ বালা- অলা- কেন্নাকুম্‌ ফাতান্‌তুম্‌
উহারা চিৎকার করিয়া তাহাদিগকে বলিবে—আমরা কি তোমাদের সঙ্গে ছিলাম না? তাহারা বলিবে—হাঁ- (অবশ্যই); কিন্তু তোমরা নিজেরাই নিজকে

أَنفُسَكُمْ وَتَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ الْأَمَانِيُّ حَتَّىٰ

আন্‌ফোছাকুম্‌ অ তারাব্বাছ্‌তুম্‌ অর্‌তাব্‌তুম্‌ অ গ্বার্‌রাৎ কুমোল্‌ আমা-নিয়্যো হাত্তা
বিপন্ন করিয়াছিলে এবং (আমাদের বিপদের প্রতীক্ষায়) কাল-ক্ষেপ করিয়াছিলে ও সন্দেহ পোষণ করিয়াছিলে এবং আল্লা'র নির্দ্দেশ (মৃত্যু) না আসা পর্য্যন্ত

جَاءَ أَمْرُ اللَّهِ وَغَرَّكُم بِاللَّهِ الْغَرُورُ ۞ فَالْيَوْمَ لَا يُؤْخَذُ

জা—আ আম্‌রোল্লা-হে অ গ্বার্‌রাকুম্‌ বিল্লাহিল্‌ গ্বারূর্‌। ফাল্‌ ইয়্যাওমা লা- ইউ্‌খাজো
তোমাদের অমূলক আশাই তোমাদিগকে প্রতারিত করিয়াছিল এবং প্রতারণাকারীরাও আল্লাহ্‌ সম্বন্ধে তোমাদিগকে প্রতারিত করিয়াছিল। ১৫। অতএব অদ্য তোমাদের নিকট হইতে

مِنكُمْ فِدْيَةٌ وَلَا مِنَ الَّذِينَ كَفَرُوا ۚ مَأْوَاكُمُ النَّارُ ۖ هِيَ

মিন্‌কুম্‌ ফেদ্‌ইয়্যাতোঙ্‌ অলা- মিনাল্লাজীনা কাফারূ; মাঅ-কুমোন্না-র্‌; হেয়া
কোন মুক্তি-পণ লওয়া হইবে না এবং ধর্ম্ম অমান্যকারিগণের নিকট হইতেও; দোযখাগ্নি-ই তোমাদের অবস্থান-স্থল, উহাই

مَوْلَاكُمْ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ۞ أَلَمْ يَأْنِ لِلَّذِينَ آمَنُوا أَن

মাও্‌লাকুম্‌; অবে'ছাল্‌ মাছীর্‌। আলাম্‌ ইয়্যা'নে লিল্লাজীনা আ-মানূ—আন্‌
তোমাদের আশ্রয়-কেন্দ্র এবং নিকৃষ্ট গন্তব্যস্থল! ১৬। তবে কি ধর্ম্মবিশ্বাসীদের জন্য সেই সময় নিকটবর্ত্তী হয় নাই যে,

تَخْشَعَ قُلُوبُهُمْ لِذِكْرِ اللَّهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ وَلَا يَكُونُوا

তাখ্‌শাআ কোলূবোহুম্‌ লেজিক্‌রিল্লা-হে অমা- নাযালা মিনাল্‌ হাক্ব্‌কে অলা ইয়্যাকূনূ
তাহাদের অন্তরসমূহ আল্লা'র স্মরণে এবং সত্য হইতে যাহা নাযেল হইয়াছে—তদ্বিষয়ে দ্রবীভূত হয় এবং পূর্ব্ববর্ত্তী

كَالَّذِينَ أُوتُوا الْكِتَابَ مِن قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْأَمَدُ فَقَسَتْ

কাল্লাজীনা উতুল্‌ কেতা-বা মিন্‌ কাব্‌লো ফাতালা আলাই্‌হিমোল্‌ আমাদো ফাকাছাৎ
গ্রন্থধারীদের সদৃশ না হয়, কেননা তাহাদের উপর দিয়া বহুযুগ অতীত হইয়াছে সুতরাং তাহাদের অন্তরসমূহ

قُلُوْبُهُمْ ۖ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ○ اِعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يُحْيِ

ক্বোলুবোহুম্ ; অ কাসীরোম্ মিন্‌হুম্ ফা-ছেকুন্। এ'লামূ — আন্নাল্লা-হা ইয়োহ্‌য়ীল্
কঠোর হইয়াছে ; এবং তাহাদের অধিকাংশই দুষ্কৃতিপরায়ণ। ১৭। তোমরা অবহিত হও যে, নিশ্চয় আল্লাহ্ পৃথিবীকে

الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ۖ قَدْ بَيَّنَّا لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ

আর্‌দ্বা বা'দা মাও্‌তেহা- ; ক্বাদ্ বাইয়্যান্না- লাকুমোল্ আ-য়্যা-তে লাআল্লাকুম্
উহার মৃত্যুর (রসহীন হওয়ার) পর সঞ্জীবিত (সরস) করিয়া থাকেন ; ইহা অবধারিত সত্য যে, আমি তোমাদের জন্য নিদর্শন সমূহ পুঙ্খানুপুঙ্খরূপে বর্ণনা করিয়াছি—যাহাতে

تَعْقِلُوْنَ ○ اِنَّ الْمُصَّدِّقِيْنَ وَالْمُصَّدِّقٰتِ وَاَقْرَضُوا اللّٰهَ قَرْضًا

তা'কেলুন্। ইন্নাল্ মোছাদ্দেক্বীনা অল্ মোছাদ্দেকাতে অ আক্ব্‌রাদূল্লা-হা ক্বার্‌দ্বান্
তোমরা হৃদয়ঙ্গম করিতে পার। ১৮। ইহা সুনিশ্চিত যে, সেই পুরুষ ও মহিলা—যাহারা দান করে, এবং সন্তুষ্টচিত্তে আল্লা'কে ঋণদান

حَسَنًا يُّضٰعَفُ لَهُمْ وَلَهُمْ اَجْرٌ كَرِيْمٌ ○ وَالَّذِيْنَ اٰمَنُوْا

হাছানাঁই ইয়োযাআফো লাহুম্ অলাহুম্ আজ্‌রোন্ কারীম্। অল্লাজীনা আ-মানূ
করে—তাহাদের জন্য দ্বিগুণিত করা হইবে ও তাহাদের জন্য গৌরব জনক প্রতিদান রহিয়াছে। ১৯। এবং যাহারা আল্লাহ্

بِاللّٰهِ وَرُسُلِهٖٓ اُولٰٓئِكَ هُمُ الصِّدِّيْقُوْنَ ۖ وَالشُّهَدَآءُ عِنْدَ

বিল্লা-হে অরোছোলেহী— উলা—য়েকা হুমোছ্ ছিদ্দীকুন্ ; অশ্‌শোহাদা—য়ো ইন্দা
ও তদীয় রসুলের প্রতি সুদৃঢ় আস্থা স্থাপন করিয়াছে, তাহারাই তাহাদের প্রতিপালক সন্নিধানে (সত্যকার) সত্যপরায়ণ ও (ধর্ম্মযুদ্ধে)

رَبِّهِمْ ۖ لَهُمْ اَجْرُهُمْ وَنُوْرُهُمْ ۖ وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا

রাব্বেহিম্ ; লাহুম্ আজ্‌রোহুম্ অনূরোহুম্ ; অল্লাজীনা কাফারু অ কাজ্‌জাবূ
আত্মদানকারী ; তাহাদের জন্য তাহাদের প্রতিদান ও তাহাদের জ্যোতি রহিয়াছে ; এবং যাহারা আমার নিদর্শনসমূহ অমান্য ও (উহার প্রতি)

بِاٰيٰتِنَآ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ع اِعْلَمُوْٓا اَنَّمَا

বেআ-য়্যা-তেনা—উলা—য়েকা আছ্‌হাবোল্ জাহীম্। ع এ'লামূ— আন্নামাল্
মিথ্যারোপ করিয়াছে—তাহারা দোজখবাসী হইবে। ২০। তোমরা অবহিত হও যে, এই পার্থিব জীবন

ع ১৭ — ২ রুকু

الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ وَّزِيْنَةٌ وَّتَفَاخُرٌۢ بَيْنَكُمْ

হায়্যা-তোদ্ দুন্‌য়্যা- লায়েবোঙ্ অ লাহ্‌বোঙ্ অ যীনাতোঙ্ অতাফা-খোরোম্ বায়্‌নাকুম্
ক্রীড়া, কৌতুক, মনোরম সাজ-সজ্জা, পরস্পর গর্ব্বপ্রদর্শন এবং ধনৈশ্বর্য্যে ও সন্তান-সন্ততিতে

وَتَكَاثُرٌ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ ۖ كَمَثَلِ غَيْثٍ أَعْجَبَ

অতাকা-সোরোন্ ফিল্ আম্-অ-লে অল্ আও্লা-দ্; কামাসালে গায়্সেন্ আ'জাবাল্

প্রাচুর্য্য-প্রয়াস ব্যতীত আর কিছুই নহে; ইহা বৃষ্টিধারা সদৃশ সব্জী উৎপন্ন কারীদের

الْكُفَّارَ نَبَاتُهُ ثُمَّ يَهِيجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ يَكُونُ

কোফ্ফারা নাবা-তোহূ সুম্মা ইয়্যাহী-জো ফাতারাহু মোছ্ফার্রান্ সুম্মা ইয়্যাকূনো

আনন্দ দেয়, তৎপর উহা বর্দ্ধিত হয়, তখন তুমি উহা সবুজ বর্ণ দেখিতে পাইবে; তৎপর উহা

حُطَامًا ۖ وَفِي الْآخِرَةِ عَذَابٌ شَدِيدٌ وَمَغْفِرَةٌ مِنَ اللَّهِ

হোত্বামা; অফিল্ আ-খেরাতে আজাবোন্ শাদীদোঙ্ অ মাগ্‌ফেরাতোম্ মিনাল্লা-হে

চূর্ণ বিচূর্ণ হইয়া যায়, এবং পরকালে কঠোর শাস্তি এবং আল্লা'র নিকট হইতে

وَرِضْوَانٌ ۚ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ ○ سَابِقُوا

অ রেদ্ব্‌ওয়ান্; অমাল্ হায়্যা-তোদ্ দুন্‌য়্যা — ইল্লা মাতায়োল্ গোরূর্। ছা-বেকু—

সন্তুষ্টি রহিয়াছে; এবং এই পার্থিব জীবন প্রতারণাপূর্ণ ব্যতীত নহে। ২১। তোমরা

إِلَىٰ مَغْفِرَةٍ مِنْ رَبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ السَّمَاءِ وَ

এলা- মাগ্‌ফেরাতেম্ মির্ রাব্বেকুম্ আজান্নাতেন্ আর্দ্বোহা- কাআর্দ্বেছ্ ছামা—য়ে অল্

তোমাদের প্রতিপালকের মার্জ্জনা ও সেই (সুখময়) বেহেশ্ত উদ্যানের দিকে (সর্ব্বাগে) দ্রুত অগ্রসর হও—যাহার প্রসারতা আকাশ ও পৃথিবীর মত

الْأَرْضِ ۙ أُعِدَّتْ لِلَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۚ ذَٰلِكَ

আর্দ্বে ওয়েদ্দাৎ লিল্লাজীনা আ-মানূ বিল্লা-হে অরোছোলেহ্; জা-লেকা

সম্প্রসারিত; ইহা আল্লাহ্ ও তদীয় রসুলের প্রতি বিশ্বাস স্থাপনকারীদের জন্য প্রস্তুত করা হইয়াছে; ইহা

فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ ۚ وَاللَّهُ ذُو الْفَضْلِ الْعَظِيمِ ○

ফাদ্ব্‌লোল্লা-হে ইউ্তীহে মাঁই ইয়্যাশা—য়ো; অল্লা-হো জুল্ ফাদ্ব্‌লিল্ আজীম্।

আল্লা'রই অনুগ্রহের দান তিনি যাহাকে ইচ্ছা উহা দান করেন, এবং আল্লাহ্ অতিশয় অনুগ্রহকারী।

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلَا فِي أَنْفُسِكُمْ إِلَّا فِي

মা— আছা-বা মিম্ মোছীবাতেন্ ফিল্ আর্দ্বে অলা ফী— আন্‌ফোছেকুম্ ইল্লা- ফী

এই পৃথিবীতে (সাধারণ ভাবে) অথবা তোমাদের (ব্যক্তিগত) নিজেদের মধ্যে যে বিপদ আপতিত হয়, আমি

كِتٰبٍ مِّنْ قَبْلِ اَنْ نَّبْرَاَهَا ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ۚ

কেতা-বেম্ মিন্ ক্বাব্‌লে আন্ নাব্‌রা আহা- ; ইন্না জা-লেকা আলাল্লা-হে ইয়্যাছীরোল্ ;

সৃষ্টি করিবার পূর্ব্বেই উহা (লওহ মহফুজে) লিপিবদ্ধ রহিয়াছে ; ইহা আল্লার পক্ষে অতি সহজ ;

لِّكَيْلَا تَاْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَاۤ اٰتٰىكُمْ ؕ

লেকায়্‌লা তা'ছাও আলা- মা- ফাতাকুম্ অলা- তাফ্‌রাহূ বেমা— আ-তা-কুম্ ;

২৩। ইহা (এই বর্ণনা) এই জন্য যে, যাহা তোমাদের হস্তচ্যুত হইয়াছে তজ্জন্য দুঃখ করিও না এবং তোমাদিগকে যাহা প্রদত্ত হইয়াছে তজ্জন্য উল্লসিতও হইও না ;

وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرِ ۙ نِ الَّذِيْنَ يَبْخَلُوْنَ

অল্লা হো লা- ইয়োহেব্বো কুল্লা মোখ্‌তা-লেন্ ফাখুরে ; নেল্লাজীনা ইয়্যাব্‌খালূনা

এবং আল্লাহ্ উল্লাস-ক্ষিপ্ত অহঙ্কারীকে ভাল বাসেন না। ২৪। যাহারা কৃপণতা করে এবং মানবগণকে কৃপণতা

وَيَاْمُرُوْنَ النَّاسَ بِالْبُخْلِ ؕ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ

অ ইয়্যা'মোরূনা-ন্নাছা বিল্ বোখ্‌লে ; অমাঁই ইয়্যাতাঅল্লা ফাইন্নাল্লা-হা হুঅল্

উদ্দীপক আদেশ করে ; যে বিমুখ হয় (হউক), নিশ্চয় আল্লাহ্ তো কাহারও মুখাপেক্ষী নহেন—

الْغَنِيُّ الْحَمِيْدُ ۝ لَقَدْ اَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنٰتِ

গ্বীনীয়্যোল্ হামীদ্। লাকাদ্ আর্‌ছাল্‌না- রোছো—লানা- বিল্ বাইয়্যেনা-তে

তিনি অভাব রহিত প্রশংসাভাজন। ২৫। নিশ্চয় আমি স্বীয় রসুলগণকে সুস্পষ্ট নিদর্শনাবলীসহ প্রেরণ করিয়াছি,

وَاَنْزَلْنَا مَعَهُمُ الْكِتٰبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسْطِ ۚ

অ আন্‌যাল্‌না— মাআহুমোল্ কেতা-বা অল্-মীযানা লেইয়্যাকুমান্না-ছো বিল্ কেছ্‌ত্বে ;

এবং তাঁহাদের সহিত কেতাব ও (ন্যায় বিচারের) তুলাদণ্ডও অবতীর্ণ করিয়াছি—যেন মানবগণ ন্যায়-বিচার প্রতিষ্ঠা করে ;

وَاَنْزَلْنَا الْحَدِيْدَ فِيْهِ بَاْسٌ شَدِيْدٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ

অ আন্‌যাল্‌নাল্ হাদীদা- ফীহে বা'ছোন্ শাদীদোঙ্ অমানা-ফেয়ো লিন্না-ছে

এবং লৌহ অবতীর্ণ (সৃষ্টি) করিয়াছি—যাহাতে কঠোর যুদ্ধের অস্ত্রাদি ও মানবগণের জন্য বিবিধ উপকার নিহিত রহিয়াছে

وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ وَرُسُلَهٗ بِالْغَيْبِ ؕ اِنَّ اللّٰهَ

অলে ইয়্যা'লামাল্লা-হো মাঁই ইয়্যান্‌ছোরোহূ অ রোছোলাহূ বিল্‌গায়্‌বে ; ইন্নাল্লা-হা

এবং যেন আল্লাহ্‌ জ্ঞাত হইতে পারেন—কে তাঁহাকে ও তদীয় রসুলগণকে না-দেখিয়া সাহায্য করে ; নিশ্চয় আল্লাহ্‌

قَوِيٌّ عَزِيْزٌ ۝ وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا وَّاِبْرٰهِيْمَ وَجَعَلْنَا

কাবীয়োন্‌ আযীয্‌। ৫ অলাকাদ্‌ আর্‌ছাল্‌না—নূহাঙ্‌ অ ইব্‌রাহীমা অজাআল্‌না

শক্তিধর ও পরাক্রমশালী। ২৬। এবং ইহা সুনিশ্চিত যে, আমি নূহ্‌ ও ইবরাহীমকে প্রেরণ করিলাম এবং

فِيْ ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمْ مُّهْتَدٍ ۚ وَكَثِيْرٌ

ফী জুরিয়্যাতেহেমান্‌ নোবু-অ-তা অল্‌ কেতা-বা ফামিন্‌হুম্‌ মোহ্‌তাদ্‌ ; অকাসীরোম্‌

তদুভয়ের বংশধরদের মধ্যে 'নবুঅত' ও কেতাব দান করিলাম ; বস্তুতঃ তাহাদের মধ্যে কিছু সংখ্যক সুপথ প্রাপ্ত হইল

مِّنْهُمْ فٰسِقُوْنَ ۝ ثُمَّ قَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِرُسُلِنَا

মিন্‌হুম্‌ ফা-ছেকূন্‌। সুম্মা কাফ্‌ফায়্‌না আলা— আ-সা-রেহিম্‌ বেরোছোলেনা-

এবং তাহাদের মধ্যে অধিক সংখ্যকই দুষ্কৃতিপরায়ণ হইল। ২৭। তারপর তাহাদের পদাঙ্ক অনুসরণ করিবার জন্য আমি আমার অন্যান্য রসুলগণকে প্রেরণ করিলাম,

وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۙ وَجَعَلْنَا

অ কাফ্‌ফায়্‌না- বেঈছাব্‌নে মার্‌য়্যামা অআতায়্‌নাহুল্‌ ইন্‌জীল্‌ ; অজাআল্‌না-

এবং আমি তাহাদের পশ্চাতে মরিয়ম- পুত্র ঈসাকে প্রেরণ করিলাম এবং তাহাকে ইঞ্জিল প্রদান করিলাম ; এবং যাহারা

فِيْ قُلُوْبِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ رَاْفَةً وَّرَحْمَةً ؕ وَرَهْبَانِيَّةَ

ফী কোলূবেল্লাজীনাত্তাবায়ূহো রাফাতাঙ্‌ অ রাহ্‌মাহ্‌ ; অ রাহ্‌বানীয়্যাতা

তাহার অনুগামী হইয়াছিল, আমি তাহাদের অন্তরে কোমলতা ও করুণার ভাব উদ্রিক্ত করিয়াছিলাম এবং তাহারা সংসার—বৈরাগ্য প্রথার

ࣙابْتَدَعُوْهَا مَا كَتَبْنٰهَا عَلَيْهِمْ اِلَّا ابْتِغَآءَ رِضْوَانِ اللّٰهِ فَمَا

নেব্‌তাদায়ূহা- মা- কাতাব্‌না-হা- আলাই্‌হিম্‌ ইল্লাব্‌তেগা—আ রেদ্‌অ-নিল্লা-হে ফামা-

প্রবর্ত্তন করিয়াছিল—যাহা আমি বিধি-বদ্ধ করি নাই, বরং তাহারা আল্লা'র সন্তুষ্টি লাভাশায় করিয়াছিল ; কিন্তু

৫ ১৯ ৩ রুকু

رَعَوْهَا حَقَّ رِعَايَتِهَا ۚ فَاٰتَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا مِنْهُمْ اَجْرَهُمْ ۚ

রাআও্হা- হাক্কা রেআয়্যাতেহা-, ফাআতায়্নাল্লাজীনা আ-মানু মিন্হুম্ আজ্র্রাহুম্ ;
তাহারা উহা যথাযথরূপে পালন করিতে পারে নাই, অতঃপর তাহাদের মধ্যে যাহারা ধর্ম্মবিশ্বাস স্থাপন করিয়াছিল আমি তাহাদিগকে তাহাদের প্রতিদান দিয়াছিলাম,

---

وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ○ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ

অকাসীরোম্ মিন্হুম্ ফা-ছেকুন্। ইয়্যা— আইয়্যোহাল্লাজীনা আ-মানুত্তাকুল্লা-হা
এবং তাহাদের অধিকাংশই দুষ্কৃতিপরায়ণ ছিল। ২৮। হে ধর্ম্মবিশ্বাসস্থাপনকারিগণ! তোমরা আল্লাহ কে ভয় কর

وَاٰمِنُوْا بِرَسُوْلِهٖ يُؤْتِكُمْ كِفْلَيْنِ مِنْ رَّحْمَتِهٖ وَيَجْعَلْ لَّكُمْ

অ আ-মেনূ বেরাছুলেহী- ইউ্তে'কুম্ কেফ্লায়্নে মির্'রাহ্মাতেহী- অ ইয়্যাজ্'আল্লাকুম্
এবং তাঁহার রছুলের প্রতি দৃঢ় আস্থা স্থাপন কর, তিনি তোমাদিগকে তাঁহার করুণা হইতে দ্বিগুণ (প্রতিদান) প্রদান করিবেন এবং তিনি তোমাদের জন্য

نُوْرًا تَمْشُوْنَ بِهٖ وَيَغْفِرْ لَكُمْ ۗ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۙ

নূরান্ তাম্শুনা- বিহী- অ ইয়্যাগ্ফের্ লাকুম্ ; আল্লা হে গাফুরোর্'রাহীমোল্ ;
এরূপ জ্যোতি স্থির করিয়া দিবেন—যদ্দারা তোমরা পথ অতিক্রম করিতে পার, এবং তিনি তোমাদিগকে ক্ষমা করিবেন, এবং আল্লাহ্ ক্ষমাকারী করুণাময়।

لِّئَلَّا يَعْلَمَ اَهْلُ الْكِتٰبِ اَلَّا يَقْدِرُوْنَ عَلٰى شَيْءٍ

লেআল্লা- ইয়্যা'লামা আহ্লোল্ কেতা-বে আল্লা- ইয়্যাক্দেরূনা আলা শাইয়্যেম্
২৯। যাহাতে কেতাবধারিগণ অবগত হইতে পারে যে, আল্লার অনুগ্রহের ব্যাপারে তাহারা

مِّنْ فَضْلِ اللّٰهِ وَاَنَّ الْفَضْلَ بِيَدِ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ۗ

মিন্ ফাদ্ব্লিল্লা-হে অ আন্নাল্ ফাদ্ব্লা বেইয়্যাদিল্লা-হে ইউ্তীহে মাঁই ইয়াশা—য়ো ;
(শক্তি প্রয়োগে) আদৌ সক্ষম নহে, এবং নিশ্চয় আল্লা'র হাতেই অনুগ্রহ—তিনি যাহাকে ইচ্ছা ইহা দান করেন ;

وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ○

অল্লা-হো জুল্ ফাদ্ব্লেল্ আজীম্। ৫
এবং আল্লাহ অতীব অনুগ্রহের অধিকারী।

৫
২০
৪
রুকু

সুচী-পত্র

বিষয়— পৃষ্ঠা